পিত্তকর, লালাস্রাবী এবং রজো-নিঃসারক ; অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

টিংচুরা জ্যালাপি, (Tincture of Jalap) জ্যালাপ চূর্ণ ২॥০ আড়াই আং, শোধিত সুরা ১ পাইন্ট। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ১ হইতে ২ ড্রাং। অন্যান্য বিরেচক সংযোগে প্রয়োগ কর্ত্তব্য। ক্রিয়া—জ্যালাপের ন্যায়।

টিংচুরা কালাডানি, (Tincture of Kaladana) কালাদানার অরিষ্ট। কালাদানার বীজ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ২ হইতে ৪ ড্র। অন্যান্য বিরেচকসহ প্রয়োগ কর্ত্তব্য। ক্রিয়া—বিরেচক ও কৃমিনাশক।

টিংচুরা কাইনো, (Tincture of Kino) কাইনো চূর্ণ ২ আং, শোধিত সুরা ১২ আং ; সপ্তাহ ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা—১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বিশুদ্ধ সংকোচক। সিঙ্কোনার সহিত প্রয়োগ করিলে সিংঙ্কোনার পর্য্যায়নিবারক শক্তি বৃদ্ধি করে।

টিংচুরা ক্রামিরি, (Tincture of Rhatany) কুট্টিত র‍্যাটিনি ২॥০ আড়াই আং, পারীক্ষিত সুরা ১ আং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা ১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বিশুদ্ধ ও প্রবল সঙ্কোচক।

টিংচুরা ল্যারিসিস, (Tincture of Larch) লার্চবার্ক স্থূল চূর্ণ ২।০ সোয়া দুই আং, শোধিত সুরা ১ পাইন্ট। পার্কোলেশনে প্রস্তুত। (মেঃ মেঃ দেখ।) মাত্রা—২০ হইতে ৩০ মিং। ক্রিয়া—উত্তেজক, মূত্রকারক ও অধিক মাত্রায় বমনকারক।

টিংচুরা ল্যাভেণ্ডিউলি কম্পোজিটা, (Compound Tincture of Lavender) কম্পাউণ্ড টীং অফ ল্যাভেণ্ডার। ল্যাভেণ্ডার পুষ্পকে চুয়াইয়া প্রস্তুত করা যায়। সদ্গন্ধের জন্য অন্যান্য ঔষধের সহিত ব্যবহার করা হয়। কর্পূরাদি মর্দ্দনে ব্যবহৃত হয়। মাত্রা—১ হইতে ৫ মিং।

টিংচুরা লেমনিস, (Tincture of Lemon-peel) টীং অফ লেমন্ পিল। জম্বীর ত্বকের অরিষ্ট। সরস জম্বীর ত্বক ২॥০ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাইন্ট, সপ্তাহ ভিজাইয়া ছাঁকিয়া লইবে ; পরে পাইন্ট সুরা দ্বারা পূর্ণ করিবে। মাত্রা—১ হইতে ২ ড্রাং।

ক্রিয়া—আগ্নেয় ও উত্তেজক। সঙ্কোচের জন্য অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হইয়া থাকে।

টিংচুরা লোবিলি ইথিরিয়া, (Etherial Tincture of Lobelia) ইথিরিয়েল টীং অফ লোবিলিয়া। কুট্টিত লোবিলিয়া ২॥০ আড়াই আং, স্পিরিট অফ ইথার ১ পাইণ্ট, সপ্তাহকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে; পরে স্পিরিট অফ ইথার দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—১০ মিং হইতে ১ ড্রাং। ক্রিয়া—অল্প মাত্রায় আক্ষেপ নিবারক, কফনিঃসারক এবং স্বেদজনক; অধিক মাত্রায়—বিরেচক, বমনকারক ও অবসাদক।

টিংচুরা লপুলাই, (Tincture of Hops) টীং অফ হপ। হপ ২॥০ আড়াই আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা—১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বলকারক, আগ্নেয়, নিদ্রাকারক ও বেদনা নিবারক এবং সঙ্কোচক। বিয়ার নামক আসব প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

টিংচুরা মর্হী, (Tincture of Myrrh) টিং অফ মর; গন্ধবোলের অরিষ্ট। গন্ধবোলের স্থূল চূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ১ পাং। পার্কোলেশন দ্বারা প্রস্তুত। মাত্রা—১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—উত্তেজক, আগ্নেয় ও বলকারক, কফনিঃসরেক ও রজঃনিঃসারক। অল্প মাত্রায়—ক্ষুধার উদ্রেক করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, শরীরে বল বিধান করে এবং অধিক শ্লেষ্মা নিঃসরণ হ্রাস করে; অধিক মাত্রায়—পাকাশয়ে উগ্রতা ও প্রদাহ জন্মায়; স্থানিক প্রয়োগে—সঙ্কোচক ও উত্তেজক।

টিংচুরা নিউসিস্ ভমিসি, (Tincture of Nux-Vomica) টীং অফ নক্স-ভমিকা, কুচিলার অরিষ্ট। কুচিলা চূর্ণ ২ আং, শোধিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—২ হইতে ১০ মিং। ক্রিয়া—অল্প মাত্রায় বলকারক, আগ্নেয় ও কামোদ্দীপক। অধিক মাত্রায়—বিষক্রিয়া দ্বারা প্রাণ নষ্ট করে।

টিংচুরা ওপিয়াই, (Tincture of opium) টীং অফ ওপিয়ম। অহিফেণারিষ্ট। অহিফেণ স্থূল চূর্ণ ১॥০ দেড় আং, পরীক্ষিত সুরা ১ পাং। সপ্তাহকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে, এবং পরীক্ষিত সুরা দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে

মাত্রা—৫ হইতে ৪০ মিং। ক্রিয়া—মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, স্পর্শহারক, ধারক,স্বেদজনক, পর্য্যায়-নিবারক। অল্প মাত্রায়—উত্তেজক। অধিক মাত্রায়—বিষক্রিয়া দ্বারা জীবন নষ্ট করে।

টিংচুরা য়্যামোনিয়েটা, (Ammoniated Tincture of Opium) য়্যামোনিয়েটেড টীং অফ ওপিয়ম। অহিফেণ চূর্ণ ১০০ গ্রেং, কুঙ্কুম ১৮০ গ্রেং, বেঞ্জোইক য়্যাশিড ১৮০ গ্রেং, মৌরির তৈল ১ ড্রাং, য়্যামোনিয়ার উগ্র দ্রব ৪ আং, শোধিত সুরা ১৬ আং। সপ্তাহ কাল ভিজাইরা ছাঁকিবে এবং শোধিত সুরায় পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—অর্দ্ধহইতে ১ ড্রাং।

টিংচুরা পাইরিথ্রাই, (Tincture of Pellitory) টীং অফ পেলিটরী। পেলিটরির স্থূল চূর্ণ ৪ আং, শোধিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। ক্রিয়া—স্থানিক উগ্রতাসাধক ও লালানিঃসারক, চর্ম্মে লাগাইলে প্রদাহজনক হয় এবং চর্ব্বণ করিলে লালাস্রাব হয়।

টিংচুরা রিয়াই, (Tincture of Rhubarb) টীং অফ রুবার্ব। রেউচিনির অরিষ্ট। কুট্টিত রেউচিনি ২ আং, গুজরাটী এলাইচ কুট্টিত সিকি আং, ধনিয়া কুট্টিত সিকি আং, কুঙ্কুম সিকি আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১ হইতে ২ ড্রাং, আগ্নেয় ও বলকারক, অর্দ্ধ আং মাত্রায় বিরেচক।

টিংচুরা কোয়াসি, (Tincture of Quassia) টীং অফ কোয়াসিয়া। কোয়াসিয়া পৌনে এক আং, পরীক্ষিত সুরা ১ পাং; সপ্তাহকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে, এবং পরীক্ষিত সুরা দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বলকারক ও আগ্নেয়, কৃমিনাশক ও কিঞ্চিৎ পরিমাণে পচন নিবারক।

টিংচুরা স্যাবাইনি, (Tincture of Savin) টীং অফ স্যাবিন। শুষ্ক স্যাবিন ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং, পার্কোলেশনে প্রস্তুত করিবে। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—উত্তেজক, স্থানিক উগ্রতা সাধক, রজোনিঃসারক। অধিক মাত্রায়—প্রদাহিক বিষক্রিয়া করে। স্থানিক প্রয়োগে—প্রদাহজনক।

টিংচুরা সিলি, (Tincture of Squill) টীং অফ স্কুইল। স্কুইল কুট্টিত ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১০ হইতে ৩০ মিং। ক্রিয়া—উত্তেজক, মূত্রকারক এবং কফনিঃসারক; কিছু অধিক মাত্রায় ভেদ ও বমনকারক।

টিংচুরা সেনিগি, (Tincture of Senega) টিং অফ সেনেগা। কুট্টিত সেনেগা ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—স্নায়ুমণ্ডল ও শ্লৈষ্মিক ঝিল্লিতে উত্তেজক, কফনিঃসারক, রজোনিঃসারক ও স্বেদজনক। অধিক মাত্রায়—ভেদ ও বমন উপস্থিত করে।

টিংচুরা সেনি, (Tincture of Senna) টীং অফ সেনা। সোনামুখীর অরিষ্ট। সোনামুখী ২॥০ আং, বীজ-রহিত কিস্‌মিস্ ২ আং, বিলাতী জীরা অর্দ্ধ আং, ধনিয়া অর্দ্ধ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১ হইতে ২ ড্রাং; সোনামুখীর কাণ্টের সহিত ব্যবহার্য্য। ক্রিয়া—বিরেচক।

টিংচুরা সার্পেণ্টেরাই, (Tincture of Serpentary) টীং অফ সার্পেণ্টেরী। সার্পেণ্টেরী ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বলকারক, আগ্নেয়, উত্তেজক ও ঘর্ম্মকারক। অধিক মাত্রায়—অপকারক।

টিংচুরা ষ্ট্রামোনিয়াই, (Tincture of Stramonium) টীং অফ ষ্ট্রামোনিয়ম। ধুতুরার অরিষ্ট। ধুতুরার বীজ স্থূল চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১০ হইতে ২০ মিং। ক্রিয়া—অবিকল বেলেডোনার ন্যায়। তৎপরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে।

টিংচুরা সম্বল, (Tincture of Sumbul) টীং অফ সম্বল। সম্বলমূল চূর্ণ ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১০ মিং হইতে ৩০ মিং। ক্রিয়া—স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক এবং বলকারক।

টিংচুরা টাইনোস্পোরা, (Tincture of Gulancha) টীং অফ গুলাঞ্চা গুলঞ্চের অরিষ্ট। গুলঞ্চ খণ্ড ৪ আং, পরীক্ষিত সুরা ১ পাং। ম্যাসরেশন দ্বারা প্রস্তুত। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক ও পরিবর্ত্তক

টিংচুরা টলুটেনম, (Tincture of Tolu) টীং অফ টোলু। বালসাম অফ টলু ২॥০ আং, শোধিত সুরা ১ পাং, ভিজাইয়া বালসম দ্রব হইলে ছাঁকিয়া লইবে। মাত্রা—অর্দ্ধ হইতে ২ ড্রাম। কয়েকটী লোজেঞ্জ প্রস্তুতে ব্যবহার্য্য। ক্রিয়া--বালসমপিরুর ন্যায়।

টিংচুরা টোড্যালালি, (Tincture of Toddalia) টীং অফ টোড্যালিয়া। টোড্যালিয়া মূলের ছাল ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং। পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা অর্দ্ধ হইতে ২ ড্রাং। ক্রিয়া—উত্তেজক, বলকারক, বায়ু-নাশক এবং পর্য্যায়নিবারক।

টিংচুরা বেলিরিয়েনি, (Tincture of Valerian) কুট্টিত বেলেরিয়ন ২॥০ আং, পরীক্ষিত সুরা ১ পাং, পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—১ হইতে ৪ ড্রাং। ক্রিয়া—স্নানবীয় উত্তেজক ও আক্ষেপ নিবারক। অধিক মাত্রায়—শিরঃপীড়াদি অনিষ্ট জন্মে।

টিংচুরা বেলেরিয়েনি য়্যামোনিয়েটা, (Ammoniated Tincture of Valerian) কুট্টিত বেলেরিয়েন ২॥০ আং, য়্যারোমেটীক স্পিরিট অফ য়্যামোনিয়া ১ পাং, আবৃত পাত্রে সপ্তাহকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে। য়্যারোমেটীক স্পিরিট অফ য়্যামোনিয়া দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা১—হইতে ২ ড্রাং।

টিংচুরা বিরাট্রাই বিরিডিস্, (Tincture of green Hellebore) টীং অফ গ্রীণ হেলেবোর গ্রীণ হেলেবোর মূল চূর্ণ ৪ আং শোধিত সুরা ১ পাং, পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—৫ হইতে ১৫ মিং। ক্রিয়া—স্নায়বিক ও ধামনিক অবসাদক; অধিক পরিমাণ ব্যবহারে বমনকারক।

টিংচুরা জিঞ্জিবরিস, (Tincture of Ginger) টীং অফ জিঞ্জার। শুণ্ঠীর অরিষ্ট। শুণ্ঠী চূর্ণ ২॥০ আং, শোধিত সুরা ১ পাং, পার্কোলেশনে প্রস্তুত। মাত্রা—অর্দ্ধ হইতে ১ ড্রাম। ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক, অধিক ব্যবহারে পাকাশয়ে উগ্রতাসাধন করে; বাহ্যপ্রয়োগে—উগ্রতাসাধক।

টিংচুরা জিঞ্জিবারিস ফর্টিয়র, (Tincture of Ginger) টীং অফ জিঞ্জার, শুণ্ঠীর উগ্র অরিষ্ট। শুণ্ঠী চূর্ণ ১০ আং। শোধিত সুরা যথাপ্রয়োজন। শুণ্ঠী-চূর্ণকে পার্কোলেশনে রাখিয়া ক্রমশঃ

১ পাইন্ট সুরা প্রদান করিবে। মাত্রা, ৫—২০ মিং।

টিংচার ট্রিটুরেশন, (Tincture Trituration) দুগ্ধশর্করায় ঔষধের টীংচার মিশ্রিত ও মর্দ্দিত করিয়া প্রস্তুত এক প্রকার চূর্ণ।

টিক ডলুরু, (Tic Douloureu) মুখমণ্ডলের স্নায়ুশূল, পঞ্চম স্নায়ু যুগ্মের শাখায় স্নায়ুশূল।

টিটিভক, পু, পক্ষীবিশেষ।

টিটিভক, টিট্টিভ, পু, পক্ষীবিশেষ, টিট্টিভ পক্ষী।

টিটিলেশন, (Titillation) শুড়শুড়ি, কণ্ডূয়ন।

টিটুবেশন, (Titubation) অস্থিরতা, অবিরত অবস্থান পরিবর্ত্তন প্রবৃত্তি।

টিট্রা, (Titra) চারি জ্ঞাপক পূর্ব্বপদ।

টিণ্টিনিকা, স্ত্রী, অশ্বশিরীষিকা।

টিণ্ডিশ, পু, বৃক্ষবিশেষ, ঢেঁড়শ; (গুণ) রুচিকর, ভেদক, পিত্তশ্লেষ্ম অশ্মরী নাশক, সুশীতল, বাতল, রুক্ষ ও মূত্রকর।

টিনাইটস অরিয়ম, (Tinnitus Aurium) কর্ণনাদ, কাণে শব্দ।

টিনিয়া, (Tinea) পামা ও কণ্ডু প্রভৃতি রোগের সাধারণ নাম। কীট, কৃমি।

টিবিয়া, (Tibia) জঙ্ঘার অস্থিদ্বয়ের বৃহত্তর অস্থিখণ্ড, দীর্ঘাস্থি।

টিবিয়াল, (Tibial) টিবিয়া সম্পর্কীয়।

টিবিয়ালিস, (Tibialis) টিবিয়া সংলগ্ন পেশী বিশেষ।

টিম্পেনাইটিস, (Tympanitis) অন্ত্রে বায়ু বা বাষ্প সঞ্চয় প্রযুক্ত ঢাকের ন্যায় উদর স্ফীতি, উদরাধ্মান, পেটফাঁপা।

টিম্পেনাইটিক, (Tympanitic) আধ্মানিক, বায়ুগর্ভ।

টিম্পেনম, (Tympanum) ঢাকের ন্যায় মধ্য কর্ণের গহ্বর, কর্ণপটহ।

টিম্পেনাই, (Tympani) কর্ণপটহ।

টিম্পেন্যাল, টিম্পেনিক, (Tympanal, Tympanic) কর্ণপটহ সম্বন্ধীয়।

টিয়ার্স, (Tears) চক্ষুর জল, অশ্রু।

টিল্‌মস, (Tilmus) বিছানা হাতড়ান, বিকারের লক্ষণ বিশেষ।

টিস্থ, (Tissue) যে সকল সূত্রবৎ উপাদান দ্বারায় শরীরের ভিন্ন ভিন্ন অংশ নির্ম্মিত হয়; বিধান তন্তু।

টী, (Tea) চা। এক প্রকার বৃক্ষের পত্রবিশেষ।

টীট্, (Teat) স্তনবৃন্ত।

টুইঞ্জ, (Twinge) ফিক্ ব্যথা।

টুইন্স, (Twins) যমজ।

টুইষ্টিং, (Twisting) মোচড়ান।

টুণ্টুক, পু, শোন্যাক বৃক্ষ, কৃষ্ণ খদির বৃক্ষ।

টুণ্টুকা, স্ত্রী, টঙ্গিনী বৃক্ষ।

টুথ, (Tooth) দন্ত, দাঁত।

টুথ-এক, (Tooth-ache) দন্তশূল, দাঁত বেদনা।

টুনাকা, স্ত্রী, তালমূলী।

টুব্যাকো, (Tobacco) তামাকু; ক্রিয়া—স্নায়বীয় অবসাদক, বমনকারক, মূত্রকারক, লালানিঃসারক, ক্ষুৎকারক এবং স্থানিক উগ্রতা সাধক।

টু এণ্ড ফ্রো সাউণ্ড, (To and fro sound) দুই খণ্ড উস্কো খুস্ক বস্তু সম্মুখে ও পশ্চাতে ঘর্ষণের ন্যায় শব্দ; হৃদ্বেষ্ট প্রদাহ রোগে আকর্ণন যন্ত্র দ্বারা শুনা যায়; ঘর্ষণধ্বনি।

টেইল, (Tail) লেজ, পুচ্ছ।

টেটার, (Tatter) চর্ম্মরোগের সাধারণ নাম, দদ্রু।

টেটেনাস, (Tetanus) ধনুষ্টংকার।

টেণ্ট, (Tent) নেকড়া বা লিণ্টের প্রস্তুত গোলাকার পলিতা; নালী ঘা বা শরীরের স্বাভাবিক দ্বারাদি প্রসারণ জন্য ব্যবহার করা যায়।

টেণ্টোরিয়ম, (Tentorium) বৃহৎ ও ক্ষুদ্র মস্তিক স্বতন্ত্রকারী দৃঢ় মাতৃকা ঝিল্লির প্রবর্দ্ধন।

টেণ্ডন, (Tendon) কণ্ডরা দেখ।

টেণ্ডো, (Tendo) কণ্ডরাবাচক পূর্ব্বপদ।

টেণ্ডো একিলিস, (Tendo Achillis) গুল্‌ফদেশীয় সুদৃঢ় কণ্ডর।

টেনাকিউলাম, (Tenaculum) বড়িশের ন্যায় প্রান্ত সূক্ষ্ম তীক্ষ্ণাগ্র বিশিষ্ট এক প্রকার অস্ত্র, রক্তস্রাবী নাড়ী বন্ধনার্থ ইহা ব্যবহৃত হয়।

টেনাসিটি, (Tenacity) জড়-পদার্থের যে গুণ থাকায় উহা টানিয়া বিচ্ছিন্ন করিবার চেষ্টা করিলে তাহার প্রতিবন্ধকতা জন্মে, দুশ্ছেদ্যতা।

টেনেজমাস, (Tenesmus) কুন্থন, কোঁথ, বেগ।

টেন্স, (Tense) অনম্য, কঠিন।

টেন্সন, (Tension) শরীরের কোন স্থানের প্রসারিত অবস্থা।

টেন্সার, (Tenser) প্রসারক পেশী, যে পেশী দ্বারা পেশী সংলগ্ন অংশ প্রসারিত হয়।

টেপ-ওয়ারম, (Tape-worm) এক প্রকার চেপ্টা দীর্ঘ ফিতার ন্যায় অন্ত্র কৃমি, পট্টকৃমি।

টেপিড, (Tepid) ঈষদুষ্ণ।

টেম্পার, (Temper) মতি, মেজাজ।

টেম্পারেচার, (Temperature) গাত্র-তাপ, শরীরের শীতোষ্ণতা, বায়ুর শীতোষ্ণতা।

টেম্পারেট জোন, (Temperate zone) সম-মণ্ডল, নাতিশীতোষ্ণ দেশ।

টেম্পারেমেন্ট, (Temperament) ধাতু, দেহপ্রকৃতি : যথা,—ফ্লেগমেটিক টেম্পারেমেন্ট—শ্লেষ্মপ্রধান ধাতু : নার্ভাস টেম্পারেমেন্ট—বায়ুপ্রধান ধাতু।

টেম্পেল, (Temple) চক্ষু ও কর্ণের মধ্য-ভাগে মস্তকের উভয় পার্শ্বে অবনত স্থান। শঙ্খদেশ, রগ।

টেম্পোরাল, (Temporal) শঙ্খদেশীয়।

টেম্পোরো, (Temporo) শঙ্খদেশ-জ্ঞাপক পূর্ব্বপদ।

টেরিগয়েড, (Pterygoid) পাখার আকার, স্ফিনয়েড অস্থির বর্দ্ধিত অংশদ্বয়।

টেরিজিয়ম, (Pterygium) অক্ষি-গোলকের অভ্যন্তর দিকে ত্রিভুজা-কার বিবৃদ্ধি বা উপমাংস।

টেরিস, (Teres) লম্বা ও গোল।

টরিট, (Teret) স্তম্ভাকার।

টেরেবেস্থিনা, (Terebinthinæ) কোনি-ফরি জাতীয় এবীজ বালসামিয়া বৃক্ষ হইতে প্রাপ্ত টার্পেন্টাইন। কানেডা, নোবাস্কোসিয়া প্রভৃতি দেশে জন্মে। প্রমেহ, শ্বেতপ্রদর, পুরাতন কাসাদি রোগে ব্যবহৃত হয়। মাত্রা—১০ হইতে ৩০ গ্রেং।

টেরেবেস্থিনা ওলিয়ম, (Oil of Turpen-tine) অয়েল অফ টার্পেন্টাইন; টার্পিন তৈল। উপরোক্ত টার্পেন্টা-ইনকে চুয়াইয়া প্রাপ্ত তৈল। ক্রিয়া—উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপ-নিবারক, মূত্রকারক, কচিৎ ঘর্ম্ম-কারক, কফনিঃসারক, রক্তরোধক, বিরেচক, কৃমিনাশক এবং বাহ্য প্রয়োগে উগ্রতা সাধক।

টেরেবেস্থিনি ক্যানেডেন্সিস, ক্যানেডা বালসাম, টার্পেন্টাইন বিশেষ।

টেরোকার্পাই লিগ্নম, (Red Sandal wood) রেড স্যাণ্ডেল উড, রক্ত-চন্দন। সিংহল দ্বীপ ও মহীসুর রাজ্যে জন্মে। ক্রিয়াদি—লগ উডের ন্যায়।

টেলুরিয়ম, (Tellurium) এক প্রকার ধাতু।

টেবিউলার, (Tabular) সমচতুর্ভুজ খণ্ডে বিন্যস্ত।

টেবিস, (Tabes) ক্ষয় বা শীর্ণতা প্রাপ্তি।

টেবিস ডর্সেলিস্, (Tabes dorsalis) অতিরিক্ত ইন্দ্রিয় সেবা প্রযুক্ত পৃষ্ঠ বা কটিবেদনা সহিত শরীর-ক্ষয়-কারক রোগ। আধাস্থিক ক্ষয়রোগ।

টবিসমে সেন্টেরিকা, (Tabese Msenterica) মেসেণ্টারি গ্ল্যাণ্ডস বা মধ্যান্ত্র গ্রন্থির গুটিকা রোগ প্রযুক্ত শরীর ক্ষয়; মাধ্যান্ত্রিক রোগ।

টেষ্ট, (Test) যে দ্রব্য অন্য কোন দ্রব্যে সংযোগ করিলে শেষোক্ত দ্রব্যের আকৃতিগত ও গুণগত পরিবর্ত্তন জন্মিয়া উহার রাসায়নিক প্রকৃতি নিশ্চিত হয়; পরীক্ষা।

টেষ্ট পেপার, (Test Paper) তরল পদার্থের অম্লত্ব বা ক্ষারত্ব পরীক্ষার্থ নীল বা পীতবর্ণ কাগজ বিশেষ।

টেষ্টিকেল, (Testicle) অণ্ডকোষ, মুস্ক।

টেষ্টিস, (Testis) অণ্ড, মুস্ক।

টো, (Toe) পদের বৃদ্ধাঙ্গুলি. বৃদ্ধাঙ্গুষ্ঠ।

টোডালারি র‍্যাডিষ, (Toddalia root) টোডালিয়া রুট। দক্ষিণ মলাবার, করমণ্ডল, মহীশূর প্রভৃতি দেশজ বৃক্ষের মূল। ক্রিয়া—উত্তেজক, বলকারক, বায়ুনাশক ও পর্য্যায়নিবারক। কাকোতাদানি।

টোন, (Tone) শরীরের যে অবস্থায় শারীরিক ক্রিয়া সকল সুস্থভাবে যথাযোগ্য বলে সম্পন্ন হয়।

টোফাস্, (Tophus) অস্থিতে কোমল অর্ব্বুদ।

টোফাই, (Tophi) খটীকা প্রস্তর।

টোলুটেনম, (Tolu) বৃক্ষবিশেষ। চূর্ণের মাত্রা—১০ হইতে ৩০ গ্রেং।

টোষ্ট, (Toast) অগ্নিতে ঝলসান রুটী।

টোসিস, (Ptosis) উপরের অক্ষিপুটের পতন বা পক্ষাঘাত।

ট্যাক্সিস, (Taxis) নিয়মিতরূপে হস্তের চাপ দিয়া হার্নিয়া বা অন্ত্রবৃদ্ধি পুনরায় স্বস্থানে প্রতিষ্ঠিত করিবার প্রক্রিয়া।

ট্যানাসিটম ভলগেয়ার ট্যান্সি, ক্ষুপ।

ট্যানিন, (Tannin) মাজুফল প্রভৃতির সঙ্কোচক উপাদান বা বীর্য্য।

ট্যাপিং, (Tapping) উদর বা অণ্ডকোষাদির মস্তস্রাবী গহ্বরে অধিক পরিমাণ তরল পদার্থ সঞ্চিত হইলে ছিদ্র করিয়া ও চুঙ্গি বসাইয়া উহা বাহির করিবার প্রক্রিয়া।

ট্যাপ রুট, (Tap-root) প্রধান মূল।

ট্যাবেকম, (Tabacum) তামাক: ট্যাবেসাই দেখ।

ট্যামারিণ্ডস, (Tamarind) তিন্তিড়ী, তেতুঁল; ক্রিয়া—মৃদু বিরেচক ও শৈত্যকারক।

ট্যারাণটিউল, মাকড়সা বিশেষ।

ট্যারেক্সেসাই র‍্যাডিক্স, (Taraxaci Radix) ইউরোপ খণ্ড এবং হিমালয় দেশজ বৃক্ষ। ড্যাণ্ডেলিয়ন রূট। ক্রিয়া—পিত্তনিঃসারক, মূত্রকারক, স্বেদজনক, মৃদু বিরেচক, পরিবর্ত্তক, আগ্নেয় এবং বলকারক। রূপান্তরে প্রয়োগ।

ট্যারেণ্টুল, (Tarantule) একপ্রকার বমাকড়সা; ইহার দংশনে যে স্নায়ু-বিকার জন্মে, তাহা গীতবাদ্য শ্রবণে নিবৃত্তি পায়।

ট্যাল্ক, (Talc) অভ্র।

ট্রকলিয়া, (Trochlea) কপিকলের ন্যায় উপাস্থি বা সন্ধির উপাস্থি।

ট্রকলিয়ারি, (Trochliary) ট্রকলিয়া-সম্বন্ধীয়।

ট্রকলিয়ারিস, (Trochliaris) ট্রক-লিয়ারী পেশী, অক্ষি পেশী।

ট্রঙ্ক, (Trunk) অঙ্গ প্রত্যঙ্গ ব্যতীত দেহ, কাণ্ড; নাড়ীর প্রধান অংশ।

ট্রঙ্কেটেড, (Truncated) ছিন্নাগ্রবৎ স্থূল মুখ।

ট্রপিক্যাল, (Tropical) উষ্ণদেশীয়।

ট্রফিক, (Trophic) পরিপোষণকারী, বিধানোপাদানের পরিপোষণ সম্পা-দক।

ট্রমেটিক, (Traumatic) আঘাতজনিক, আভিঘাতিক।

ট্রমেটিজম্, (Traumatism) প্রবল আঘা-তাদি জনিত শারীরিক অবস্থা।

ট্রস, (Truss) অন্ত্রবৃদ্ধি বিশিষ্ট রোগীর অন্ত্র স্বস্থানে রাখিবার জন্য কটি-বন্ধন বিশেষ।

ট্রাইকসপিড, (Tricuspid) তিন সূক্ষ্মাগ্র বিশিষ্ট, ত্রিদন্ত, ত্রিকপাটীয়।

ট্রাইগন, (Trigone) মূত্রাশয়ের মূল-দেশের সম্মুখভাগে স্থিত ক্ষুদ্র মসৃণ ত্রিভুজাকার স্থান।

ট্রাইফোলিয়ম প্রেটেন্স, (Red clover) রেড ক্লোভার, মার্কিণ তৃণবিশেষ।

ট্রাইফোলিয়ম রেপেন্স, (White clover) মার্কিণ তৃণবিশেষ।

ট্রাইসেপ্স, (Triseps) তিন মস্তকবিশিষ্ট পেশী, ত্রিশীর্ষ পেশী।

ট্রাইজেমিনস, (Trigeminus) পঞ্চম স্নায়ু যুগ্মের শাখাত্রয়।

ট্রাইজেমিনাই, (Trigemini) পঞ্চম স্নায়ু যুগ্ম।

ট্রাইফেশিয়েল, (Trifacial) পঞ্চম স্নায়ু-যুগ্ম; ইহার প্রত্যেকটী তিন তিনটা বৃহৎ শাখায় বিভক্ত ও মুখমণ্ডলে প্রসারিত।

ট্রায়েঙ্গুলারিস, (Triangularis) ত্রিকোণ পেশী।

ট্রাগাকান্থা, (Tragacanth) ট্রাগেকান্থ, আট্রা, গেলাস বৃক্ষের গঁদ। এসিয়া-মাইনর, আর্মেনিয়া, পারস্য প্রভৃতি দেশে জন্মে। ইহার ক্রিয়া—আরবী গঁদের ন্যায়।

ট্রি, (Tri) ত্রি বা তিন বাচক পূর্ব্বপদ।

ট্রিওষ্টিয়ম পারফোলিয়েটম, (Fever root) মার্কিণ দেশজ বৃক্ষবিশেষের মূল।

ট্রিকাইয়্যাসিস, (Trichiasis) চক্ষুর পক্ষ ভিতরের দিকে বৃদ্ধি পাইয়া অক্ষিগোলকের উপর পতিত হওয়া।

ট্রিকোসিস, (Trichosis) কেশ রোগের সাধারণ নাম।

ট্রিকোনোসিস, (Trichonosis) কেশ রোগ।

ট্রিটমেণ্ট, (Treatment) চিকিৎসা।

ট্রিটুরেশন, ট্রাইটুরেশন, (Trituration) অতি সূক্ষ্ম চূর্ণ।

ট্রিপ্যান, (Trepan) এক প্রকার গোলাকার করাত। পূর্ব্বে করোটী রন্ধ্র করণার্থ ব্যবহৃত হইত। করোটী রন্ধ্র করা ও তথা হইতে অস্থির অংশ উত্তোলিত করা।

ট্রিফাইন, (Triphine) করোটী রন্ধ্র করণার্থ অধুনা ব্যবহৃত করাত। ট্রিফাইন দ্বারা ছিদ্র করণ।

ট্রিমর, (Tremor) একাঙ্গ বা সর্ব্বাঙ্গের অনৈচ্ছিক (অর্থাৎ ইচ্ছা না থাকি-লেও) কম্পন।

ট্রিলিয়ম, বেথরূট, বৃক্ষবিশেষ।

ট্রিলিন, ট্রিলিয়মের উপক্ষার।

ট্রিসমস, (Trismus) হনুস্তম্ভ, ধনুষ্টংকার।

ট্রেকাইটিস, (Trachitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিও, (Tracheo) কণ্ঠনালী জ্ঞাপক-পূর্ব্বপদ।

ট্রেকিওটমি, (Tracheotomy) কণ্ঠনালী-চ্ছেদ।

ট্রেকিওসিল, (Tracheocele) গলগণ্ড।

ট্রেকিয়া, (Trachea) কণ্ঠনালী।

ট্রেকেয়াইটিস, (Tracheitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিয়্যাল,(Trachial) কণ্ঠনালী সংক্রান্ত।

ট্রেকিলো, (Trachelo) গ্রীবাসম্বন্ধ-বাচক পূর্ব্বপদ।

ট্রেগস, (Tragus) কর্ণগহ্বরের প্রান্তস্থিত ক্ষুদ্র ত্রিভুজাকার প্রবর্দ্ধন।

ট্রেজাইকস, (Tragicus) ট্রেগসের বহির্ভাগ আবরক ক্ষুদ্র পেশী তন্তুগুচ্ছ।

ট্রোকার, (Trocar) উদরী বা কুরণ্ডাদি হইতে ছিদ্র করিয়া জল নিঃসরণ করিবার অস্ত্র।

ট্রোক্যাণ্টার, (Trochanter) উরুর অস্থির উপরের প্রান্তস্থিত প্রবর্দ্ধিত অংশদ্বয়।

ট্রোচিসাই, (Trochisii) চাক্তি, লোজেঞ্জেস, শর্করা ও গঁদের সহিত মিশান ক্ষুদ্র চাক্তি।

ট্র্যাক্ট, (Tract) শরীরে কোন প্রদেশ বা স্থান।

ট্র্যান্সপেরেণ্ট, (Transparent) স্বচ্ছ।

ট্র্যান্সপ্ল্যাণ্টেশন, (Transplantation) শারীরিক যন্ত্রের অস্বাভাবিক অবস্থান, শরীরের একাংশ স্থানান্তরে স্থাপন।

ট্র্যান্সপোজিশন, (Transposition) স্থানবিপর্য্যয়।

ট্র্যান্সভার্স, (Transverse) অপরাংশের আড়া-আড়ি ভাবে অবস্থিত, অনুপ্রস্থ।

ট্র্যান্সভার্শেলিস, (Transversalis) অনুপ্রস্থ পেশী।

ট্র্যান্সুডেশন, (Transudation) সছিদ্র বিধান তন্তু বা পদার্থের অভ্যন্তর দিয়া তরল পদার্থের নিঃসরণ ক্রিয়া।

ট্র্যাপিজয়েড, (Trapizoid) বিষম বাহু চতুর্ভুজের আকার।

ট্র্যাপিজিয়ম, (Trapizium) মণিবন্ধের অস্থির দ্বিতীয় পংক্তির প্রথম অস্থি। বিষম-বাহু চতুর্ভুজ।

ট্র্যাপিজিয়স, (Trapezius) গ্রীবা ও পৃষ্ঠের পশ্চাৎ ভাগস্থিত বৃহৎ পেশী বিশেষ। স্কন্ধাস্থি পেশী।

ট্র্যাবিকিউলা, (Trabicula) সংযোজন বা বন্ধনোপকরণ তন্তু।

ট্র্যাভেল, (Travail) প্রসববেদনা।

ট্রাইফেশিয়েল, (Trifacial) পঞ্চম স্নায়ু-যুগ্ম; ইহার প্রত্যেকটী তিন তিনটী বৃহৎ শাখায় বিভক্ত ও মুখমণ্ডলে প্রসারিত।

ট্রায়েঙ্গুলারিস, (Triangularis) ত্রিকোণ পেশী।

ট্রাগাকান্থা, (Tragacanth) ট্রাগেকান্থ, আষ্টা, গেলাস বৃক্ষের গঁদ। এসিয়া-মাইনর, আর্মেনিয়া, পারস্য প্রভৃতি দেশে জন্মে। ইহার ক্রিয়া—আরবী গঁদের ন্যায়।

ট্রি, (Tri) ত্রি বা তিন বাচক পূর্ব্বপদ।

ট্রিওষ্টিয়ম পারফোলিয়েটম, (Fever root) মার্কিণ দেশজ বৃক্ষবিশেষের মূল।

ট্রিকাইয়্যাসিস, (Trichiasis) চক্ষুর পক্ষ ভিতরের দিকে বৃদ্ধি পাইয়া অক্ষিগোলকের উপর পতিত হওয়া।

ট্রিকোসিস, (Trichosis) কেশ রোগের সাধারণ নাম।

ট্রিকোনোসিস, (Trichonosis) কেশ রোগ।

ট্রিটমেন্ট, (Treatment) চিকিৎসা।

ট্রিটুরেশন, ট্রাইটুরেশন, (Trituration) অতি সূক্ষ্ম চূর্ণ।

ট্রিপ্যান, (Trepan) এক প্রকার গোলাকার করাত। পূর্ব্বে করোটী রন্ধ্র করণার্থ ব্যবহৃত হইত। করোটা রন্ধ্র করা ও তথা হইতে অস্থির অংশ উত্তোলিত করা।

ট্রিফাইন, (Triphine) করোটী রন্ধ্র করণার্থ অধুনা ব্যবহৃত করাত। ট্রিফাইন দ্বারা ছিদ্র করণ।

ট্রিমর, (Tremor) একাঙ্গ বা সর্ব্বাঙ্গের অনৈচ্ছিক (অর্থাৎ ইচ্ছা না থাকিলেও) কম্পন।

ট্রিলিয়ম, বেথরূট, বৃক্ষবিশেষ।

ট্রিলিন, ট্রিলিয়মের উপক্ষার।

ট্রিসমস, (Trismus) হনুস্তম্ভ, ধনুষ্টংকার।

ট্রেকাইটিস্, (Trachitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিও, (Tracheo) কণ্ঠনালী জ্ঞাপক-পূর্ব্বপদ।

ট্রেকিওটমি, (Tracheotomy) কণ্ঠনালী-চ্ছেদ।

ট্রেকিওসিল, (Tracheocele) গলগণ্ড।

ট্রেকিয়া, (Trachea) কণ্ঠনালী।

ট্রেকেয়াইটিস্, (Tracheitis) কণ্ঠনালী প্রদাহ।

ট্রেকিয়্যাল, (Trachial) কণ্ঠনালী সংক্রান্ত।

ট্রেকিলো, (Trachelo) গ্রীবাসম্বন্ধ-বাচক পূর্ব্বপদ।

ট্রেগস, (Tragus) কর্ণগহ্বরের প্রান্তস্থিত ক্ষুদ্র ত্রিভুজাকার প্রবর্দ্ধন।

ট্রেজাইকস, (Tragicus) ট্রেগসের বহির্ভাগ আবরক ক্ষুদ্র পেশী তন্তুগুচ্ছ।

ট্রোকার, (Trocar) উদরী বা কুরণ্ডাদি হইতে ছিদ্র করিয়া জল নিঃসরণ করিবার অস্ত্র।

ট্রোক্যান্টার, (Trochanter) উরুর অস্থির উপরের প্রান্তস্থিত প্রবর্দ্ধিত অংশদ্বয়।

ট্রোচিসাই, (Trochisii) চাক্তি, লোজেঞ্জেস, শর্করা ও গঁদের সহিত মিশান ক্ষুদ্র চাক্তি।

ট্র্যাক্ট, (Tract) শরীরে কোন প্রদেশ বা স্থান।

ট্র্যান্সপেরেন্ট, (Transparent) স্বচ্ছ।

ট্র্যান্সপ্ল্যান্টেশন, (Transplantation) শারীরিক যন্ত্রের অস্বাভাবিক অবস্থান, শরীরের একাংশ স্থানান্তরে স্থাপন।

ট্র্যান্সপোজিশন, (Transposition) স্থানবিপর্য্যয়।

ট্র্যান্সভার্স, (Transverse) অপরাংশের আড়া-আড়ি ভাবে অবস্থিত, অনুপ্রস্থ।

ট্র্যান্সভার্শেলিস, (Transversalis) অনুপ্রস্থ পেশী।

ট্র্যান্সুডেশন, (Transudation) সছিদ্র বিধান তন্তু বা পদার্থের অভ্যন্তর দিয়া তরল পদার্থের নিঃসরণ ক্রিয়া।

ট্র্যাপিজয়েড, (Trapizoid) বিষম বাহু চতুর্ভুজের আকার।

ট্র্যাপিজিয়ম, (Trapizium) মণিবন্ধের অস্থির দ্বিতীয় পংক্তির প্রথম অস্থি। বিষম-বাহু চতুর্ভুজ।

ট্র্যাপিজিয়স, (Trapezius) গ্রীবা ও পৃষ্ঠের পশ্চাৎ ভাগস্থিত বৃহৎ পেশী বিশেষ। স্কন্ধাস্থি পেশী।

ট্র্যাবিকিউলা, (Trabicula) সংযোজন বা বন্ধনোপকরণ তন্তু।

ট্র্যাভেল, (Travail) প্রসববেদনা।

ড

ডক্ট, (Duct) শরীরস্থ তরল পদার্থবাহী নালী।

ডক্টস, (Ductus) ডক্ট।

ডক্টস আর্টিরিওসস, (Ductus artiriosus) ভ্রূণশরীরস্থ উপধমনী। ফুস্ ফুসীয় ধমনীর সহিত এওর্টা সংযোজক ভ্রূণদেহের রক্তবহা নাড়ী বিশেষ।

ডক্টস ভিনোসস, (Ductus Venosos) ভ্রূণদেহস্থ উপশীরা। নিম্ন মহাশিরা ও নাভীশিরা সংযোজক প্রণালী বিশেষ।

ডঙ্গরী, স্ত্রী, ফলবিশেষ ; (গুণ) শীতল, রুচিকর, দাহ পিত্তাস্র দোষ অর্শ জাড্য মূত্ররোধ নাশক, তর্পণক গোল্য।

ডঙ্গারী, স্ত্রী, বৃক্ষবিশেষ, ডেলুরা, মাদার।

ডবল, (Double) দ্বিগুণ।

ডবল কোয়ার্টন, (Double Quartan) দ্বিচাতুর্থক জ্বর, প্রতি চতুর্থ দিবসাগত দ্বৌকালীন জ্বর।

ডবল টার্শিয়ান, (Double Tartian) তৃতীয়ক জ্বর।

ডবল টাচ, (Double touch) যুগপৎ মলদ্বারে ও যোনিদ্বারে অঙ্গুলী দ্বার পরীক্ষা।

ডবল হিয়ারিং, (Double Hearing) উভয় কর্ণের শ্রবণের অসাম্য।

ডম্ব, (Dumb) মূক, বোবা।

ডর্সম, (Dorsum) পৃষ্ঠ।

ডর্সাই, (Dorsi) পৃষ্ঠ।

ডর্সাল রিজন, (Dorsal Region) পৃষ্ঠদেশ।

ডল, (Dull) ঘনগর্ভ, অতীব্র।

ডল্‌কামারা, (Dulcamara) বিটার স্থইট বা নাইট সেড কহে। ক্রিয়া— পরিবর্ত্তক, স্বেদজনক এবং মূত্রকারক ; পুরাতন চর্ম্মরোগ ও ধাতুরোগে প্রযুক্ত। রূপান্তরে প্রয়োগ।

ডাইক্রোটীক, (Dicrotic) দুই দুইবার প্রতিঘাতবিশিষ্ট, দ্বিগুণিত স্পন্দনবিশিষ্ট।

ডাইগ্যাষ্ট্রীক, (Digastric) দ্বি-উদর বিশিষ্ট। নিম্ন হনুর পেশীবিশেষের ন্যায় মাংসল প্রান্তদ্বয়বিশিষ্ট।

ডাইভার্টিকিউলাম, (Diverticulum) রক্তের গতিরোধ হইলে অতিরিক্ত রক্ত ধারণক্ষম যন্ত্র ; গুপ্ত পথ, বৃহৎ নল হইতে উৎপন্ন মুখশূন্য ক্ষুদ্র নল।

ডাইমেন্‌সন্‌, (Dimension) আয়তন, পরিসর; দৈর্ঘ প্রস্থ বেধ।

ডাইলিউশন, (Dilution) ক্রম শব্দ দেখ। তরলকরণ।

ডাইলিউয়েন্ট, (Diluent) যে পদার্থ দ্বারা শরীরের রক্ত রসাদি স্বাভাবিক অবস্থা অপেক্ষা তরল হয়।

ডাইলেটেশন, (Dilatation) প্রসারণ; দ্বার বা প্রণালী প্রভৃতির বিবর্দ্ধন।

ডাইলেটর, ডাইলেটেটর, (Dilator, Dilatator) প্রসারক পেশী; শরীরের স্বাভাবিক দ্বার বা ক্ষতাদির মুখ প্রসারক অস্ত্র বিশেষ।

ডায়ারথ্রোসিস্‌, (Diarthrosis) সচল অস্থি সন্ধি; নড়ে চড়ে এরূপ অস্থির সন্ধি।

ডায়ারিয়া, (Diarrhœa) অতিসার, উদারময়।

ডায়ারিটিক, (Diarrhœtic) অতিসার উৎপাদক।

ডায়ুরেসিস, (Diuresis) মূত্রাধিক্য।

ডায়ুরেটিক, (Diuretic) মূত্রকর ঔষধ।

ডায়েট, (Diet) পথ্য।

ডায়েটেটিক, (Dietatic) পথ্যসম্বন্ধীয়।

ডায়েফোরেটিক্স, (Diaphoretics) ঘর্ম্মকর বা স্বেদজনক ঔষধ।

ডায়েফ্র্যাম, (Diaphram) বক্ষঃ ও উদরের ব্যবধানকারক পেশী।

ডায়েফ্র্যাগ্‌মাইটিক্‌, (Diaphragmitic) ডায়াফ্র্যাম বা বক্ষোদর ব্যবধায়ক পেশী সম্বন্ধীয়।

ডায়েবিটিস্‌, (Diabetis) মধুমেহ, বহুমূত্র রোগ, শর্করাযুক্ত মূত্ররোগ।

ডায়েবেটিক, (Diabetic) বহুমূত্র সম্বন্ধীয়, বহুমূত্রগ্রস্ত।

ডায়াগ্নোসিস, (Diagnosis) রোগনির্ণয়।

ডায়াথিসিস, (Diathesis) বিশেষ শারীরিক প্রকৃতি, ধাতুদোষ।

ডায়ামিটার, (Diamater) ব্যাস।

ডায়াষ্টেসিস, (Diastasis) ভঙ্গ ব্যতীত অস্থির সন্ধি বিচ্যুতি, বিসন্ধান।

ডায়াষ্টোল, (Diastole) রক্ত প্রবেশবশতঃ হৃৎপিণ্ডের গহ্বর ও ধমনীর প্রসারণ।

ডার্টস, (Dartos) মুষ্কতলস্থ শিথিল আরক্ত শেষময় বিধান।

ডার্টয়েড, (Dartoid) ডার্টস সদৃশ।

ডার্বিসায়ার নেক, (Dirbyshire neck) গলগণ্ড। ইংলণ্ডের ডার্বিসায়ার প্রদেশে এই রোগের অধিক প্রাবল্য হেতু এইরূপ আখ্যা প্রদত্ত হইয়াছে।

ডার্ময়েড, (Dermoid) চর্ম্ম সদৃশ।

ডার্ম্মিস, (Dermis) প্রকৃত চর্ম্ম।

ডি, (De) বিহীনতা, বিচ্ছিন্নতা বা প্রতিকূলতা সূচক পূর্ব্বপদ।

ডি অক্সিডেশন, (Deoxidation) মিশ্র পদার্থ হইতে অম্লজান নিঃসারণ।

ডি-অবষ্ট্রুয়েণ্ট, (Deobstruent) শরীরের আভ্যন্তরিক দ্বারাদির অবরোধক পদার্থ দূর করিবার ঔষধ; শোষক।

ডিউপ্লিকেটেড, (Duplicated) দ্বিভাজিত, দ্বিগুণীত।

ডিউরামেটর, (Duramator) মস্তিষ্কের বহির্দ্দিকস্থ প্রথম পরদা; দৃঢ় মাতৃকা।

ডিউরেশন, (Duration) রোগের স্থায়িত্ব বা ভোগকাল।

ডিওডিনাম, (Deodenum) দ্বাদশাঙ্গুলান্ত্র; ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশ।

ডিওডোর‍্যাণ্ট, (Deodorant) দুর্গন্ধহারক।

ডিকক্টম, (Decoctum) ক্বাথ।

ডিকক্টম সিঙ্কোনি ফ্লেভি, (Decoction of Yellow Bark) ইওলোবার্ক চূর্ণ ১ আং, পরিশ্রুত জল ১ আং, আবৃত পাত্র মধ্যে ১০ মিনিট ফুটাইবে। শীতল হইলে ছাঁকিয়া লইবে এবং পরিশ্রুত জল দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১—২ আং।

ডিকক্টম সাইডোনিয়াই, (Decoction of Cydonium) সাইডোনিয়া বলগেরিস বৃক্ষের ফলের বীজ। কাবুল ও কাশ্মীর দেশে জন্মে। বাঙ্গলা নাম বিহিদানা। উহা ২ ড্রাম, পরিশ্রুত জল ১ পাইণ্ট, মৃদু সন্তাপে ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিয়া লইবে। ক্রিয়া—স্নিগ্ধকারক, নানা প্রকার শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ রোগে উগ্রতা নিবারণ এবং স্নিগ্ধকরণার্থ বিশেষ উপযোগী।

ডিকক্টম গ্রাসিলারী,(Decoction of Ceylon moss) সিংহল শৈবালের ক্বাথ। সিংহল শৈবাল চূর্ণ সিকি আং, জল ২ পাইণ্ট। ২০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিয়া লইবে। আবশ্যক মত দুগ্ধ দিয়াও প্রস্তুত করা যায়। ক্রিয়া—স্নিগ্ধকারক ও পোষক, অতি লঘু এবং পুষ্টিকর; এজন্য বালক ও দুর্ব্বলের পক্ষে উপযোগী।

ডিকক্টম গ্রানেটাই রেডিসস্, (Decoction Pomegranate Root Bark) দাড়িম্বমূলের ক্বাথ। দাড়িম্বমূলের বল্কল ২ আং, পরিশ্রুত জল ২ পাইণ্ট, সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাইবে। মাত্রা—১ হইতে ৩ আং। ইহা কৃমিনাশক এবং ঈষৎ সঙ্কোচক। ফিতার কৃমিতে বিশেষ উপকারী।

ডিকক্টম হিমেটক্সিলাই, (Decoction of Logwood) ডিকক্সন অফ লগ-উড। লগউড খণ্ড ১ আং, দারু-চিনি চূর্ণ ১৬ গ্রেং, পরিশ্রুত জল ১ পাইণ্ট। লগ উডকে ১০ মিনিট কাল আবৃত পাত্রে সিদ্ধ করিবে,পরে দারু-চিনি দিবে। অবশেষে ছাঁকিয়া পরি-শ্রুত জলদ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—১ হইতে ২ আং। ক্রিয়া—বিশুদ্ধ সংকোচক, কোন উগ্রতা নাই; সেবনে ইহার বর্ণাংশ শোষিত হইয়া প্রস্রাব লোহিত করে; শ্বেত-প্রদর রোগে উপকারক।

ডিকক্টম হিবিস্কাই, (Decoction of Hibiscus) ঢেঁড়স খণ্ড খণ্ড করা ৩ আং, জল দেড় পাইণ্ট; সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাইবে। মাত্রা যথেচ্ছাক্রমে। ক্রিয়া—স্নিগ্ধকারক ও মূত্রকারক।

ডিকক্টম হোর্ডিয়াই, (Decoction of Barley) যবের কাথ। যব ২ আং, পরিশ্রুত জল ১॥০ পাইণ্ট। প্রথমতঃ শীতল জলদ্বারা যবকে ধৌত করিবে; পরে পরিশ্রুত জলের সহিত আবৃত পাত্র মধ্যে ২০ মিনিট পর্য্যন্ত ফুটা-ইয়া ছাঁকিয়া লইবে। বিবিধ কাস-এবং মূত্রযন্ত্রের রোগে স্নিগ্ধকরণার্থ প্রয়োগ করা যায়, এতদ্ভিন্ন জ্বরাদি রোগে পথ্যের জন্য ব্যবহৃত হয়।

ডিকক্টম ওরাইজি, (Decoction of Rice) বাঙ্গালা অন্নের মণ্ড। চাউল ১ আং, জল ২ পাইণ্ট, ২০ মিনিট কাল আবৃত পাত্র মধ্যে ফুটাইয়া ছাঁকিয়া লইবে। মূত্রযন্ত্রের নানা প্রকার রোগে স্নিগ্ধকরণার্থ শর্করা-সংযোগে প্রয়োজ্য।

ডিকক্টম পাপেবেরিস, (Decoction of Poppies) পোস্তের কাথ। বীজ-রহিত পোস্তের কুট্টিত ঢেঁড়ি ৪ আং, পরিশ্রুত জল ৩ পাইণ্ট; ১০ মিনিট পর্য্যন্ত আবৃত পাত্রে সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবে। বেদনানিবারণার্থ এবং স্নিগ্ধকরণ জন্য বেদনা স্থলে স্বেদ প্রয়োগ করা যায়।

ডিকক্টম পেরিরি, (Decoction Pariera) ডিকক্সন অফ পেরিরা। পেরিরা দেড় আং, পরিশ্রুত জল দেড় পাইণ্ট, সিদ্ধ করিয়া ১ পাইণ্ট করিবে। মাত্রা—১ হইতে ৩ আং। ক্রিয়া—উত্তেজক, আগ্নেয় এবং বলকারক, মূত্রযন্ত্র, শ্লৈষ্মিক ঝিল্লিতে ক্রিয়া প্রকাশকহ অধিক মাত্রায় বিরেচক।

ডিকক্টম কোয়ার্কস, (Decoction of Oak Bark) কুট্টিত ওক বার্ক ১।০ আং, পরিশ্রুত জল ১ পাইণ্ট, ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা—১ হইতে ২ আং।

ডিকক্টম সার্জ্জি কম্পঃ, (Compound Decoction of Sarsaparilla) সার্জাপেরিলা আড়াই আং, স্ফুটিত পরিশ্রুত জল দেড় পাইণ্ট; আবৃত পাত্র মধ্যে ১ ঘণ্টা ভিজাইয়া পরে ১ পাইণ্ট থাকিতে ছাঁকিয়া লইবে। মাত্রা—১ হইতে ৪ আং। ক্রিয়া—পরিবর্ত্তক, বলকারক, ঘর্ম্মকারক, ক্বচিৎ মূত্রকর।

ডিকক্টম স্কোপেরিয়াই, (Decoction of Broom) ডিকক্সন অফ ব্রুম টপ্স। ব্রুম টপ্স শুষ্ক ১ আং, পরিশ্রুত জল ১ পাইণ্ট; আবৃত পাত্রমধ্যে দেড় মিনিট পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিবে। পরিশ্রুত জল দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ২ হইতে ৪ আং। ক্রিয়া—অল্প-মাত্রায় মূত্রকারক, অধিক মাত্রায় বমনকারক ও বিরেচক।

ডিকক্টম সয়মাইডি, (Decoction of Rohun) ডিকক্সন অফ রোহন। রোহিতক ক্বাথ। রোহিতক কুট্টিত দেড় আং, জল ১ পাইণ্ট; আবৃত পাত্রমধ্যে ফুটাইয়া ছাঁকিবে, পরে জলসংযোগ করিয়া পাইণ্ট পূর্ণ করিবে। ওক-বার্কের ক্বাথের পরি-বর্ত্তে কুল্য এবং পিচ্‌কারীর নিমিত্ত ব্যবহার্য্য।

ডিকক্টম টারেক্সেসাই, (Decoction of Dandelion Root) ড্যাণ্ডেলিয়নের শুষ্ক মূল কুট্টিত ১ আং, পরিশ্রুত জল ১ পাইণ্ট; ১০ মিনিট আবৃত পাত্রে রাখিয়া ছাঁকিবে; পরে পরিশ্রুত জলদ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—১ হইতে ৪ আং। ক্রিয়া—পিত্ত-নিঃসারক, মূত্রকারক, স্বেদজনক, মৃদু বিরেচক, পরিবর্ত্তক, আগ্নেয় এবং বলকারক।

ডিকক্টম টার্মেণ্টিলি, (Decoction of Tormentil) ডিকক্সন অফ টর্মে-ণ্টিল। কুট্টিত টর্মেণ্টিল ২ আং, পরিশ্রুত জল দেড় পাইণ্ট; সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাইবে। মাত্রা—১ হইতে ২ আং। ক্রিয়া—সংকোচক ও বলকারক।

ডিকক্টম অলমাই, (Decoction of Elm Bark) ডিকক্সন অফ এল্‌ম বার্ক। কুট্টিত এল্‌মবার্ক আড়াই আং, পরিশ্রুত

জল ১ পাইণ্ট ; ১০ মিনিট আবৃতপাত্রে ফুটাইয়া ছাঁকিবে এবং পরিশ্রুত জল দ্বারা পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—২ হইতে ৪ আং। ক্রিয়া—স্নিগ্ধকারক, বলকারক, ঈষৎ সংকোচক ও পরিবর্ত্তক।

ডিকক্সন, (Decoction) ক্বাথ।

ডিকম্পোজিশন, (Decomposition রাসায়নিক গুণে সংযুক্ত বস্তুর উপাদান বিভিন্ন করা ; বিশ্লেষণ ; পচিয়া যাওয়া বা গলিয়া যাওয়া।

ডিকসেট, (Decussate) ইংরাজী 'X' বর্ণের ন্যায় খণ্ডিত পেশী বা স্নায়ু তন্তু।

ডিকার্বনাইজ, (Decarbonise) রাসায়নিক ক্রিয়া দ্বারা কোন বস্তু হইতে কার্বন অন্তরিত করা।

ডিকিউবিটস, (Decubitus) শয্যাক্ষত।

ডিকে, (Decay) ক্রমে ক্রমে স্বাস্থ্যনাশ ; ক্রমশঃ ক্ষয়প্রাপ্তি।

ডিক্রেপিটেশন, (Decrepitation) উত্তাপ সহযোগে লবণাদির যেরূপ শব্দ হয় তদ্রূপ কুড় কুড় শব্দ।

ডিক্লাইন, (Decline) রোগলক্ষণের হ্রাস প্রাপ্তির অবস্থা ; হ্রাস, ক্ষয়।

ডিগ্রী, (Degree) তাপমান যন্ত্রে চিহ্নিত এক এক ভাগ, অংশ।

ডিগ্লটিশন, (Deglutition) গলাধঃকরণ গিলন।

ডিজর্ডার, (Disorder) সামান্য পীড়া, ক্রিয়াবৈষম্য।

ডিজিজ, (Disease) রোগ, পীড়া, অস্বস্থতা।

ডিজিটস, (Digitus) অঙ্গুলি।

ডিজিটাই, (Digiti) অঙ্গুলি শব্দের বহুবচন।

ডিজিটেট, (Digitate) অঙ্গুলির ন্যায় ভিন্ন ভিন্ন শাখায় বিভক্ত।

ডিজিটেলিস, (Digitalis) ডিজিটেলিস্ পর্‌পিউরিয়া নামক বৃক্ষের পত্র, এই গাছ ইউরোপ খণ্ডে জন্মে। ক্রিয়া—স্নায়বিক অবসাদক, মূত্র এবং শৌত্যকারক।

ডিজিটেলাইনম, (Digitalinum) ডিজিটেলিন চূর্ণ ৪০ আং, শোধিত সুরা, পরিশ্রুত জল, সির্কাদ্রাবক, বিশুদ্ধ জান্তব অঙ্গার, এমোনিয়া দ্রব, ট্যানিক য়্যাসিড, মুদ্রাশঙ্খ চূর্ণ এবং বিশুদ্ধ ইথার, প্রত্যেকে যথাপ্রয়োজন। মাত্রা—একের ষাট হইতে একের ত্রিশ গ্রেং। ক্রিয়া—ডিজিটেলিসের ন্যায়, কিন্তু তদপেক্ষা শতগুণ উগ্র।

ডিজিটেশন, (Digitation) অঙ্গুলীর আকারে অস্থির বিবর্দ্ধন।

ডিজিট্যাল, (Digital) অঙ্গুলীসম্বন্ধীয়।

ডিজিনেশ, (Dizziness) শিরোঘূর্ণন।

ডিজেক্সন, (Dejection) মলত্যাগ ক্রিয়া।

ডিজেনারেশন, (Degeneration) শারীরিক কোন যন্ত্রের বিকৃতি প্রাপ্তি, অপকৃষ্টতা।

ডিজেশ্চন, (Digestion) পরিপাক ক্রিয়া।

ডিজেষ্টিভ, (Digestive) পরিপাক ক্রিয়া সম্বন্ধীয়।

ডিটারজেণ্টস, (Detergentus) বিরেচক বা বিশোধক ঔষধ।

ডিটারমিনেশন, (Determination) শরীরের কোন স্থানে প্রবল প্রচুর অথবা দ্রুতবেগে রক্তাদি তরল পদার্থ প্রবাহিত হওয়া।

ডিটারমিনেশন অফ ব্লাড, (Determination of blood) রক্তসঞ্চয়।

ডিটেক্সন, (Detection) রাসায়নিক পরীক্ষার ফল।

ডিট্রুসর, (Detrusor) যে পেশী দ্বারা মূত্রাদি বহিস্কৃত হয় ; সবলে বহিস্কর পেশী।

ডিট্র্যাক্টর, (Detractor) আকর্ষক পেশী।

ডিণ্ডির, পু, সমুদ্রফেণ।

ডিণ্ডিরমোদক, ন, গৃঞ্জন, লশুন।

ডিণ্ডিস, পু, টিণ্ডিস।

ডিনুডেশন, (Denudation) নগ্নতা ; শরীরের কোন স্থানের আবরণ হীনতা।

ডিনেমিক, (Dynamic) প্রাকৃতিক শক্তির কার্য্য সম্বন্ধীয়। শারীর যন্ত্রে কোন পদার্থের প্রভাবের ভৌতিক বা রাসায়নিক কারণ দৃষ্ট না হইলে এই শব্দের প্রয়োগ হয়।

ডিনেমিক ফোর্শ, (Dynamic force) প্রাকৃতিক বল।

ডিনেমিজেশন, (Dynamization) ঔষধের স্বাভাবিক শক্তির বিকাশকারিণী বিমর্দ্দনাদি হোমিওপ্যাথিক প্রক্রিয়া বিশেষ।

ডিপজিট, (Deposit) তরল পদার্থ হইতে যে অতরল পদার্থ ক্ষরিত হইয়া নীচে পড়ে ; তলানি।

ডিপিলেটরী, (Dipilatory) কেশ উন্মোচক ঔষধ, লোমশাতন।

ডিপ্রেভ্‌ড, (Depraved) বিকৃত, অসুস্থ বা মন্দাবস্থা প্রাপ্ত।

ডিপ্রেশন, (Depression) দুর্ব্বলতা ; শরীর বা মনের অবসন্নতা ; বক্ষস্থলা-

দির ন্যায় নিম্ন স্থান বা গহ্বর; ভগ্ন মস্তকাদির অভ্যন্তর দিকে অবনতি।

ডিপ্রেশর, (Depressor) অবনতিকর পেশী; যে পেশীর আকর্ষণে শরীরের কোন অংশ নীচের দিকে অবনত হয়; জিহ্বা অবনতিকর যন্ত্রবিশেষ।

ডিপ্লিশন, (Depletion) রক্তমোক্ষণাদি দ্বারা রক্তাদি কমান।

ডিপ্লোপিয়া, (Deplopia) দ্বিত্ব দৃষ্টি রোগ; যে রোগ দ্বারা একটী জিনিষ দুইটী দেখায়।

ডিপ্সোমেনিয়া, (Dipsomania) মদিরাদি মাদক দ্রব্য পানের অনিবার্য্য ইচ্ছা।

ডিপ্সোসিস্, (Dipsosis) তৃষ্ণাধিক্য।

ডিফ্‌থিরিয়া, (Diphtheria) শ্লৈষ্মিক প্রদাহ। এই রোগ যার পর নাই [illegible]

ডিফ্‌থিরিটিক, (Diphtheritic) শ্লৈষ্মিক প্রদাহ সম্বন্ধীয়।

ডিফরমিটী, (Diformity) বৈরূপ্য; অস্বাভাবিক আকৃতি।

ডিফারভেসেন্স, (Defervescence) ক্রাইসিস্।

ডিফারেন্ট, (Deferent) যে নল দ্বারা অণ্ড হইতে শুক্র বাহির হয়।

ডিফিউজ, (Diffuse) প্রসারিত, নির্দ্দিষ্ট সীমা বর্জ্জিত।

ডিফিকেশন, (Difecation) মলত্যাগ ক্রিয়া, কোন তরল পদার্থ হইতে তলানি বাহির করিয়া ফেলা।

ডিফিউজিবল, (Diffusible) আস্থায়ী।

ডিফেক্ট, (Defect) বিকলতা, ত্রুটি।

ডিফ্লাক্সন, (Difluxtion) অতিশয় নিঃস্রব স্রাবী পদার্থ।

ডিবিলিটী বা ডেবিলিটী, (Dibility) দৌর্ব্বল্য, শরীরের পেশী তন্তুর শিথিলতা।

ডিবিলিটেটিং, (Dibilitating) দুর্ব্বলকর।

ডিভিয়েশন, (Deviation) শরীরের তরল বা নিরেট পদার্থের বিপথে গমন।

ডিভেলপমেন্ট বা ডেভেলপমেন্ট, (Development) বিকাশ; স্ফূর্ত্তি; পুষ্টি।

[illegible] শরীরাংশ প্রদর্শক; যিনি কোন বিষয় কার্য্যতঃ দেখাইয়া শিক্ষা দেন।

ডিমনোমেনিয়া, (Demonomania) যে প্রকার উন্মাদ রোগে রোগী আপনাকে ভূতপ্রেতাদির আশ্রিত মনে করে।

ডিমালসেন্ট, (Demulcent) স্নিগ্ধকারক বা উপদাহ প্রশমক ঔষধ।

ডিমেন্সিয়া, (Dementia) রোগ বা উপঘাতবশতঃ মানসিক শক্তির হ্রাস; বুদ্ধিবৈকল্য।

ডিম্ব, ন, কলল, জরায়ু, ডিম, (Egg)।

ডিম্বাশয়, (Ovary) এক ইঞ্চ দীর্ঘ বাদামের আকৃতি গর্ভাশয়ের পশ্চাৎ ভাগে স্থিত ক্ষুদ্র ক্ষুদ্র ডিম্ব বা স্ত্রী-বীর্য্যধারী চেপ্টা কোষবিশেষ। সঙ্গমকালে এই ডিম্ব বা স্ত্রীবীর্য্য পুরুষের শুক্রের সহিত মিলিত হইলে গর্ভসঞ্চার হয়।

ডিম্বিকা, স্ত্রী, শোণক বৃক্ষ।

ডিরেক্টার, (Director) প্রদর্শক যন্ত্র; অস্ত্রচিকিৎসায় ছুরিকা প্রবেশার্থ এক প্রকার অপ্রশস্ত যন্ত্র।

ডিলিউশন, (Delusion) অবাস্তব বস্তু বা বিষয় বাস্তবিক বলিয়া জ্ঞান।

ডিলিবরী, (Delivery) প্রসব, খালাস।

ডিলিরিয়ম, (Delirium) কোন কোন রোগে মস্তিষ্কের ক্রিয়া বিকৃতি জন্য মনের যে বিশৃঙ্খলা ও বাক্যের অসংলগ্নতা জন্মে; প্রলাপ।

ডিলিরিয়স, (Dilirius) প্রলাপী।

ডিলিরিয়ম ট্রেমেন্স, (Delirium Tremens) অতিরিক্ত মাদক দ্রব্য সেবন অথবা উহার বিরতি বশতঃ অনিদ্রা ও কম্পসংযুক্ত প্রলাপরোগ; মদাত্যয়, পানাত্যয়।

ডিষ্টর্শন, (Distortion) বৈরূপ্য, অঙ্গবিকৃতি।

ডিষ্টিংক্ট, (Distinct) অসংশ্লিষ্ট, ছাড়া ছাড়া।

ডিষ্টিকিয়্যাসিস, (Distichiasis) দ্বিপক্ষ্ম রোগ; এই রোগে দুই সারি পক্ষ্ম জন্মিয়া এক সারি চক্ষের অভ্যন্তর দিকে যায়।

ডিষ্টিল্ড, (Distilled) পরিশ্রুত, চোয়ান।

ডিষ্টোমা, (Distoma) দ্বিমুখ কৃমী সমূহ।

ডিস্, (Dys) মন্দতা বা সকষ্টতাসূচক পূর্ব্বপদ।

ডিস্ অর্গানিজেশন, (Disorganisation) রোগবশতঃ কোন যন্ত্রের সম্যক পরিবর্ত্তন বা বিনাশ; বিকলতা।

ডিস্ ইউরিয়া, (Dys-uria) মূত্রত্যাগে কষ্ট বা যাতনা; মূত্রকৃচ্ছ্র।

ডিস্ ইন্‌ফেক্‌ট্যাণ্টস, (Dis-infectants) রোগ সংক্রমবিনাশক দ্রব্যাদি।

ডিস্‌কিউলিয়েণ্ট, (Disculient) অর্ব্বুদাদি বিকীর্ণকারী ঔষধ।

ডিসক্রীট, (Discrete) বিশ্লিষ্ট, ছাড়াছাড়া।

ডিস্‌ক্রেসিয়া, (Dyscrasia) রক্তদুষ্টতা;

রক্তে উপদাহকর পদার্থের অবস্থান; ধাতুদোষ।

ডিসগ্যালেক্‌টিয়া, (Disgalactia) স্তন্য-বিকার।

ডিস্‌চার্য্য, (Discharge) স্রাব; পূঁয রক্তাদি নিঃসরণ।

ডিষ্ট্রাক্টিং, (Distracting) ক্ষিপ্তকর।

ডিস্‌প্লেশমেণ্ট, (Displacement) শরীরস্থ যন্ত্রাদির স্থান-ভ্রংশতা।

ডিস্‌ফেজিয়া, (Disphagia) গিলিতে কষ্ট, নিগীরণকৃচ্ছ্র।

ডিস্‌ফোনিয়া, (Dysphonia) বাক্‌-কৃচ্ছ্র।

ডিস্‌মেনোরিয়া, (Dysmenorrhœa) রজঃকৃচ্ছ্র, বাধকবেদনা।

ডিস্‌লোকেশন, (Dislocation) সন্ধিস্থলের স্থানবিচ্যুতি।

ডিসিডিউয়াস, (Disiduous) পতনশীল, অস্থায়ী।

ডিসিডিউয়া মেম্‌ব্রেনা, (Disidua membrana) প্রসবের পর পতনশীল গর্ভস্থ ভ্রূণের আবরক ঝিল্লী।

ডিসেক্সন, (Dissection) মৃতদেহ ব্যবচ্ছেদ।

ডিসেণ্ট্রী, (Dysentry) আমরক্ত, রক্তাতিসার।

ডিসেণ্ডিং, (Descending) নিম্নগামী, অবরোহক, পতনশীল।

ডিসোপিয়া, (Dysopia) দৃষ্টিকৃচ্ছ্র, ঝাপ্‌সা দেখা।

ডিসোরেক্সিয়া, (Dysorexia) ক্ষুধামান্দ্য।

ডিসোসমিয়া, (Dysosmia) আঘ্রাণশক্তির খর্ব্বতা।

ডিস্পনিয়া, (Dyspnœa) শ্বাসকষ্ট।

ডুলী, স্ত্রী, চিল্লীশাক।

ডুশ, (Douche) জলধারা, ঊর্দ্ধ হইতে জলধারার পতন।

ডেঙ্গু, (Dengue) আমবাতিক বেদনা ও পীড়কাবিশিষ্ট এক প্রকার বিশেষ ব্যাপক প্রবল জ্বর।

ডেটুরা আরবরিয়া, আমেরিক ক্ষুপ-বিশেষ।

ডেড্‌লী নাইট সেড, (Deadly night shade) বেলেডোনা নামক বৃক্ষ।

ডেণ্টয়েড, (Dentoid) দন্তাকার, দাঁতের ন্যায়।

ডেণ্টিক্যাল, (Denticle) ক্ষুদ্র দন্ত।

ডেণ্টিফরম, (Dentiform) দন্তাকার।

ডেণ্টিফ্রিস, (Dentifrice) দন্তধারণ চূর্ণ, মাজন।

ডেণ্টিশন, (Dentition) প্রথম দাঁত

উঠিবার সময় বা তৎকালীন লক্ষণ।

ডেণ্টিশিও, (Dentitio) দন্তোদ্গম রোগ।

ডেণ্টিষ্ট, (Dentist) দন্তচিকিৎসক বা কৃত্রিম দন্ত নির্ম্মাতা।

ডেণ্টিষ্ট্রি, (Dentistry) দন্তচিকিৎসা বিদ্যা।

ডেণ্টেট, ডেণ্টেটেড, ডেণ্টিলেটেড, (Dentate, dentated, dentelated) দন্তর, দাঁতাল।

ডেণ্টেটা, (Dentata) দন্তের ন্যায় সূক্ষ্মাগ্র গ্রীবার দ্বিতীয় কশেরুকা।

ডেণ্ট্যাল, (Dental) দন্তসম্বন্ধীয়।

ডেড, (Dead) মৃত।

ডেড বডি, (Dead body) মৃতদেহ।

ডেথ, (Death) মৃত্যু।

ডেথ র‍্যাটল, (Dealh rattle) মৃত্যুকালে গলায় ঘড় ঘড় শব্দ।

ডেন্স, (Dens) দন্ত।

ডেন্সিটী, (Density) নির্দ্দিষ্ট আয়তন বিশিষ্ট কোন বস্তুতে যে পরিমাণে অণু বিদ্যমান থাকে; ঘনত্ব।

ডেফ ডম্বনেশ, (Deaf dumbness) আজন্ম বধিরতা বশতঃ মূকত্ব।

ডেফিনিশন, (Definition) নির্ব্বাচন, সংজ্ঞা।

ডে-ব্লাইণ্ডনেশ, (Day blindness) দিবান্ধতা।

ডেলিটেশেন্স, (Delitescence) প্রদাহাদির সহসা বিলীন হইয়া যাওয়া।

ডেল্টয়েড, (Deltoid) স্কন্ধের ত্রিকোণ পেশী। ডেল্টা বা মাত্রাহীন 'ব' কারের ন্যায় ত্রিকোণ।

ডেস্কোয়ামেশন, (Desquamation) উপত্বক পতন।

ডেস্কোয়ামেটিভ, (Disquamative) উপত্বক পতনশীল।

ডোজ, (Dose) মাত্রা: ঔষধের পরিমাণ।

ডোড়ী, স্ত্রী, ক্ষুপবিশেষ, জীবন্তী শাক; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, দীপক, কফ বাত কণ্ঠরোগ রক্তপিত্ত ও দাহনাশী এবং রুচ্য।

ডোরতী, স্ত্রী, বৃহতী।

ড্যাক্রু, (Dacru) অশ্রুজল।

ড্যাক্রি, ড্যাক্রিও, (Dacry, Dacryo) অশ্রুজল বা অশ্রুস্রাবীযন্ত্রজ্ঞাপক পূর্ব্বপদ।

ড্যাক্রিয়াডেন য়্যালজিয়া, (Dacryaden algia) অশ্রুস্রাবী গ্রন্থির বেদনা ও পীড়া।

ড্যাক্রিয়াডেণ্টাইটিস, (Dacryadent-

tis) অশ্রুস্রাবী গ্রন্থির প্রদাহ।

ড্যাক্রিওমা, (Dacryoma) যে রোগে নাসাপথে অশ্রুস্রাব না হইয়া মুখমণ্ডলে পড়ে।

ড্যাক্রিজিলোসিস, (Dacrygelosis) যুগপৎ হাস্য ক্রন্দনবিশিষ্ট উন্মাদ।

ড্যাক্টিল, (Dactil) অঙ্গুলীবাচক পূর্ব্বপদ।

ড্যাক্টিলয়েড, (Dactiloid) অঙ্গুলীর আকার।

ড্যাক্টিলাইটিস, (Dactilitis) অঙ্গুলীর গভীরাংশের প্রদাহ।

ড্যাণ্ডি ফিবার, (Dandy fever) ডেঙ্গু-জ্বর।

ড্যাণ্ড্রিফ, (Dandriff) ক্ষুদ্র ক্ষুদ্র সাদা আঁইস বা ভূষির ন্যায় উপত্বক উঠিয়া যাওয়া ও পুনরায় উৎপন্ন হওয়া লক্ষণাপন্ন মস্তিষ্কাদির এক প্রকার চর্ম্মরোগ ; খুস্‌কি, রুথি।

ড্রগ, (Drug) ঔষধ দ্রব্য। (ক্রি) অতিরিক্ত ঔষধ সেবন।

ড্রগিষ্ট, (Druggist) ঔষধবিক্রেতা।

ড্রপ, (Drop) ফোঁটা, এক ড্রামের ৬০ ভাগের এক ভাগ।

ড্রপ সিরিণ, (Drop serene) তিমির রোগ।

ড্রপ্‌সি, (Dropsy) শোথ।

ড্রাই কপিং, (Dry cupping) পূর্ব্বে চর্ম্মচ্ছেদ না করিয়া পূর্ব্বে রক্তমোক্ষক বাটী বা কপিং গ্লাস প্রয়োগ।

ড্রাউনিং, (Drowning) জলমগ্ন হওয়া।

ড্রাফ্‌ট, (Draught) একবারে যে পরিমাণে তরল দ্রব্য সেবন করা যায়।

ড্রাম, (Drachm) এক আউন্সের অষ্টমাংশ, ৬০ গ্রেণ পরিমাণ।

ড্রাষ্টিক, (Drastic) অতি বিরেচক।

ড্রিভেলিং, (Drivelling) লালাস্রাব।

ড্রেনেজ, (Drainage) বিস্তীর্ণ ও গভীর মূল ক্ষতাদিতে পূঁযনিঃসরণার্থ রবারের সছিদ্র সূক্ষ্ম নল প্রবিষ্ট করাইয়া চিকিৎসা।

ড্রেঞ্চ, (Drench) বলপূর্ব্বক তরল ঔষধ প্রয়োগ।

ড্রেসার, (Dresser) ক্ষতাদি পরিষ্কার ও বন্ধনকারক।

ড্রেসিং, (Dressing) ক্ষতাদি ধৌত করণ ; ক্ষতাদিতে যাহা লাগান যায়।

ড্রোসেরা, সনডিউ, ক্ষুপ বিশেষ।

ঢ

ঢপঢপ শব্দ, (Hollow sound) শূন্যগর্ভ শব্দ।

ঢক্কাত্বচ্, (Trympanum) কর্ণ-পটহ।

ত

তক্র, ন, পাদাম্বু সংযুত দধি ; যে দধিতে চতুর্থাংশ জল মিশ্রিত করা যায়। (গুণ) বাতপিত্তহর, কফপিত্তহর, গ্রাহী, কষায়, স্বাদু, অম্ল, লঘু, দীপক, বৃষ্য, বাতনাশক, গ্রহণী আদি রোগে পথ্য, স্বাদু, বিপাকী, শ্রমঘ্ন। লবণ-যুক্ত হইলে বাতনাশী, কফকর এবং দীপক। (নবনীতোদ্ধৃত তক্রের গুণ) লঘু, পথ্য। (দোষ এবং ব্যাধি বিশেষে তক্রের গুণাগুণ) বাত ও অম্লদুষ্ট রোগে শুণ্ঠী ও সৈন্ধব সংযুক্ত তক্র উপকারী; হিঙ্গু, জীরক ও সৈন্ধব সংযুক্ত ঘোল অর্শ অতিসার ও বাতঘ্ন ; মূত্রকৃচ্ছ্র রোগে গুড়ের সহিত এবং পাণ্ডুরোগে চিত্রকের সহিত বিশেষ উপকারী। শীতকালে অগ্নিমান্দ্যে, বাতাময়ে, অরুচিতে ও কোষ্ঠাশ্রিতে তক্র অমৃতের ন্যায় হিতকারী। (মতান্তরে) সংগ্রাহী, কষায়, উষ্ণ-বীর্য্য, দীপক, লঘু, ভ্রমনাশক, স্নিগ্ধ, অর্শ গ্রহণী অতিসার দুষ্টাগ্নি ও গুল্মাদি রোগে উপকারী।

তক্র কূর্চ্চিকা, স্ত্রী, ছানা ; (গুণ) মলবন্ধ-বাতকর, রুক্ষ এবং দুর্জ্জর।

তক্রমাংস, ন, ব্যঞ্জনবিশেষ। (গুণ) বাতঘ্ন, লঘু, রুচ্য, বলপ্রদ, কফঘ্ন, কিঞ্চিৎ পিত্তবর্দ্ধক, সর্ব্বাহার পাচক।

তগর, ন, নদীবৃক্ষ, তগরপাদুকা ; (গুণ) শীতল, তিক্ত, দৃষ্টিদোষ, বিষজন্য রোগ, ভূতোন্মাদ ও ভয়নাশক এবং পথ্য। আহুল্য বৃক্ষ। পু, টগর-পুষ্প বৃক্ষ, মদন বৃক্ষ।

তগরপাদিক, ন, তগরপাদুকা।

তন্ত্রী, স্ত্রী, হিঙ্গুপত্রী।

তড়কা, (Convultion) আক্ষেপ রোগ।

তড়িত্বান, পু, মুস্তক।

তণ্ডুরীণ, পু, তণ্ডুলোদক।

তণ্ডুল, পু, বিড়ঙ্গ, তণ্ডুলীয় শাক, ধন্যাদি

নিকর, চাউল।

তণ্ডুলা, স্ত্রী, মহাসঙ্গমা, বিড়ঙ্গ।

তণ্ডুলাম্বু, ন, তণ্ডুলোদক, চেলনী (Rice water) মাড়।

তণ্ডুলী, স্ত্রী, যবতিক্তা লতা, শশাণ্ডুলী, কর্কটী, তণ্ডুলীয় শাক।

তণ্ডুলীক, পু, তণ্ডুলীয় শাক।

তণ্ডুলীয়, পু, ক্ষুদিয়া নটে, চাঁপানটে শাক; (গুণ) শিশির, মধুর, বিষ-পিত্ত দাহ ভ্রম নাশক, রুচিকর, দীপক, পথ্য; (উহার দলের গুণ) হিম, অর্শ পিত্ত রক্ত বিষ কাশ নাশী, গ্রাহক, মধুর, বিপাকে দাহ শোষ প্রশমক, রুচিদায়ক।

তণ্ডুলীয়ক, পু, তণ্ডুলীয় শাক, বিড়ঙ্গ।

তণ্ডুলীয়িকা, স্ত্রী, বিড়ঙ্গ।

তণ্ডুলু, স্ত্রী, বিড়ঙ্গ।

তণ্ডুলের, পু, তণ্ডুলীয় শাক।

তণ্ডুলোথ, ন, তণ্ডুলাম্বু।

তণ্ডুলোদক, ন, তণ্ডুলাম্বু।

তণ্ডুলৌঘ, পু, বেষ্টবংশ, বেউড় বাঁশ।

ততপত্রী, স্ত্রী, কদলীবৃক্ষ।

তৎফল, পু, কুবলয়, কুষ্ঠ নামক ঔষধ, চোরনামক সুগন্ধি দ্রব্য।

তনয়া, স্ত্রী, চক্রকুল্যা লতা।

তনুচ্ছায়, পু, জাল বর্ব্বুক বৃক্ষ।

তনুত্বচা, স্ত্রী, ক্ষুদ্রাগ্নি মন্থ।

তনুপত্র, পু, ইঙ্গুদীবৃক্ষ।

তনুবীজ, পু, রাজ বদর।

তনুব্রণ, পু, বল্মীক রোগ।

তনুক্ষীর, পু, আম্রাতক।

তনূনপ, ন, ঘৃত।

তনূনপাৎ, পু, চিত্রকবৃক্ষ।

তন্তু, (Fabrine) আঁশ, রক্তাদির তন্তুবৎ অংশ।

তন্তুক, পু, সর্ষপ।

তন্তুকী, স্ত্রী, নাড়ী।

তন্তুনিৰ্য্যাস, পু, তাল।

তন্তুভ, পু, সর্ষপ।

তন্তুর, ন, মৃণাল।

তন্তুল, ন, মৃণাল।

তন্তুসার, পু, গুবাক বৃক্ষ।

তন্তুকা, স্ত্রী, গুড়চী।

তন্ত্রী, স্ত্রী, গুড়চী।

তন্দ্রা, স্ত্রী, নিদ্রাবৎ ক্লান্তি, (Nap) ঈষৎ নিদ্রা আবল্য।

তন্দ্রাদোষ, (.Coma) রোগে নিদ্রাবল্য বা অচৈতন্য।

তন্নি, স্ত্রী, চাকুল্যা

তন্বী, স্ত্রী, শালপাণি।

তপন, পু, ভাল্লাতক বৃক্ষ, অর্কবৃক্ষ, তাম্র-ক্ষুদ্রাগ্নি মন্থ বৃক্ষ, সূর্য্যকান্ত মণি।

তপনচ্ছদ, পু, আদিত্য পত্র বৃক্ষ।
তপনতনয়া, স্ত্রী, শমীবৃক্ষ।
তপনমণি, পু, সূর্য্যকান্ত মণি।
তপজীয়, ন, স্বর্ণ
তপনীয়ক, ন, স্বর্ণ।
তপনেষ্ট, ন, তাম্র।
তপস্ত, ন, কুন্দপুষ্প।
তপস্বিনী, স্ত্রী, জটামাংসী, কটুরোহিনী, মহাশ্রাবনিকা।
তপস্বিপত্র, পু, দমনক বৃক্ষ।
তপস্বী, পু, ঘৃতকরঞ্জ, তপ্সী মাছ।
তপোধন, পু, দমনক বৃক্ষ।
তপোধনা, স্ত্রী, মুণ্ডিরী।
তপ্তরূপক, ন, রৌপ্য।
তম, পু, তমালবৃক্ষ।
তমর, ন, বঙ্গ।
তমরাজ, পু, শর্করা বিশেষ, নবাত; (গুণ) তৃষ্ণা জ্বর দাহ রক্তপিত্ত নাশী।
তমস্বি, (Amorosis) তিমির অর্থাৎ অন্ধকার দৃষ্টি রোগ।
তমস্বিনী, স্ত্রী, হরিদ্রা।
তমা, স্ত্রী, তমালবৃক্ষ।
তমাল, ন, পত্রক, তেজপত্র। পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) মধুর, বল্য, বৃষ্য, শিশির, গুরু, কফ পিত্ত তৃষ্ণা দাহ শ্রম শান্তিকর। বরুণবৃক্ষ, কৃষ্ণখদির। পু, ন, বৃক্ষবিশেষ, বংশত্বক।
তমালক, ন, সুনিষণ্ণ শাক, তেজপত্র। পু, ন, তমাল বৃক্ষ, বংশত্বক।
তমালপত্র, ন, তমাল বৃক্ষ, তেজপত্র।
তমালিকা, স্ত্রী, তাম্রবল্লী, ভূম্যামলকী।
তমালিনী, স্ত্রী, ভূম্যামলকী।
তমালী, স্ত্রী, বরুণবৃক্ষ, তাম্রবল্লী।
তমী, স্ত্রী, হরিদ্রা।
তমোদৃষ্টি, (Dim sight) ঘোর দৃষ্টি, ঝাপ্সা দৃষ্টি।
তরণি, স্ত্রী, ঘৃতকুমারী। পু, অর্কবৃক্ষ।
তরণী, স্ত্রী, পদ্মচারিণী, ঘৃতকুমারী।
তরদী, কণ্টকারী বৃক্ষভেদ; (গুণ) তিক্ত, মধুর, গুরু, বল্য, কফনাশক।
তরম্বুজ, ন, তরমুজ।
তরলা, স্ত্রী, যবাগূ, সুরা, মধুমক্ষিকা।
তরিতা, স্ত্রী, গৃঞ্জন, গাঁজা।
তরুণ, ন, কুব্জপুষ্প। পু, স্থূলজীরক, এরণ্ড। (Acute) নবীন বা প্রবল।
তরুণ জ্বর, পু, সপ্তাহাবধি জ্বর।
তরুণ দধি, ন, পঞ্চদিনাতীত দধি।
তরুণী, স্ত্রী, ঘৃতকুমারী, দন্তীবৃক্ষ, চৌড়ানামক গন্ধদ্রব্য, পুষ্পবিশেষ, সেউতি; (গুণ) শিশির, স্নিগ্ধ, পিত্ত দাহ জ্বর মুখপাক তৃষ্ণা বিচ্ছর্দ্দি নাশী।

তরুণী কটাক্ষমাল, পু, তিলক বৃক্ষ।
তরুভুক, পু, বন্দাক।
তরুরাজ, পু, তাল বৃক্ষ।
তরুরুহা, স্ত্রী, বন্দাক।
তরুরোহিণী, স্ত্রী, বন্দাক।
তরুবল্লী, স্ত্রী, জতুকা লতা।
তরুসার, পু, কর্পূর।
তরুস্থা, স্ত্রী, বন্দাক।
তরূট, পু, উৎপল কন্দ; (গুণ) গুরু, বিষ্টম্ভী এবং শীতল।
তর্কারী, স্ত্রী, জয়ন্তী বৃক্ষ।
তর্কারু, পু, কুষ্মাণ্ড।
তর্কিণ, পু, চক্রমর্দ্দ বৃক্ষ।
তর্কিল, পু, চক্রমর্দ্দ বৃক্ষ।
তর্জ্জনী, স্ত্রী, অঙ্গুষ্ঠ সমীপস্থ অঙ্গুলী, প্রদেশিনী।
তর্পণ, (Pleasing) তৃপ্তিজনক, সুখকর।
তর্পিণী, স্ত্রী, পদ্মচারিণী। গুরুস্কন্ধবৃক্ষ, শ্লেষ্মণা বৃক্ষ।
তর্ব্বট, পু, চক্রমর্দ্দ।
তর্ক্ষ্য, পু, যবক্ষার।
তল, পু, তালবৃক্ষ।
তল্‌তলে, (Spongy) স্পঞ্জের ন্যায় সছিদ্র।
তলানি, (Sediment) অধঃপতিত পদার্থ।
তলিত, ন, ভৃষ্ট মাংস; (গুণ) বল মেধা মাস ওজঃ ও শুক্রবৃদ্ধিকর, তর্পণক, লঘু, স্নিগ্ধ, রোচক এবং দৃঢ়তাকর।
তবরাজ, পু, যবাস শর্করা।
তবরাজোদ্ভব খণ্ড, পু, যবাস শর্করা সম্ভূত খণ্ড; (গুণ) দাহ তাপ তৃষ্ণা মোহ মূর্চ্ছা শ্বাস নাশী, ইন্দ্রিয় তর্পণক, শীতল, সদা মধুর।
তবক্ষীর, ন, তোয়াক্ষীর; (গুণ) মধুর, শিশির, দাহ পিত্ত ক্ষয়কাশ কফাস্র-দোষ নাশী।
তবক্ষীরী, স্ত্রী, গন্ধপত্রা।
তবীষ, পু, স্বর্ণ।
তস্কর, পু, পৃক্কাশাক, মদনবৃক্ষ, চোরহুলী।
তস্করস্নায়ু, পু, কাকনাসা লতা।
তাড়ক, পু, বীজতাড়ক।
তাড়কা ফল, ন, বৃহদেলা।
তাড়কী ফল, ন, বৃহদেলা।
তাড়ি, পু, পত্রদ্রুম, তড়িয়াৎ বৃক্ষ।
তাড়িৎ যন্ত্র, (Galvanic Battery) অবশাঙ্গ প্রভৃতি রোগে তাড়িৎ প্রয়োগার্থ যন্ত্রবিশেষ।
তাড়ী, স্ত্রী, পত্রদ্রুম, তাড়িয়াৎ বৃক্ষ, তালরস।
তাণ্ডবরোগ, (Chorea) একপ্রকার রোগ। এই রোগে মুখমণ্ডল ও

অঙ্গের পেশী সকল হাস্যজনক ভাবে কম্পিত ও সঞ্চালিত হয় বলিয়া তাণ্ডব বা উদ্ধতনৃত্য রোগ বলে। গতিবিধায়িণী স্নায়ুর বিকার বশতঃ এই আক্ষেপিক রোগ জন্মে।

তান্তব, (Fibrinous) তন্তুময়, আঁশাল।

তান্ত্র, (Fibrin) জন্তু ও উদ্ভিদ পদার্থের আঁশল অংশ।

তাপ, (Caloric) উত্তাপ।

তাপমান যন্ত্র, (Thermometer) যে যন্ত্রদ্বারা তাপের পরিমাণ করা যায়।

তাপস, ন, তমাল বৃক্ষ, তেজপাতা। পু, দমনক বৃক্ষ।

তাপসতরু, পু, ইঙ্গুদীবৃক্ষ।

তাপস দ্রুম, পু, ইঙ্গুদি বৃক্ষ।

তাপসদ্রুম মন্নিভা, স্ত্রী, গর্ভদাত্রী ক্ষুপ।

তাপসপ্রিয়, পু, পিয়াল বৃক্ষ, ইঙ্গুদীবৃক্ষ।

তাপসপ্রিয়া, স্ত্রী, দ্রাক্ষা।

তাপাংশ, (Degree of heat) তাপের পরিমাণ।

তাপিঞ্জ, ন, ধাতুমাক্ষিক। পু, তমালবৃক্ষ।

তাপোদ্ভাবন, (Generation of heat) তাপের উৎপত্তি করা।

তাপবিকীরণ, (Radiation of heat) তাপ প্রসারণ। র‍্যাডিয়েশন দেখ।

তাপ্য, ন, স্বর্ণমাক্ষিক।

তাপ্যক, ন, মাক্ষিক।

তাপুত্থ সংজ্ঞক, ন, মাক্ষিক।

তামর, ন, জল, ঘৃত।

তামরস, ন, পদ্ম, স্বর্ণ, তাম্র।

তামলকী, স্ত্রী, ভূম্যামলকী।

তামসী, স্ত্রী, জটামাংসী।

তামসী নিদ্রা, (Coma) অচৈতন্যবৎ প্রগাঢ় নিদ্রা।

তাম্র, ন, তামা, ধাতু বিশেষ। (গুণ) মধুর, কষায়, তিক্ত, বিপাকে কটু, শীতল, কফ পিত্ত বিবন্ধ শূল পাণ্ডু উদর ও গুল্ম রোগ নাশী, অম্ল, সারক, রোপক্, লঘু, লেখনক, অর্শ জ্বর কুষ্ঠ শ্বাসকাশ ক্ষয় পীনস অম্লপিত্ত শোথ ও কৃমি নাশক এবং বৃংহণক। (পঞ্চামৃত দ্বারা পঞ্চ পুট দত্ত তাম্রের গুণ) কান্তি ভ্রান্তি শূল অগ্নিমান্দ্য ও পিত্ত নাশী, বলকারক; (অশোধিত তাম্রের দোষ) আয়ু শুক্র বলনাশক, রোগবৃদ্ধিকর, ছর্দ্দি ভ্রম মূর্চ্ছা ক্লেদ নানা রোগ কুষ্ঠ শূল বিদাহ স্বেদ অরুচি চিত্তসন্তাপকারী এবং বিষতুল্য। কুষ্ঠরোগ বিশেষ।

তাম্রক, ন, তাম্র।

তাম্রকূট, পু, ক্ষুপবিশেষ, তামাক।

তাম্রক্রিমি, পু, ইন্দ্রগোপ কীট।

তাম্রগর্ভ, ন, তুথ, তুঁতে।
তাম্রচূড়, পু, কক্কুট, কুক্কুরক্র।
তাম্রদুগ্ধা, স্ত্রী, গোরক্ষ দুগ্ধা।
তাম্রপত্র, পু, জীবশাক।
তাম্রপর্ণী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
তাম্রপল্লব, পু, অশোক বৃক্ষ।
তাম্রপাকী, পু, গর্দ্দভাণ্ড বৃক্ষ।
তাম্রপাদী, স্ত্রী, হংসপদী।
তাম্রপুষ্প, পু, রক্তকাঞ্চন, ভূমিচম্পক।
তাম্রপুষ্পিকা, স্ত্রী, রক্তত্রিবৃৎ।
তাম্রপুষ্পী, স্ত্রী, ধাতকী, পটলা বৃক্ষ।
তাম্রমূলা, স্ত্রী, দুরালভা, লজ্জালু, কচ্ছুরা, ক্ষীরাই।
তাম্রবর্ণ, পু, পল্লীবাহ তৃণ।
তাম্রবর্ণা, স্ত্রী, ওড্র পুষ্প বৃক্ষ।
তাম্রবল্লী, স্ত্রী, মঞ্জিষ্ঠা; (গুণ) কষায়, কফদোষ মুখ কণ্ঠোত্থরোগ নাশী, শ্লেষ্মশুদ্ধিকর।
তাম্রবীজ, পু, কুলথ।
তাম্রবৃন্ত, পু, কুলথ।
তাম্রবৃন্তা, স্ত্রী, কুলথিকা।
তাম্রবৃক্ষ, পু, রক্তচন্দন, কুলথ।
তাম্রসার, ন, রক্তচন্দন।
তাম্রসারক, ন, রক্তচন্দন।
তাম্রা, স্ত্রী, সৈংহলী।
তাম্রাভ, ন, রক্তচন্দন।

তাম্রার্দ্ধ, ন, কাংস্য।
তাম্রিকা, স্ত্রী, গুঞ্জা।
তাম্বূল, ন, পর্ণ, পান; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, মধুর, কষায়, বাত কৃমি কফ দুঃখদোষ নাশী, কামাগ্নি সন্দীপক, স্ত্রী সম্ভাষণ ভূষণক, সুপ্তোত্থিতে ও ভুক্তাবস্থাতে শস্ত, তীক্ষ্ণ, পীনস কাশ নাশী, রুচ্য, দাহকর; (কাল পানের গুণ) তিক্ত, উষ্ণ, কষায়, দাহ বক্ত্র-জাড্য মলধারী; (সাদা পানের গুণ) শ্লেষ্মাময়, বাতরোগনাশী, পথ্য, রুচ্য, দীপক, পাচক। (সদ্যস্ত্রোটিত তাম্বূল ভক্ষণের গুণ) মুখরোগ জাড্য দোষ বাত অরোচক রক্তমল বিষ্টম্ব এবং কান্তিকর। ত্রিরাত্র ত্রোটীত (ভূয়োজ্জল যোজিত তাম্বূলের গুণ) উত্তম রুচি ও বলকারক, ত্রিদোষার্ত্তি নাশক।
তাম্বূল পত্র, পু, পিণ্ডালু।
তাম্বূলরাগ, পু, মসূর।
তাম্বূল বল্লিকা, স্ত্রী, তাম্বূলী।
তাম্বূলবল্লী, স্ত্রী, তাম্বূল লতা।
তাম্বূলী, স্ত্রী, তাম্বূল লতা।
তার, ন, রৌপ্য, মুক্তা। পু, শুদ্ধমৌক্তিক।
তারক, তারকা, ন, স্ত্রী, কনীনিকা, চক্ষের তারা।

তারকা, স্ত্রী, ইন্দ্রবারুণী।

তারকামণ্ডল, (Iris) যে মণ্ডলের অভ্যন্তরে চক্ষুর তারা অবস্থিত ও যাহার বর্ণানুসারে চক্ষু কাল কটা বা নীলবর্ণ দেখায়; উপতারা।

তারতণ্ডুল, পু, ধবল যাবনাল।

তারদী, স্ত্রী, তবদীবৃক্ষ।

তারপুষ্প, পু, কুন্দপুষ্প বৃক্ষ।

তারবিমলা, স্ত্রী, ধাতুবিশেষ, সীসক।

তারশুদ্ধিকর, ন, ধাতুবিশেষ, সীসক।

তারা, স্ত্রী, পু, চক্ষের তারা। (Pupil) চক্ষের মণি।

তারাভ্র, পু, কর্পূর।

তারারি, পু, বিটমাক্ষিক।

তাবিকা, স্ত্রী, তালরস, তাড়ি।

তার্ক্ষী, স্ত্রী, পাতাল গরুড়ী লতা।

তার্ক্ষ্য, ন, রসাঞ্জন। পু, শালবৃক্ষ, অশ্বকর্ণ বৃক্ষ, স্বর্ণ।

তার্ক্ষ্যজ, ন, রসাঞ্জন।

তার্ক্ষ্যী, স্ত্রী, বনলতা বিশেষ।

তাল, ন, হরিতাল, তালীশ পত্র, তালফল। পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) মধুর, শীতল, পিত্ত দাহ শ্রমহর। (রসের গুণ) কফ পিত্ত দাহ শোক নাশক; (ফলের গুণ) শীতল, বল্য, স্নিগ্ধ, স্বাদু, গুরু, বিষ্টম্ভী, বাত পিত্তাস্র ক্ষত দাহ ও ক্ষয়নাশী। পিত্ত রক্ত শ্লেষ্ম বিবর্দ্ধক, দুর্জর, বহুমূত্রকর, তন্দ্রা অভিষ্যন্দী শুক্রদাতা, বাতকৃমি কুষ্ঠ রক্তপিত্তনাশী, বৃংহক, বৃষ্য, স্বদু; (বীজের গুণ) মূত্রকর, মিষ্ট, বাতপিত্তহর, গুরু; (তালের জলের গুণ) পিত্ত নাশী, শুক্র স্তন্য বৃদ্ধিকর এবং গুরু; (অস্থিমজ্জা গুণ) মধুর, মূত্রল, শীতল, গুরু; (নূতন জলের গুণ) অতিশয় মত্ততাকারী, আম্লীভূত এবং দুর্জর। (তাল প্রলম্বের গুণ) রুক্ষ, ক্ষতরোগনাশী। (তরুণ মজ্জাগুণ) কিঞ্চিন্মদকর, লঘু, শ্লেষ্মকর, বাতপিত্তনাশী, সস্নেহ, মধুর, সারক; (তালশিরোগুণ) স্বাদু, তিক্ত, কষায়, মূত্রাতঙ্করোগনাশী, বল প্রাণ এবং শুক্রবৃদ্ধিকর।

তালক, ন, হরিতাল, তুবরিকা।

তালকী, স্ত্রী, তালসুরা, তাড়ি।

তালপত্র, ন, তালবৃক্ষের পাতা।

তালপত্রিকা, স্ত্রী, মুষলী, তালমূলী।

তালপত্রী, স্ত্রী, মূষিকপর্ণী।

তালপর্ণ, ন, স্ত্রী, মুরানামক গন্ধদ্রব্য।

তালপর্ণী, স্ত্রী, মধুরিকা, মুরা, তালমূলী।

তালপুষ্পক, ন, প্রপৌণ্ডরিক। [জাপ।

তালপ্রলম্ব ন, তালজটা; (গুণ) রুক্ষ, ক্ষতর

তালমূলিকা, স্ত্রী, তালমূলী।

তালমূলী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ। (গুণ) মধুর, শীতল, বৃষ্য, পুষ্টি বল ও কফপ্রদ, পিচ্ছিল, পিত্ত দাহ ও শ্রম নাশক, উষ্ণবীর্য্য, বৃংহণক, গুরু, তিক্ত, রসায়ন, অনিল (বায়ু) নাশী।

তালবৃন্ত, ন, ব্যজন, তালপাতার পাখা; (বায়ু গুণ) লঘু ও ত্রিদোষ প্রসমনক।

তালক্ষীরক, ন, তালসম্ভূত তব ক্ষীর, তোয়া ক্ষীর।

তালাখ্যা, স্ত্রী, মুরা।

তালাঙ্ক, পু, শাক ভেদ।

তালাঙ্কুর, পু, তাল অাঁটির শাঁস।

তালি, স্ত্রী, ভূম্যামলকী, তালমূলী।

তালিকা, স্ত্রী, তালমূলী, তালবল্লী।

তালী, স্ত্রী, তাড়ি, তাড়িয়াৎ, তামলকী, ভুঁই আমলা, তুবরিকা, তালমূলী, স্বরাভেদ, খর্জ্জুর, তালীমা পত্র।

তালীপত্র, ন, তালীশপত্র।

তালীশপত্র, ন, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) তিক্ত, উষ্ণ, মধুর, কফ বাত কাশ হিক্কা ক্ষয় শ্বাস ও ছর্দ্দিদোষ নাশক, লঘু, অরুচি গুল্ম আম ও অগ্নিমান্দ্য নাশী। ভূম্যামলকী।

তালু, তালুক, ন, টাক্‌রা, তেলো। (Palate)

তালুপার্শ্ব গ্রন্থি, (Tonsils) তালুমূল।

তালুমূল, (Tonsil) তালুর দুই পার্শ্বে বাদামের ন্যায় গ্রন্থিদ্বয়।

তালুমূলপ্রদাহ, (Tonsilitis) তালুপার্শ্ব-গ্রন্থি প্রদাহ।

তাবীষ, পু, স্বর্ণ।

তিক্ত, ন, পর্পটীকৌষধি, ক্ষেতপাপড়া। পু, রসবিশেষ, তিত; (গুণ) জন্তু-কুষ্ঠ জ্বরার্ত্তি কাশ দাহ নাশী, রোচক, শীতল, তৃষ্ণা মূর্চ্ছা পিত্ত কফ বিষ-ক্লেশ রক্তরোগ নাশী, স্বয়মরু বিষ্ণু কণ্ঠশুন্য ও আস্য শোষক, রুক্ষ, লঘু।

তিক্তক, পু, পটোল, চিরতিক্ত, চিঁরাতা, কৃষ্ণ খদির, ইঙ্গুদিবৃক্ষ।

তিক্তকন্দিকা, স্ত্রী, গন্ধপত্রা।

তিক্তকা, স্ত্রী, কটুতুম্বী, তিতলাউ।

তিক্তগন্ধিকা, স্ত্রী, বরাহক্রান্তা।

তিক্তগুঞ্জা, স্ত্রী, করঞ্জা।

তিক্ততণ্ডুলা, স্ত্রী, পিপ্পলী।

তিক্ততুণ্ডী, স্ত্রী, কটুতুণ্ডী লতা।

তিক্ততুম্বী, স্ত্রী, কটুতুম্বী, তিতলাউ।

তিক্তদুগ্ধা, স্ত্রী, ক্ষীরিণী, ক্ষীরুই, অজ-শৃঙ্গী।

তিক্তধাতু, পু, পিত্ত।

তিক্তপত্র, পু, কর্কোটক, কাঁকরোল।

তিক্তপর্ব্বা, স্ত্রী, দূর্ব্বা, হিলমোচী, গুড়ূচী, যষ্টিমধু।

তিক্তপুষ্পা, স্ত্রী, পাঠা।

তিক্তফল, পু, কতক বৃক্ষ।

তিক্তফলা, স্ত্রী, যবতিক্তা লতা, বার্ত্তাকী, ষড়ভুজা, খরমুজ।

তিক্তভদ্রক, পু, পটোল।

তিক্তমরিচ, পু, কতকবৃক্ষ।

তিক্তরোহনিকা, স্ত্রী, কটুকা।

তিক্তরোহিনী, স্ত্রী, কটুকা।

তিক্তবল্লী, স্ত্রী, মূর্ব্বালতা।

তিক্তবীজা, স্ত্রী, কটুতুম্বী।

তিক্তশাক, পু, খদির বৃক্ষ, বরুণবৃক্ষ, পত্রসুন্দর বৃক্ষ।

তিক্তসার, ন, দীর্ঘ রোহিষ তৃণ। পু, খদির বৃক্ষ।

তিক্তা, স্ত্রী, কটুরোহিনী, পাঠা, যবতিক্তালতা, ষড়ভুজা, ছিক্কনী, লতাকস্তুরী।

তিক্তাখ্যা, স্ত্রী, কটুতুম্বী।

তিক্তাঙ্গ, স্ত্রী, পাতাল গরুড়ী লতা।

তিণ্টি, স্ত্রী, বৃহৎ।

তিত্তির, তিত্তিরী, স্ত্রী, পক্ষীবিশেষ, তিতির পাখী; (মাংসগুণ) রুচ্য, লঘু, বীর্য্যবলপ্রদ, কষায়, মধুর, শীতল, ত্রিদোষপ্রশমক

তিন্নাশক, পু, তিনিশবৃক্ষ।

তিনিশ, পু, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) কষায়, উষ্ণ, কফরক্তাতিসার বাতাময় নাশী, গ্রাহক এবং দাহজনক।

তিন্তিড়, পু, চিঞ্চা, বৃক্ষাম্ল।

তিন্তিড়িকা, স্ত্রী, তিন্তিড়ী।

তিন্তিড়ী, স্ত্রী, বৃক্ষবিশেষ, তেঁতুল; (কাঁচার গুণ) অত্যম্ল, কফপিত্তকর এবং বাতনাশক (বাহ্য প্রয়োগে।) (পাকা ফলের গুণ) দীপক, রুচিকর, ভেদক, উষ্ণ, কফবাতনাশক, বিষ্টম্ভনাশী, মধুরাম্ল, রুচিপ্রদ, শোকপাককর, লেপনে ব্রণ দোষ নষ্ট হয়। (পাতার গুণ) শোকরক্তদোষ ও ব্যথা নাশী। (শুষ্ক ছালের ক্ষারের গুণ) শূল ও মন্দাগ্নিনাশী।

তিন্তিড়ীক, ন, বৃক্ষাম্ল।

তিন্তিড়িকা, স্ত্রী, তিন্তিড়ী।

তিন্তিলিকা, স্ত্রী, তিন্তিড়ী।

তিন্দিশ, পু, টিণ্ডিস বৃক্ষ।

তিন্দু, পু, তিন্দুক বৃক্ষ।

তিন্দুক, ন, কর্ষ পরিমাণ। পু, স্ত্রী, বৃক্ষবিশেষ, গাব, কেন্দুক বৃক্ষ, টেঁছু; (কাঁচা ফলের গুণ) কষায়, গ্রাহী, বাতকর, শীতল এবং লঘু। (পাকা ফলের গুণ) মধুর, স্নিগ্ধ, দুর্জর, শ্লেষ্মদ, গুরু, ব্রণ বাত নাশী,

পিত্ত প্রমেহাস্র ও শ্লেষ্মা নাশী।

তিন্দুকি, স্ত্রী, বৃক্ষ বিশেষ, গাব।

তিন্দুকিনী, স্ত্রী, আবর্ত্তকী।

তিন্দুকী, স্ত্রী, তিন্দুক।

তিমির, ন, পু, নেত্ররোগ বিশেষ।

তিমির রোগ, (Amaurosis) য়্যামো-রোসিস্, অন্ধতা।

তিমিরদৃষ্টি, (Dim sight) ঝাপ্সা দৃষ্টি।

তির্য্যক, (Crooked) বক্র, টেরা।

তির্য্যক দৃষ্টি, (Strabismus) বক্রদৃষ্টি, টেরা।

তিল, (Mole) গাত্রচিহ্ন বিশেষ। পু, স্বনামখ্যাত শস্য; (গুণ) রসে কটু, তিক্ত, মধুর, তুবর, গুরু, বিপাকে কটু, স্বাদু, স্নিগ্ধ, উষ্ণ, কফ পিত্তকর, বল্য, কেশহিতকর, হিমস্পর্শ, ত্বচ্য, স্তন্য, ব্রণে হিতকর, অল্প ও মূত্রকর, গ্রাহী, বাতঘ্ন, অগ্নি ও মতিপ্রদ, বর্ণকর; (তৈলের গুণ) অলঙ্কর, কেশ্য, মধুর, তিক্ত, কষায়, তীক্ষ্ণ, বলকর, কফবাত জন্তু খর্জু ব্রণ কণ্ডূতি নাশী, কান্তিক, নস্যে হিতকর।

তিলক, ন, ক্লোম, কৃষ্ণবর্ণ সৌবর্চ্চল। পু, পুষ্পবৃক্ষ বিশেষ; (গুণ) পাকে কটু, বাত পিত্ত কফ ব্রণ রক্তনাশী, বলপুষ্টি-মেদকর, হৃদ্য, লঘু; (ত্বক অর্থাৎ ছালের গুণ) কষায়, উষ্ণ, কৃমি শোক ব্রণ রক্তনাশী। মরুবক, ক্ষুদ্র রোগ বিশেষ; তিলকালক, তিল।

তিলকট, পু, তিলরজ, তিলচূর্ণ।

তিলকালক, পু, ক্ষুদ্র রোগবিশেষ, তিল, শরীরস্থ তিল।

তিলকিট্ট, ন, তিলমল, পিণ্যাক তিলখলি; (গুণ) গ্লপন, রুক্ষ, বিষ্টম্ভী, দৃষ্টি-দূষণক।

তিলচিত্রপত্রক, পু, তৈলকন্দ।

তিলচূর্ণ, ন, চূর্ণীকৃত তিল; (গুণ) মধুর, রুচ্য, পিত্তাস্র বল পিত্তদ।

তিল তৈল, ন, তিলস্নেহ, (তিল শব্দদেখ)।

তিলপর্ণ, ন, চন্দন, তিলবৃক্ষপত্র। পু, শ্রীবেষ্ট।

তিলপর্ণিকা, তিলপর্ণী, স্ত্রী, রক্তচন্দন।

তিলপিচ্চট, ন, তিলপিষ্টক, তিল্‌কুটা।

তিলপিঞ্জ, পু, নিষফল তিল বৃক্ষ।

তিলরস, পু, তিল তৈল।

তিলাঙ্কিতদল, পু, তৈলকন্দ।

তিলাপত্যা, স্ত্রী, কৃষ্ণজীরক।

তিলৌদন, ন, কৃশর।

তিল্ব, তিল্বক, পু, লোধ্র, শ্বেতলোধ্র, রক্ত-লোধ।

তিষ্যপুষ্পা, তিষ্যফলা, স্ত্রী, আমলকী।

তিষ্যা, স্ত্রী, আমলকী।

তীর্ণপদী, স্ত্রী, তালমূলী।

তীব্র, ন, লৌহ।

তীব্রকণ্ঠ, পু, শূরণ।

তীব্রগন্ধা, স্ত্রী, যবানী।

তীব্রজ্বালা, স্ত্রী, ধাতকী।

তীব্রা, স্ত্রী, কটুরোহিনী, গণ্ডদূর্ব্বা, রাজিকা, মহাজ্যোতিষ্মতী, তরদীবৃক্ষ, তুলসী।

তীক্ষ্ণ, ন, বিষ, লৌহ, সামুদ্র লবণ, মুষ্কক, চব্য। পু, যবক্ষার, শ্বেতকুশ, কুন্দুরুক।

তীক্ষ্ণক, পু, গৌরসর্ষপ, মুষ্কক।

তীক্ষ্ণকণ্টক, পু, ধুস্তূর, বর্ব্বূর, ইঙ্গুদী, করীর।

তীক্ষ্ণকণ্টকা, স্ত্রী, কন্থারী বৃক্ষ।

তীক্ষ্ণকন্দ, পু, পলাণ্ডু।

তীক্ষ্ণকল্ক, পু, তম্বরু বৃক্ষ।

তীক্ষ্ণগন্ধ, পু, শোভাঞ্জন বৃক্ষ, রক্ত-তুলসী, কুন্দুরু নামক গন্ধদ্রব্য।

তীক্ষ্ণগন্ধক, পু, শোভাঞ্জন বৃক্ষ।

তীক্ষ্ণগন্ধা, স্ত্রী, শ্বেতবচা, কন্থারী, রাজিকা, বচা, জীবন্তী, সূক্ষ্মৈলা।

তিক্ষ্ণতণ্ডুলা, ন, সর্জরস, সুহীক্ষীর, সুরা, কটু তৈল।

তীক্ষ্ণপত্র, পু, তুম্বরু বৃক্ষ।

তীক্ষ্ণপুষ্প, ন, লবঙ্গ।

তীক্ষ্ণপুষ্পী, স্ত্রী, কেতকী।

তীক্ষ্ণফল, পু, তম্বরু বৃক্ষ।

তীক্ষ্ণমূল, পু, শিগ্রু, কুলঞ্জন।

তীক্ষ্ণরস, পু, যবক্ষার।

তীক্ষ্ণশূক, পু, যব।

তীক্ষ্ণসারা, স্ত্রী, শিংশপা।

তীক্ষ্ণা, স্ত্রী, বচা, সর্পকঙ্কালিকা বৃক্ষ, কপিকচ্ছু, মহাজ্যোতিষ্মতী, অতায়পর্ণী।

তীক্ষ্ণায়স, ন, লৌহবিশেষ, তিখা, ইস্পাত; (গুণ) রুক্ষ; উষ্ণ, তিক্ত, রক্তপিত্ত কফ প্রমেহ পাণ্ডু শূল নাশী, তীক্ষ্ণ, মুণ্ডলোহাধিক।

তুকাক্ষীরী, তুগা, স্ত্রী, বংশলোচন।

তুগাক্ষীরী, স্ত্রী, বংশলোচন; (গুণ) ক্ষয় শ্বাসকাশ নাশী, মধুর এবং শীতল।

তুঙ্গ, ন, কিঞ্জল্ক। পু, পুন্নাগবৃক্ষ, নারিকেল।

তুঙ্গক, ন, পুন্নাগ বৃক্ষ।

তুঙ্গক, স্ত্রী, বংশলোচন, শমী।

তুঙ্গিনী, স্ত্রী, মহাশতাবরী।

তুঙ্গী, স্ত্রী, হরিদ্রা, বর্ব্বরা, বাবুই।

তুচ্ছদ্রু, পু, এরণ্ড বৃক্ষ।

তুচ্ছধান্যক, ন, পূলাক, আগড়া।

তুচ্ছা, স্ত্রী, তুত্থা, নীলীবৃক্ষ।

তুণি, পু, তুন্নবৃক্ষ।

তুণ্ডকেরিকা, স্ত্রী, কার্পাসী।

তুণ্ডকেরী, তুণ্ডিকা, স্ত্রী, বিম্বিকা, তেলাকুচা।
তুণ্ডকেরী, স্ত্রী, কার্পাসী, বিম্বিকা।
তুণ্ডিকেশী, স্ত্রী, বিম্বিকা।
তুথ, ন, খর্পরীতুথ, উপধাতু বিশেষ, তুঁতিয়া; (গুণ) কটু, কষায়, উষ্ণ, ক্ষিরনেত্রাময়নাশী, সর্ব্বদোষ প্রশমক, কান্তিকারক, ক্ষার, নির্ম্মল, লঘু, ভেদক, কৃমি কুষ্ঠ কফ নাশী।
তুথক, ন, তুথ।
তুথা, স্ত্রী, নীলীবৃক্ষ।
তুথাঞ্জন, ন, উপধাতু বিশেষ, তুথ।
তুন্দিলকলা, স্ত্রী, ত্রিপুষী।
তুন্ন, পু, নন্দীবৃক্ষ, তুঁদ।
তুমুল, পু, কলিবৃক্ষ।
তুম্ব, পু, স্ত্রী, অলাবু।
তুম্বক, পু, অলাবু, রাজালাবু।
তুম্বা, তুম্বি, স্ত্রী, অলাবু।
তুম্বিকা, স্ত্রী, অলাবু, কটুতুম্বী।
তুম্বিনী, স্ত্রী, কটুতুম্বী।
তুম্বী, স্ত্রী, অলাবু, কলিক বৃক্ষ।
তুম্বীপুষ্প, ন, লতাম্বুজ, অলাবু পুষ্প।
তুম্বক, ন, অলাবু ফল।
তুম্বুরী, স্ত্রী, ধন্যাক।
তুম্বুরু, ন, ক্ষুদ্র ধন্যা, কস্তম্বরু। পু, ন, ফলবৃক্ষভেদ; (গুণ) মধুর, তিক্ত, কটু, উষ্ণ, কফ বাত শূল গুল্ম উদরাধ্মান ও কৃমিনাশক এবং বহ্নিদীপক।
তুরগগন্ধা, স্ত্রী, অশ্বগন্ধা।
তুরগী, স্ত্রী, অশ্বগন্ধা।
তুরঙ্গ, পু, সৈন্ধব।
তুরঙ্গক, পু, হস্তীঘোষা।
তুরঙ্গপ্রিয়, পু, যব।
তুরঙ্গারি, পু, করবীর।
তুরঙ্গিকা, স্ত্রী, দেবদালি লতা।
তুরঙ্গী, স্ত্রী, অশ্বগন্ধা, ঘোটিকা বৃক্ষ।
তুরস্ক, পু, গন্ধদ্রব্যভেদ, শিলারস; (গুণ) সুরভি, তিক্ত, কটু, স্নিগ্ধ, কুষ্ঠ কফ পিত্ত অশ্মরীকৃচ্ছ্র মূত্রাঘাত জ্বরার্ত্তি নাশী। শ্রীবাসক বৃক্ষ।
তুলসী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, সুরভি, শ্লেষ্মা বাত জন্তুভূত কৃমি কান্তি নাশী, রুচিকর, দাহ পিত্তকর, দীপক, কুষ্ঠ কৃচ্ছ্র স্রপার্শ্ব রুগ্নাশী। শুক্ল ও কৃষ্ণ তুলসী উভয়েরই গুণ সমান।
তুলসীদ্বেষা, স্ত্রী, বর্ব্বরী।
তুলা, স্ত্রী, পল শত পরিমাণ, ৮০০ তোলা।
তুলাবীজ, ন, গুঞ্জা।
তুলিনী, তুলিফলা, স্ত্রী, শাল্মলী।
তুবর, পু, কষায় রস।
তুবর যাবনাল, পু, ধান্যবিশেষ; (গুণ)

কষায়, উষ্ণ, বিরেচক, সংগ্রাহী, বাতপ্রশমক, বিদাহী, শোষকার।

তুবরিকা, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা, আঢ়কী।

তুবরী, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা, আঢ়কী; (গুণ) তিক্ত, কটু, কষায়, লেখনক, চক্ষুষ্য, গ্রাহী, ছর্দ্দি পিত্তস্তম্ভন নাশী।

তুবরী শিম্ব, পু, চক্রমর্দ্দক বৃক্ষ।

তুবি, পু, তুম্বী।

তুষ, পু, ধান্যত্বক, বিভীতক তরু।

তুষার, পু, কর্পূরবিশেষ, বরফ।

তুষোত্থ, তুষোদক, ন, কাঞ্জিকভেদ; (গুণ) দীপক, হৃদ্য, পাণ্ডু কৃমি গদ বস্তিশূল নাশী, তীক্ষ্ণ, উষ্ণ, পাচক, রক্তপিত্তকর।

তুহিন, ন, হিম।

তুহিনাংশু তৈল, ন, কর্পূর তৈল।

তুনী, তুনীক, পু, নন্দীবৃক্ষ।

তুতক, ন, তুথ, তুঁতিয়া।

তুদ, পু, তুলবৃক্ষ।

তুরী, স্ত্রী, ধুস্তূর বৃক্ষ।

তুরীধ্বনিপেশী, (Buccinator) গালের পেশীবিশেষ, তুরী বাজাইবার জন্য ইহার বিশেষ ব্যবহার জন্য এরূপ নাম হইয়াছে।

তুল, পু, তুলক পরিমাণ, তুলা।

তুলশর্করা, স্ত্রী, কাপাস বৃক্ষ।

তুলা, স্ত্রী, কার্পাসী।

তুলিনী, স্ত্রী, লক্ষ্মণাকন্দ, শাল্মলী বৃক্ষ।

তুলিফলা, স্ত্রী, শাল্মলী।

তূলী, স্ত্রী, স্ত্রীলীবৃক্ষ।

তূবরিকা, স্ত্রী, তুবরিকা।

তূবরী, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা।

তৃথ, ন, জাতিফল।

তৃণ, ন, সামান্য তৃণ, গন্ধতৃণ।

তৃণকুঙ্কুম, ন, সুগন্ধ দ্রব্যভেদ; (গুণ) কটু, উষ্ণ, কফ মারুৎ শোক কণ্ডূতি পামা কুষ্ঠ আমদোষ নাশী।

তৃণকূর্ম্ম, পু, তুম্বী।

তৃণকেতু, পু, বংশ।

তৃণগ্রন্থি, পু, স্বর্ণজীবন্তী।

তৃণদ্রুম, পু, তাল, গুবাক, তালী, কেতকী, খর্জুর, নারিকেল; (গুণ) শীতল, লঘু, মোহক, বলকর, হৃদ্য, এবং তৃষ্ণা সন্তাপনাশী।

তৃণধান্য, ন, ধান্যবিশেষ, উড়িধান্য।

তৃণধ্বজ, পু, বংশ।

তৃণনিম্ব, পু, নেপাল নিম্ব।

তৃণপত্রিকা, স্ত্রী, ইক্ষুদর্ভা।

তৃণপত্রী, স্ত্রী, গুণ্ডাশিনী।

তৃণপুষ্প, ন, তৃণকুঙ্কুম, গেঁঠেলা।

তৃণপুষ্পী, স্ত্রী, সিন্দুরপুষ্পী বৃক্ষ।

তৃণবল্বজা, স্ত্রী, বল্বজা।

তৃণবাজ, তৃণরাজক, পু, তালবৃক্ষ, নারিকেল বৃক্ষ।

তৃণবীজ, পু, শ্যামাক।

তৃণোবীজোত্তম, পু, শ্যামাক।

তৃণশীত, ন, গন্ধতৃণ, কত্তৃণ।

তৃণশীতা, স্ত্রী, জলপিপ্পলী।

তৃণশূণ্য, ন, মল্লিকা, কেতকী ফল, রামকর্পূর।

তৃণসারা, পু, কদলী।

তৃণাঢ্য, ন, পার্ব্বত্য তৃণ।

তৃণাংহুপ, পু, মন্থানক বৃক্ষ।

তৃণাম্ল, ন, লবণ তৃণ।

তৃণাস্কক, ন, তৃণ কুঙ্কুম।

তৃণেক্ষু, পু, বল্বজা।

তৃণোত্তম, পু, উপর্ব্বল তৃণ।

তৃণোদ্ভব, পু, নীবার।

তৃণৌষধ, ন, এলবালুকাখ্য গন্ধদ্রব্য।

তৃতীয়ক জ্বর, (Tertian fever) যে জ্বর প্রতি তৃতীয় দিবসে উপস্থিত হয়।

তৃপলা, স্ত্রী, ত্রিফলা।

তৃপ্র, পু, ঘৃত।

তৃফলা, স্ত্রী, ত্রিফলা; হরিতকী বহেড়া আমলা।

তৃষা, স্ত্রী, লাঙ্গলিকী বৃক্ষ।

তৃষাতু, স্ত্রী, ক্লোম।

তৃসাহা, স্ত্রী, মধুরিকা।

তৃষিতোত্তরা, স্ত্রী, অশনপর্ণী।

তৃষ্ণা, স্ত্রী, স্বনামখ্যাত রোগ বিশেষ।

তৃষ্ণারি, পু, পর্পট।

তেজঃ, ন, রেত, নবনীত, সুবর্ণ, মজ্জা, পিত্ত।

তেজফল, পু, বৃক্ষবিশেষ, তেজফল; (গুণ) কটু, তিক্ত, সুগন্ধি, দীপক, বাতশ্লেষ্মা অরুচি নাশী এবং বালরক্ষাকর।

তেজন, পু, বংশ, মুঞ্জ, ভদ্রমুঞ্জ, কালকাসন্দা, শর।

তেজনক, পু, শর।

তেজনী, স্ত্রী, মূর্ব্বা, জ্যোতিষ্মতী, চঁই।

তেজপত্র, ন, স্বনামখ্যাত বৃক্ষ, তেজপাতা; (গুণ) কফ বায়ু অর্শ হৃল্লাস ও রুচিনাশক।

তেজস্বিনী, স্ত্রী, জ্যোতিষ্মতী, মহাজ্যোতিষ্মতী।

তেজিকা, স্ত্রী, লতা কট্‌কী।

তেজোমুস্থ, পু, গণিকারিকা।

তেজোবতী, স্ত্রী, গজপিপ্পলী, চবিকা, মহাজ্যোতিষ্মতী, তেজবল্কল; (গুণ) কফ শ্বাস কাশ ও বাত রোগ হর, রুচিঅগ্নিপ্রদ এবং প্রদীপক।

তেজোবৃক্ষ, পু, ক্ষুদ্রাগ্নি মন্থ।

তেজোহ্বা, স্ত্রী, চঁই।

তৈজস, ন, ঘৃত, ধাতৃদ্রব্য।

তৈজলবর্ত্তনী, স্ত্রী, মূষা, ধাতু গলাইবার মুচি।

তৈরণী, স্ত্রী, ক্ষুপবিশেষ; (গুণ) শিশির, তিক্ত, ব্রণনাশী, অরুণবর্ণদ।

তৈল, ন, তিলাদির স্নেহ; (গুণ) কষায়, মধুর, ত্বচা, উষ্ণ, ব্যবায়ী, পিত্তনাশী, বদ্ধ বিন্মূত্রক, শ্লেষ্মাবৰ্দ্ধক, সর্ব্ব বাত বিকার নাশী, মেধা অগ্নি ও বলকর, এবং বায়ুনাশক। (পক্ক পুরাতন তৈলের গুণ) মহৎ গুণকর, কিঞ্চিৎ গন্ধহীন, সর্ব্বরোগ নাশী; (অবগাহন জন্য মর্দ্দিত তৈলের গুণ) বলকারক, শিরামুখ লোমকূপ ধমনী নাড়ী দ্বারা তৃপ্তিপ্রদ; (নিত্য মস্তকে অধিক তৈল দানের গুণ) শিরোশূল নাশক, পালিত্যনাশী, কেশমূল দৃঢ়তাকর, কেশের ঘনতা কৃষ্ণতা দীর্ঘতাকারী, ইন্দ্রিয় প্রসাদক এবং অগ্নিশুদ্ধিকর। (নিত্য কর্ণে তৈল দানের গুণ) কর্ণের যাবতীয় ব্যাধি নাশক। (তিল তৈলের গুণ) গুরু, স্থির, বলবীর্য্য কর, বৃষ্য, বিকাশী, বিষদ, রস পাকে মধুর, সূক্ষ্ম, কষায়ানুরস, তিক্ত, বাত ও কফাপহ, বীর্য্যোষ্ণ, স্পর্শে শীতল, বৃংহণক, রক্তপিত্তনাশী, লেখনক, বর্দ্ধ চিন্মূত্রক, ত্বগামাশয় শোধক, দীপক, বুদ্ধিদ, মেধ্য, ব্যবায়ী, ব্রণ মেহ নাশক, শ্রোত্রযোনি শিরোশূল নাশী, লঘুতাকর, অভ্যঙ্গে ভোজনে এবং সর্ব্বপ্রকার ক্ষতরোগে ত্যাজ্য, কেশ্য এবং চক্ষুষ্য; (সর্ষপ তৈলের গুণ) দীপক, কটু পাকরস, লঘু, লেপনক, স্পর্শবীর্য্যোষ্ণ, তীক্ষ্ণ, পিত্তাস্র দূষক, কফ মেদ অনিল অর্শঘ্ন, শিরঃ কর্ণরোগ নাশক, কণ্ডূদোষ কৃমি শ্বিত্র কুষ্ঠ দুষ্টব্রণ নাশী; তদ্বৎরাজিকার তৈল বিশেষরূপে মূত্রকৃচ্ছ্র কর, এবং কৃষ্ণরাই ও আরক্ত রাই এইরূপ; (তোরী তৈল গুণ) তীক্ষ্ণোষ্ণ, লঘু, গ্রাহী, কফাস্রনাশী, বহ্নিকর, বিষনাশক, কণ্ডূ কুষ্ঠ কোট কৃমি নাশক, মেদদোষহারক, এবং ব্রণ শোথ নাশক (তিসি তৈল গুণ) আগ্নেয়, তীক্ষ্ণোষ্ণ, কফপিত্তকর, কটুপাক, অচক্ষুষ্য, বল্য, বাতহর, গুরু, মলকর, স্বাদু, গ্রাহী, ত্বগ্দোষ নাশী, পানে অভ্যঙ্গে নস্যে কর্ণপূরণে অনুপান বিধিতে এবং বাতশান্তির নিমিত্ত প্রযোজ্য; (বররই তৈল গুণ) অম্ল, উষ্ণ, গুরু, বিদাহী, চক্ষুর অহিতকর, বল্য, রক্তপিত্ত, কফপ্রদ। (খাখসবীজ তৈল

গুণ) বল্য, বৃষ্য, গুরু, বাতনাশী, কফ কৃচ্ছ্রীত, স্বাদু, পাকরস ; (এরণ্ড তৈল গুণ) তীক্ষ্ণোষ্ণ, দীপক, পিচ্ছিল, গুরু, বৃষ্য, ত্বচ্য, বয়স্থায়ি মেধা কান্তি বলপ্রদ, কষায়ানুরস, যোনিশুক্রবিশোধক, স্বাদুরসে পাকে সতিক্ত' কটু বিষমজ্বর হৃদ্রোগ পৃষ্ঠ গুহ্যাদি শূল নাশী, বাতোদর দাহ গুল্ম অষ্ঠিল গ্রহ নাশী, বাত শোণিত চিড় বন্ধ ব্রধ্ন নাশী,শোথামচিত্র বিনাশী ;(রাল তৈলের গুণ) বিস্ফোট ব্রণনাশী, কুষ্ঠ-কৃমি পামা কৃমিহর, বাতশ্লেষ্মাময়াপহ।

তৈলক, ন, অল্প পরিমাণ তৈল।

তৈলকন্দ, পু, কন্দবিশেষ ; (গুণ) লোহ-দ্রাবী, কটু, উষ্ণ, বাত অপস্মার বিষ শোক নাশী, রসের বন্ধকর, দেহসিদ্ধি কর।

তৈলকিট্ট, ন, তৈলমল, খকি ; (গুণ) কটু, গৌল্য এবং কফ বাত এবং প্রমেহ-নাশী।

তৈলদ্রোণী, স্ত্রী, কণ্ঠপর্য্যন্ত মর্জ্জনার্থ কাষ্ঠাদি নির্ম্মিত পাত্রবিশেষ।

তৈলপর্ণক, ন, গ্রন্থিপর্ণ বৃক্ষ।

তৈলপর্ণিক, ন, হরিচন্দন, চন্দনবিশেষ।

তৈলপর্ণী, স্ত্রী, শ্রীবাস, চন্দন, সিহ্লক।

তৈলফল, পু, ইঙ্গুদী, বিভীতক।

তৈলভাবিনী, স্ত্রী, জাতীপুষ্প বৃক্ষ।

তৈলসাধন, ন, গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলা।

তৈলাগুরু, ন, দাহাগুরু।

তৈলিনী, স্ত্রী, কীটবিশেষ, তেলিনী মক্ষিকা।

তোক্ম, পু, হরিদ যব, অপক্ব যব।

তোদ, পু, বেদনা, সূচীবেধনৎ বেদনা।

তোমরিকা, স্ত্রী, তুবরিকা।

তোয়, ন, জল, বালা।

তোয়কান, পু, জলবেতস।

তোয়ডিম্ব, পু, ঘনোপল, করকা, মেঘ সম্ভূত শিলা।

তোয়দ, পু, মুস্তক।

তোয়ধর, পু, মুস্তা, সুনিষণ্ণক শাক।

তোয়ধিপ্রিয়, ন, লবঙ্গ।

তোয় পিপ্পলী, স্ত্রী, জলশাক বিশেষ, কাঁচড়া।

তোয়পুষ্পী, স্ত্রী, পাটলা বৃক্ষ।

তোয়প্রসাদন, ন, কতক।

তোয়প্রসাদন ফল, পু, কৃতক ফল।

তোয়ফলা, স্ত্রী, ইর্ব্বারু।

তোয়বল্লী, স্ত্রী, কারবেল্ল।

তোয়শুক্তিকা, স্ত্রী, জলশুক্তি।

তোয়াদিবাসিনী, স্ত্রী, পাটলা বৃক্ষ।

তোয়াধিবাসিনী, স্ত্রী, পাটলা বৃক্ষ। [মাণ।

তোল, তোলক, ন, পু, একতোলা পরি-

তৌতিক, ন, মুক্তা।

তৌষার, ন, তুষার জল, বরফ গলা জল ; (গুণ) ইহা লঘু, শীতল, ক্ষত ক্ষীণ এবং শোথ রোগীর পক্ষে উপকারক, দোষপ্রশমক এবং শ্রম পিত্তরোগ কুষ্ঠ শ্লীপদ বিষর্পাদি রোগ নাশক।

ত্রপু, ন, সীসক, রঙ্গ।

ত্রপু, ন, রঙ্গ।

ত্রপু কর্কটী, স্ত্রী, ত্রপুষী।

ত্রপটী, স্ত্রী, সূক্ষ্মেলা।

ত্রপুল, ন, রঙ্গ।

ত্রপুষ, ন, রঙ্গ, ত্রপুষী ফল, শসা ; (লঘু ফলের গুণ) নীল, বল তড ভ্রম দাহ পিত্ত ও রক্তপিত্ত নাশী, স্বাদু, শীতল। (পাকা ফলের গুণ) অম্ল, উষ্ণ, পিত্তল, কফবাতনাশী ; (বড়ং ফলের গুণ) মঙ্গল, শীতল, রুক্ষ, পিত্তাস্র কৃচ্ছ্র-নাশী ; (সাধারণ গুণ) স্বাদু, গুরু, বিষ্টম্ভী, শীতল, সুখপ্রিয়, রুক্ষ, অতি মঙ্গল।

ত্রিপষী, স্ত্রী, কর্কটী, শসা।

ত্রিপসী, স্ত্রী, মহেন্দ্র বারুণী, কর্কটী, লতা বিশেষ, শসা ; (ফলের গুণ) রুচ্য, মধুর, শীতল, গুরু, ভ্রম পিত্ত বিদাহার্ত্তি কান্তি নাশী ও বহুমূত্রদ।

ত্রয়ী, ন, সোমরাজি বৃক্ষ।

ত্রাণ, ন, ত্রায়মান লতা।

ত্রাণা, স্ত্রী, ত্রায়মান লতা।

ত্রায়মানা, স্ত্রী, বলাড়ুম্বুর ; (গুণ) শীতল, মধুর, গুল্ম জ্বর কফাস্র ভ্রম তৃষ্ণা ক্ষয় গ্লানি বিষ ছর্দ্দি বিনাশী, এবং পিত্তহারক।

ত্রিংশৎপত্র, ন, কুমুদ।

ত্রিক, পু, পৃষ্ঠবংশের অধোভাগ, ত্রিফলা, ত্রিকটু। ত্রিমদ, (Sacrum) পৃষ্ঠবংশের নিম্নভাগস্থ অস্থি।

ত্রিকট, পু, গোক্ষুরক।

ত্রিকটু, ন, শুঁঠ পিপুল মরিচ ; (গুণ) দীপক, শ্বাসকাশ ত্বগাময় গুল্ম মেহ কফ স্থৌল্য মেদ শ্লীপদ ও পিনস নাশী।

ত্রিকণ্ট, ন, বৃহতী অগ্নিদমনী ও দুরালভা। পু, গোক্ষুরক বৃক্ষ, লঘুগর্গ মৎস্য।

ত্রিকত্রয়, ন, ত্রিকটু ত্রিফলা ও ত্রিমদ।

ত্রিকার্ষিক, ন, শুঁঠ, আতইচ ও মুথা।

ত্রিকাস্থি, (Sacrum) বস্তিকোটরের পশ্চাৎভাগস্থ অস্থি।

ত্রিকুট, ন, সিন্ধু লবণ, সমুদ্র লবণ।

ত্রিকুট লবণ, ন, দ্রোণী লবণ।

ত্রিকোণ পেশী, (Deltoid muscle) ডেল্টয়েড দেখ।

ত্রিকোণ ফল, ন, শৃঙ্গাটক।

ত্রিখ, ন, ত্রপুষ।

ত্রিজটা, স্ত্রী, বিল্ববৃক্ষ।

ত্রিজাতক, ন, গুড়ত্বক এলাইচ ও তেজপত্র।

ত্রিদলা, স্ত্রী, গোধাপদী লতা।

ত্রিদলিকা, স্ত্রী, চর্ম্মকষা।

ত্রিদশপুষ্প, ন, লবঙ্গ।

ত্রিদশ মঞ্জরী, স্ত্রী, তুলসী।

ত্রিদিবোদ্ভবা, স্ত্রী, স্থূলৈলা।

ত্রিদোষ, ন, বাত পিত্ত কফ দোষত্রয়।

ত্রিধারক, পু, গুণ্ডতৃণ।

ত্রিধারস্নুহী, স্ত্রী, স্নুহীবিশেষ।

ত্রিনেত্র, ন, স্বর্ণ।

ত্রিনেত্রা, স্ত্রী, বরাহীকন্দ।

ত্রিপত্র, পু, বিল্ববৃক্ষ।

ত্রিপত্রক, পু, পলাস বৃক্ষ।

ত্রিপদা, স্ত্রী, হংসপদী বৃক্ষ, গোয়ালিয়া লতা।

ত্রিপদী, স্ত্রী, গোধাপদী।

ত্রিপুণ, পু, পলাশ।

ত্রিপর্ণিকা, স্ত্রী, কন্দবিশেষ ; (গুণ) মধুর, শীতল, শ্বাসকাস বিষ ব্রণ বিনাশী, পিত্তকোপ প্রশমনক।

ত্রিপর্ণী, স্ত্রী, শালপর্ণী, বনকার্পাসী, পৃশ্নিপর্ণীভেদ।

ত্রিপাদিকা, স্ত্রী, হংসপদী লতা।

ত্রিপুট, পু, গোক্ষুর বৃক্ষ, সতীলক।

ত্রিপুটা, স্ত্রী, মল্লিকা, সূক্ষ্মৈলা, ত্রিবৃৎ কর্ণ-স্ফোটা, স্থূলৈলা, রক্তত্রিবৃৎ।

ত্রিপুটী, পু, এরণ্ড বৃক্ষ। স্ত্রী, ত্রিবৃতা।

ত্রিপুটী ফল, পু, এরণ্ড।

ত্রিপুর মল্লিকা, স্ত্রী, পুষ্পবিশেষ, ত্রিপুরমালিকা।

ত্রিপুষ, পু, শসা, গম, কর্কটী।

ত্রিপুষা, স্ত্রী, কৃষ্ণ ত্রিবৃৎ।

ত্রিফলা, স্ত্রী, হরিতকী বহেড়া ও আমলা ; ফলত্রয়, ফলত্রিক ; (গুণ) ত্রিদোষনাশী, নাতি-উষ্ণ ও মলভেদক।

ত্রিফলী, স্ত্রী, হরিতকী বিভীতকী ও আমলকী।

ত্রিবলিক, ন, পায়ু।

ত্রিভণ্ডী, স্ত্রী, ত্রিবৃতা।

ত্রিমদ, পু, মুথা চিতা বিড়ঙ্গ।

ত্রিমধু, ন, ঘৃত মধু শর্করা।

ত্রিবৃৎ, স্ত্রী, তেউড়ী।

ত্রিবৃতা, স্ত্রী, তেউড়ী।

ত্রিযষ্টী, স্ত্রী, ক্ষেত্রপর্পটী, ক্ষেতপাপড়া।

ত্রিযামা, স্ত্রী, হরিদ্রা, নীলী, কৃষ্ণ ত্রিবৃৎ।

ত্রিরেখ, পু, শঙ্খ।

ত্রিলবণ, ন, সৈন্ধব বিড় ও শৈবর্চল।

ত্রিলোহক, ন, স্বর্ণ রজত ও তাম্র।

ত্রিবর্গ, পু, ত্রিফলা ত্রিকটু।

ত্রিবর্গক, গোক্ষুরক ত্রিফলা ত্রিকটু।

ত্রিবীজ, পু, শ্যামাক।

ত্রিবৃৎ, স্ত্রী, লতাবিশেষ, তেউড়ী; (গুণ) কটু, উষ্ণ, কৃমি শ্লেষ্মা উদরার্ত্তি কুষ্ঠ কণ্ড্ব্রণনাশী, বিরেচনে প্রশস্ত; (অরুণ বর্ণ তেউড়ী গুণ) স্বাদু, কষায়, মৃদু, রেচক, রুক্ষ, কটু, দোষপাকে পিত্ত কফাপহ; (সাদা তেউড়ীর গুণ) বিরেচক, স্বাদু, উষ্ণ, বায়ুকর, রুক্ষ, পিত্তরোগনাশী; (কাল তেউড়ীর গুণ) শ্বেত তেউড়ী হইতে হীনগুণ, তীব্র, বিরেচক, মূর্চ্ছা দাহ ভ্রান্তি কণ্ঠোৎকর্ষণকারী।

ত্রিবৃৎপর্ণী, স্ত্রী, হিলমোচিকা।

ত্রিবৃতা, স্ত্রী, ত্রিবৃৎ।

ত্রিবেলা, স্ত্রী, ত্রিবৃৎ।

ত্রিশাখ পত্র, পু, বিল্ব।

ত্রিশিখ, পু, বিল্ব।

ত্রিশিখিদলা, স্ত্রী, মালাকন্দ।

ত্রিশৃঙ্গী, পু, রোহিতক মৎস্য।

ত্রিসন্ধি, স্ত্রী, পুষ্পবিশেষ; (গুণ) কফ, কাশহর, রুচ্য, ত্রিদোষশমনক।

ত্রিসম, ন, হরিতকী, শুঠী, গুড় দ্রব্য। তিনটী মিলিত সমভাগ।

ত্রিসুগন্ধি, ন, ত্রিজাতক, গুড়ত্বক, তেজপত্র এলাইচ।

ত্রিক্ষার, ন, ক্ষারত্রয়; মিলিত সর্জ্জিকা ক্ষার যবক্ষার ও টঙ্কণ ক্ষার।

ত্রিক্ষুর, পু, কোকিলাক্ষ বৃক্ষ, কুলেখাড়া।

ত্রুটী, স্ত্রী, ক্ষুদ্রেলা।

ত্রুটীবীজ, পু, কচু।

ত্রৈলোক্যবিজয়া, স্ত্রী, ভাঙ্গ, ভাঙ্।

ত্রোটী, স্ত্রী, কটফল।

ত্র্যঞ্জন, ন, অঞ্জনত্রয়; যথা—কালাঞ্জন, পুষ্পাঞ্জন ও রসাঞ্জন।

ত্র্যোষণ, ন, ত্র্যূষণ।

ত্বক্, স্ত্রী, গুড়ত্বক, বল্কল, চর্ম্ম। (Skin)

ত্বকচ্ছেদ, (Circumcisiou) শিশ্নের মুণ্ডাবরক চর্ম্মচ্ছেদন, ছুন্নত করা।

ত্বকচ্ছদ, পু, ক্ষীরীশ বৃক্ষ, ক্ষীর কঞ্চুকী।

ত্বক্পত্র, ন, গুড়ত্বক্, তেজপত্র।

ত্বক্পুষ্প, ন, রোমাঞ্চ, কিলাস, ছুলী।

ত্বকপুষ্পিকা, স্ত্রী, কিলাস, ছুলী।

ত্বকসার, পু, বংশ, গুড়ত্বক, শোণ বৃক্ষ।

ত্বকসারা, স্ত্রী, বংশলোচন।

ত্বকসারভেদিনী, স্ত্রী, ক্ষুদ্র চঞ্চু বৃক্ষ।

ত্বকসুগন্ধ, পু, নারঙ্গ।

ত্বকসুগন্ধা, স্ত্রী, এলবালুকা নামক গন্ধদ্রব্য।

ত্বকক্ষীরা, স্ত্রী, বংশলোচন।

ত্বগাক্ষীরী, স্ত্রী, বংশলোচন।

ত্বগ্‌গন্ধ, পুং, নাগরঙ্গ।

ত্বগ্‌দোষ, পুং, কোঠরোগ, ত্বগজাত রোগ।

ত্বগ্‌দোষাপহা, স্ত্রী, বাকুচী।

ত্বগ্‌দোষারি, পুং, হস্তিকন্দ।

ত্বচ্‌, ন, বৃক্ষবিশেষ; দারুচিনি; (গুণ) কটু, শীতল, কফকাস বিনাশী, শুক্রাম-শমনক, কণ্ঠশুদ্ধিকর এবং লঘু।

ত্বচাপত্র, ন, ত্বক পত্র।

ত্বচিসার, পুং, বংশ।

ত্বচিসুগন্ধা, স্ত্রী, ক্ষুদ্রৈলা।

ত্বাচ, (Cutaneous) চর্ম্মসম্বন্ধীয়।

থ

থরণ য়্যাপ্‌ল, (Thorn apple) ধুতুরা।

থসয়্যামেরিকনম, কমন ফ্রাঙ্ক ইন্‌সেন্স, ঘনীভূত তার্পিণ বিশেষ।

থাই, (Thigh) উরুদেশ।

থাইমল, জোয়ানের তৈলের বীর্য্য।

থাইমস্‌, (Thymus) বক্ষাস্থির নিকটস্থ গ্রন্থি বিশেষ; শিশুকালে ইহা বড় থাকে, যৌবনে থাকেনা; উণ্ডুরু গ্রন্থি।

থাইমিক, (Thymic) থাইমস্‌-সম্বন্ধীয়।

থাইরয়েড, (Thyroid) ফলক অর্থাৎ ঢালের আকার।

থাইরিও, থাইরো, (Thyreo, Thyro) ফলকগ্রন্থি সম্বন্ধীয় জ্ঞাপক পূর্ব্বপদ।

থাইরয়েড (Thyroid gland) গলগ্রন্থি, ফলকগ্রন্থি, এইগ্রন্থি বর্দ্ধিত হইলেই গলগণ্ড রোগ জন্মে।

থাইসিস্‌, (Pthisis) ক্ষয়রোগ, যক্ষ্মা।

থার্ম্যাল, (Thermal) উত্তাপসম্বন্ধীয়।

থার্মিক ফিবার, (Thermic fever) তীব্র জ্বরবিশিষ্ট প্রকৃত সর্দ্দিগর্ম্মি রোগ; ইহাতে গাত্রের উত্তাপ ১০৮ বা ১০৯ ডিগ্রী, অচৈতন্য, অস্থিরতা, প্রলাপ ও পক্ষাঘাতাদি লক্ষণ জন্মে।

থার্মো, (Thermo) উত্তাপজ্ঞাপক পূর্ব্ব-পদ।

থার্মোমিটার, (Thermometer) উত্তাপ-পরিমাণার্থ যন্ত্র বিশেষ, তাপমান-যন্ত্র।

থার্ষ্ট, (Thirst) পিপাসা।

থিইন, (Theine) চার বীর্য্য।

থিরাইএসিস, (Pthiriasis) উৎকুণ প্রবণতা।

থিরাপিউটিক্স, (Therapeutics) ভেষজ্জ বিদ্যার যে অংশে রোগ চিকিৎসার বিষয় লিখিত থাকে ; চিকিৎসা বিধান ; ঔষধ ব্যবহার বিদ্যা।

থিলাইটিস্, (Thelitis) স্তনবৃন্ত প্রদাহ।

থুজা অক্সিডেণ্টেলিস আরবর ভাইটী, বৃক্ষবিশেষ।

থুনকা, (Milk-fever) দুগ্ধজ্বর।

থেরাইয়েকা, (Thricle) টিকল, রাবগুড়। বটিকাদি প্রস্তুত জন্য ব্যবহৃত হয় ; ইহা স্নিগ্ধকারক।

থেরিডিয়ন, ক্ষুদ্র মাকড়সা বিশেষ।

থোরাকো, (Thoraco) বক্ষস্থলজ্ঞাপক পূর্ব্বপদ।

থোরাক্স, (Thorax) গ্রীবা বা উদরের মধ্যবর্ত্তী শরীরের গহ্বর ; বক্ষ।

থোরাসিক, (Thoracic) বক্ষসম্বন্ধীয়।

থ্যাপ্‌সিয়ম অরিয়ম মেডো পারস্নিপ, মার্কিণ ক্ষুপবিশেষ।

থ্যানেটয়েড, (Thanatoid) মৃতবৎ।

থ্যানটোফোবিয়া, (Thanatophobia) মৃত্যুভয়।

থ্যালিয়ম, (Thallium) সীসের ন্যায় এক প্রকার ধাতু।

থ্যালেমস, (Thalamus) মস্তিষ্কের যে গ্রন্থির আকার অংশ হইতে দর্শন স্নায়ুর কতকগুলি তন্তু উৎপন্ন হইয়াছে।

থ্রবিং, (Throbbing) অস্বাভাবিক বেগে স্পন্দন, দপ্‌দপ্।

থ্রম্বয়েড, (Thromboid) থ্রম্বস সদৃশ।

থ্রম্বস, (Thrombus) থ্রম্বোসিস দেখ।

থ্রম্বোলোসিস, (Thrombolosis) পাইমিয়া রোগের ন্যায় এক প্রকার রক্তদুষ্টতা।

থ্রম্বোসিস, (Thrombosis) সজীব রক্তবহা নাড়ীর রক্তে থ্রম্বস অর্থাৎ বিদীর্ণ শিরা হইতে শৈবিক রক্ত সংযত হইয়া ক্ষুদ্র নীলবর্ণ অর্ব্বুদের উৎপত্তি, অনন্তর নিরেট অংশের কোমলতা প্রাপ্ত ও পূঁযবৎ পদার্থে পরিণতি।

থ্রাস, (Thrush) মুখমধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত বিশিষ্ট এক প্রকার রোগ ; জারী ঘা।

থ্রিল, (Thrill) ঈষৎ কম্পন বা স্পন্দন।

থ্রোট, (Throat) গলমধ্য, গলার ভিতর।

দ

দংশ, পু, কীটবিশেষ, দাঁশ, বনমক্ষিকা।
দংশমূল, পু, শিগ্রু।
দগ্ধ, ন, কতৃণ।
দগ্ধরুহ, পু, তিলকবৃক্ষ।
দগ্ধরুহা, স্ত্রী, দগ্ধা বৃক্ষ।
দগ্ধা, স্ত্রী, কুরুহ নামক বৃক্ষ বিশেষ; (গুণ) কটু, কষায়, উষ্ণ, কফ বাত নাশী, পিত্তপ্রকোপক, জঠরানল দীপক।
দগ্ধিকা, স্ত্রী, কুরুহ নামক বৃক্ষবিশেষ।
দড়কা, (Convulsion) আক্ষেপ রোগ।
দণ্ড, (Pestu) ঔষধাদি মর্দ্দনার্থ খলের দণ্ড।
দণ্ডকন্দক, পু, ধরণী কন্দ।
দণ্ডচালনা, (Oaring) দাঁড় বাওয়া।
দণ্ডরী, স্ত্রী, ডঙ্গরী ফল।
দণ্ডবৃক্ষক, পু, স্নুহী।
দণ্ডহস্ত, ন, তগর পুষ্প।
দণ্ডাহত, ন, ঘোল।
দণ্ডিনী, স্ত্রী, দণ্ডোৎপল।
দণ্ডীনী, পু, দমনক বৃক্ষ।
দণ্ডোৎপল, ন, ডানকুনি শাক; (গুণ) ক্ষয় শ্বাসকাস নাশী, অগ্নিদীপক; পীত রক্ত শ্বেত পুষ্প ভেদে ইহা ত্রিবিধ।
দণ্ডোৎপলা, স্ত্রী, শ্বেতপুষ্প দণ্ডোৎপল।
দদ্রু, পু, রোগবিশেষ, দাদ (Herpes.)
দদ্রুঘ্ন, পু, চক্রমর্দ্দক, দাদ মর্দ্দন, কালকাসন্দা।
দধি, ন, ক্ষীরবিকার বিশেষ; (গুণ) অম্ল, গুরু, বাতদোষ প্রশমক, সংগ্রাহী, মূত্রাবহ, বল্য, শোক কফার্ত্তি অরুচি নাশক, বহ্নি শান্তিকর, কাস শ্বাস পীনস বিষমজ্বর ও শীতজ্বরে হিতকর, রক্তোদ্রেক ও শুক্রবৃদ্ধিকর, উষ্ণ, দীপক, স্নিগ্ধ, কষায়ানুরস, পাকে অম্ল, পিত্তমেদপ্রদ, মূত্রকৃচ্ছ্র প্রতিশ্যায় অতীসারাদি রোগে উপকারক। (পক দুগ্ধ দধি গুণ) রুচ্য, স্নিগ্ধ, উত্তম গুণকর, বায়ু পিত্ত নাশক, সর্ব্ব ধাতু অগ্নি ও বলবর্দ্ধক। (নিঃসার দুগ্ধের দধি গুণ) সংগ্রাহী, শীতল, বাতল, লঘু, বিষ্টম্ভী, রুচ্য, গ্রহণী রোগ নাশী। (বদ্ধ দধিগুণ) সুস্নিগ্ধ, মধুর, নাতিপিত্তকর। (শর্করা মিশ্রিত দধি গুণ)

শ্রেষ্ঠ, তৃষ্ণা পিত্তাস্র দাহ নাশী। (গুড়যুক্ত দধিগুণ) বাতনাশী, বৃষ্য, বৃংহণক, তর্পক, গুরু, বাতজ তৃষ্ণা নাশী। (ধাতু বিশেষে দধি নিষেধ) হেমন্ত শিশির বর্ষায় দধি শাস্ত, শরৎ গ্রীষ্ম বসন্তে প্রায়শ বিগর্হিত। (অবিধি পূর্ব্বক দধি সেবনের ফল) জ্বরাস্থক পিত্ত বীসর্প কুষ্ঠ পাণ্ডু ভ্রম কামলা রোগ জন্মে। (গোদধি গুণ) বিশেষ স্বাদু, বল্য, রুচিপ্রদ, পবিত্র, দীপক, স্নিগ্ধ, পুষ্টিকর, বায়ু-নাশী, অন্যান্য দধি অপেক্ষা শ্রেষ্ঠ। (মহিষদধি গুণ) সুস্নিগ্ধ, শ্লেষ্মা বাত পিত্ত নাশী, স্বাদুপাকী, অভিষ্যন্দী, গুরু, রক্ত কফ দূষণক। (ছাগী দধি গুণ) উত্তম, গ্রাহী, ত্রিদোষ নাশী, শ্বাস কাস ক্ষয় অর্শ প্রশমক, এবং দীপক। (আবিধ দধি গুণ) হুনাম কফ ব্যাধি প্রকোপক। (অশ্বীদধি গুণ) দীপক, বাতনাশী, চক্ষুর হিত-কর। (উষ্ট্রীদধি গুণ) ক্ষার, অত্যম্ল, কটুপাকী। (হস্তিনী দধি গুণ) বীর্য্যোষ্ণ, কষায়, কফ বাত নাশী। (মানবী দধি গুণ) মধুর, বল্য, স্নিগ্ধ, সন্তর্পণক।

দধি কূর্চ্চিক স্ত্রী, আমিক্ষা, ছানা; (গুণ) বাতনাশী, গ্রাহী, কফ ও দুর্জ্জর।

দধিজ, ন, নবনীত।

দধিত্থ, পু, কপিত্থ।

দধিথাথ্য, পু, সরল দ্রব, লোবান।

দধিনামা, পু, কপিত্থ বৃক্ষ।

দধিপুষ্পিকা, স্ত্রী, অপরাজিতা।

দধিপুষ্পী, স্ত্রী, কোলশিম্বী।

দধিফল, পু, কপিত্থ বৃক্ষ।

দধিমণ্ড, পু, মস্ত, দধিমণ্ড।

দধিসার, ন, নবনীত।

দধিস্নেহ, পু, দধিসর।

দধিস্বেদ, পু, ঘোল।

দধীচ্যস্থি, ন, হীরক।

দধ্যানী, স্ত্রী, সুদর্শন, সুদর্শন গুলঞ্চ, দয়ে-থয়ে।

দধ্যুত্তর, দধ্যুত্তরগ, ন, দধিস্নেহ।

দন্তকর্ষণ, ন, খর্জ্জীর।

দন্তকাষ্ঠ, ন, বিকঙ্ক বৃক্ষ, দন্তধাবন কাষ্টিকা।

দন্তকাঠক, ন, আহল্য বৃক্ষ।

দন্তকোষ, (Socket of the tooth) যে অস্থিময় গহ্বরে দন্ত স্থাপিত; দন্তগহ্বর।

দন্তনাড়ী, (Dental Fistula) দন্তের নালী ঘা।

দন্তপুপ্পুট, (Gum boil) দাঁতের গোড়া বা মাড়ী ফুলা।
দন্তবেষ্ট, (Enamel of the teeth) দন্তের বহিরাবরণ।
দন্তমজ্জা, (Pulpa Dentis) দন্তের উদ্ভিদ মজ্জাবৎ অংশ।
দন্তচ্ছদ, পুং, ওষ্ঠ।
দন্তচ্ছদোপমা, স্ত্রী, বিম্বী।
দন্তধাবন, পুং, খদির বৃক্ষ, গুচ্ছকরঞ্জ, বকুল।
দন্তপত্রক, ন, কুন্দপুষ্প।
দন্তপুষ্প, ন, কতক ফল।
দন্তফল, ন, কতক। পুং, কপিথ।
দন্তফলা, স্ত্রী, পিপ্পলী।
দন্তমূল, (Gum) দাঁতের মাড়ি।
দন্তমূলিকা, স্ত্রী, দন্তীবৃক্ষ।
দন্তরোগ, পুং, দন্তের ও দন্তবেষ্টের বিবিধ পীড়া।
দন্তবীজক, পুং, দাড়িম।
দন্তশট, দন্তশঠ, পুং, জম্বির, কপিথ, কর্ম্মরঙ্গ, অম্ল নাগরঙ্গক।
দন্তশঠা, স্ত্রী, চাঙ্গেরী, ক্ষুদ্রাম্লিকা।
দন্তশর্করা, স্ত্রী, দন্তরোগ বিশেষ, কফবায়ু শোধিত দন্তমূল, পাথুরী। (Sordes) দন্তগত মল, দাঁতের পাথুরী।
দন্তশূল, পুং, দন্তবেদনা বিশেষ।
দন্তহর্ষ, পুং, দন্তরোগ বিশেষ।
দন্তহর্ষক, পুং, জম্বীর।
দন্তহর্ষণ, পুং, জম্বীর।
দন্তাঘাত, পুং, নিম্বূক।
দন্তার্ব্বুদ, ন, পুং, দন্তরোগ বিশেষ।
দন্তিকা, স্ত্রী, দন্তীবৃক্ষ।
দন্তিজা, স্ত্রী, দন্তীবৃক্ষ।
দন্তিনী, স্ত্রী, দন্তীবৃক্ষ।
দন্তী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ ; (গুণ) কটু, উষ্ণ, শূল আম ত্বগ্‌দোষ অর্শ ব্রণ অশ্মরী শল্য শোধক, দীপনক, অষ্ঠীলা আধ্মান গুল্ম উদর নাশী এবং সারক।
দন্তীবীজ, ন, দন্তীর বীজ।
দন্তুরচ্ছদ, পুং, বীজপূর।
দন্তোদ্ভেদ, (Dentition) দাঁত উঠা।
দমন, পুং, পুষ্পবিশেষ, দোনা, কুন্দবৃক্ষ।
দমনক, পুং, বৃক্ষবিশেষ, দোন ; (গুণ) শীতল, তিক্ত, কটু, কষায়, কুষ্ঠদোষ বিষ বিস্ফোটক ও বিকার হর, হৃদ্য, বৃষ্য, সুগন্ধি গ্রহণী অস্র ক্লেদ ও কণ্ডূ নাশী।
দমনী, স্ত্রী, অগ্নিদমনী বৃক্ষ।
দময়ন্তী, স্ত্রী, ভদ্রমল্লিকা।
দর, ন, শঙ্খ।
দরকন্টিকা, স্ত্রী, শতাবরী।
দরদ, ন, হিঙ্গুল।

দর্দ্দ্রু, দক্র, দদ্রু, পু, দদ্রুরোগ।
দদ্রুঘ্ন, পু, চক্রমর্দ্দক।
দর্প, পু, কস্তুরী।
দর্পণ, পু, ন, মুকুর, আদর্শ, আর্সি;
(গুণ) আয়ুঃশ্রীকারী, পাপনাশী।
দর্ব্বি, স্ত্রী, দর্ব্বিকা, হাতা।
দর্ভ, পু, কাশ, কুশ, উলু।
দর্ভাহ্বয়, পু, মুঞ্জ।
দর্ভপত্র, পু, কাশ।
দল, ন, তমালপত্র।
দলকোষ, পু, কুন্দপুষ্প বৃক্ষ।
দলনির্ম্মোক, পু, ভুর্জ্জবৃক্ষ।
দলপ, পু, স্বর্ণ।
দলপুষ্পা, স্ত্রী, কেতকী।
দলসারিণী, স্ত্রী, কেমুক।
দলসূচি, পু, কণ্টক।
দলাঢ়ক, পু, স্বয়ং জাত তিল, পৃশ্নী, গৈরিক, ফেণ, নাগকেশর, কবিকর্ণ, শিরীষ।
দলামল, ন, মরুবক বৃক্ষ, দমনবৃক্ষ, মদন বৃক্ষ।
দলাম্ল, ন, চুক্র।
দলেগন্ধি, পু, সপ্তপর্ণ বৃক্ষ।
দবথু, পু, পরিতাপ, নেত্রাদি দল।
দশনাঢ্যা, স্ত্রী, চুক্রিকা।
দশপুর, ন, কৈবর্ত্তমুস্তক।

দশমিক ক্রম, (Decimal dilution) একভাগ ঔষধ নয় ভাগ দুগ্ধশর্করা বা সুরাসার সহযোগে যে ক্রম প্রস্তুত হয় তাহাকে দশমিক ক্রম বলে।
দর্শনস্নায়ু, (Optic nerve) অপ্টিক নার্ভ দেখ।
দশমূত্রক, ন, হস্তী, মহিষ, উষ্ট্র, ছাগ, গো, মেষ, অশ্ব, গর্দ্দভ, মানুষ ও মানুষী ইহাদিগের মূত্র।
দশমূল, ন, পাঁচন বিশেষ। বিল্ব, সোনা, গাম্ভারী, পারুল, গনিয়ারি, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর ইহাদিগের মূল সমস্তর মিলিত ওজন ২ তোলা, অর্দ্ধ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া সেবন বিধি।
দশাঙ্গুল, ন, খর্ব্বুর।
দশানিক, পু, দন্তীবৃক্ষ।
দশারুহা, স্ত্রী, কৈবর্ত্তিকা।
দহন, পু, চিত্রক, ভল্লাতক।
দহনাগুরু, ন, দাহাগুরু।
দক্ষ, পু, কুক্কুট পক্ষী।
দক্ষিণাবর্ত্তকী, স্ত্রী, বৃশ্চিকালী।
দাড়িম, পু, স্বনামপ্রসিদ্ধ ফল ও বৃক্ষ; (গুণ) মধুরাম্ল, কষায়, কাশ বাত কফ পিত্ত বিনাশী, গ্রাহী, দীপক

লঘু, উষ্ণ, শীতল, রুচিদায়ক, হৃদ্য, অম্ল, শ্বাস রুচি তৃষ্ণা নাশী, কণ্ঠ-শোধক,কফপিত্ত অবিরোধী। ইহা দুই জাতীয়,—মধুর ও অম্ল ; (মধুরের গুণ) ত্রিদোষঘ্ন, অম্ল, বাত ও কফাপহ, তাপহর, মধুর, লঘু, পথ্য। ইহার ফল ত্রিবিধ,—স্বাদু, স্বাদ্বম্ল এবং কেবলাম্র। (স্বাদুর গুণ) ত্রিদোষঘ্ন তৃড়, দাহ ও জ্বর নাশক, হৃৎকণ্ঠ ও মুখরোগঘ্ন, তর্পক, শুক্রল এবং লঘু, কষায়ানুরস, গ্রাহী, স্নিগ্ধ, এবং মেদ ও বলপ্রদ। (স্বাদ্বম্লের গুণ) দীপক, রুচ্য কিঞ্চিৎ পিত্তকর এবং লঘু। (কেবলাম্লের গুণ) পিত্তজনক, অম্ল এবং বাত ও কফনাশক।

দাড়িমপুষ্পক, পু, রোহিতক বৃক্ষ, রোগুড়া।

দাড়িমীসার, পু, দাড়িম।

দাড়িম্ব, পু, দাড়িম।

দাত্যূহ, পু, স্ত্রী, পক্ষীবিশেষ।

দান, ন, গজমদ, বৃক্ষকোটর কীটজ মধু ; (গুণ) রুক্ষ, দীপক, কফ ছর্দ্দি ও মেহ নাশী।

দানাময় অপকর্ষ, (Granular degeneration) প্রাচীন বৃক্কক রোগে বৃক্ককে দানা উৎপত্তি হওয়া।

দান্ত, পু, দমনক বৃক্ষ।

দারণ, ন, কতক।

দারদ, পু, পারদ, হিঙ্গুল, বিষভেদ।

দারী, স্ত্রী, ক্ষুদ্র রোগ বিশেষ, পাদদারী।

দারু, ন, দেবদারু, পিত্তল।

দারুক, ন, দেবদারু।

দারুকদলী, স্ত্রী, বনকদলী।

দারুগন্ধা, স্ত্রী, চীড়ানামক গন্ধদ্রব্য।

দারুণ, পু, চিত্রক।

দারুণক, ন, মস্তকজাত ক্ষুদ্র রোগ বিশেষ ; (Ring-worm of scalp) কেশ দদ্রু, কেশদাদ।

দারুনিশা, স্ত্রী, দারুহরিদ্রা।

দারুপত্রী, হিঙ্গুপত্রী।

দারুপীতা, স্ত্রী, দারুহরিদ্রা।

দারুসিতা, স্ত্রী, দারুচিনি।

দারুমুচ, ন, স্থাবর বিষভেদ, দারমুজ।

দারুহরিদ্রা, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, ব্রণ মেহ কণ্ডু, বিসর্প ত্বগ্দোষ নাশী, কফ পিত্ত শোথ নাশী, বিশেষরূপে কফাভিষ্যন্দী।

দাল, ন, বন্য মধু ; (গুণ) কটু, কষায়, অম্ল, মধুর, পিত্তদোষকারী। পু, কোদ্রব।

দালন, (Tooth ache) দন্তশূল।

দালা, পু, স্থাবর বিষভেদ।

দালব, স্ত্রী, মহাকাল।
দালিকা, স্ত্রী, মহাকাল।
দালিম, পু, দাড়িম।
দালী, স্ত্রী, দেবদালী লতা।
দার্ব্বিকা, স্ত্রী, ক্বাথোদ্ভব তুত্থ, গোজিহ্বা।
দার্ব্বিপত্রিকা, স্ত্রী, গোজিহ্বা।
দার্ব্বী, স্ত্রী, দারুহরিদ্রা, গোজিহ্বা, দেবদারু, হরিদ্রা।
দার্ব্বীক্বাথোদ্ভব, ন, রসাঞ্জন, রসোত, কৃত্রিম রসাঞ্জন।
দাসপুর, ন, কৈবর্ত্তমুস্তক।
দাসী, স্ত্রী, কালজঙ্ঘা, নীল ও পীতবর্ণ ঝিণ্টি।
দাহ, পু, রোগবিশেষ, গাত্রজ্বালা।
দাহক, পু, চিত্রক, রক্তচিত্রক।
দাহজ্বর, পু, গাত্রজ্বালাযুক্ত জ্বর।
দাহহরণ, ন, বীরণ মূল।
দাহাগুরু, ন, সুগন্ধি দ্রব্য বিশেষ; (গুণ) কটু, উষ্ণ, কেশবর্দ্ধক, বর্ণ্য, কেশদোষ নাশী, সতত সৌগন্ধ বিস্তারী।
দাহাবস্থা, (Hot stage) জ্বরের উত্তাপাবস্থা।
দাহিক্কা, (Carbuncle) কার্ব্বাঙ্কেল দেখ।
দাক্ষায়ণী, স্ত্রী, দন্তীবৃক্ষ।
দাক্ষিণাত্য, পু, নারিকেল।

দিবান্ধতা, (Nyctalopia) যে চক্ষু-রোগে দিবসে কোন বস্তু দেখা যায় না।
দিলার, ন, শিলীন্ধ্রক।
দিবাকর, পু, অর্কবৃক্ষ, পুষ্পবিশেষ।
দিবোদ্ভবা, স্ত্রী, এলা।
দিব্য, ন, লবঙ্গ, হরিচন্দন। পু, যব, গুগ্গুলু।
দিব্যগন্ধ, ন, লবঙ্গ।
দিব্যগন্ধা, স্ত্রী, স্থূলৈলা, মহাচঞ্চু শাক।
দিব্যচক্ষু, ন, উপচক্ষু, চসমা।
দিব্যতেজা, স্ত্রী, ব্রাহ্মী।
দিব্যপুষ্প, পু, করবীর।
দিব্যপুষ্পা, স্ত্রী, মহাদ্রোণী।
দিব্যপুষ্পিকা, স্ত্রী, লোহিত বর্ণ বৃক্ষ।
দিব্যরস, পু, পারদ।
দিব্যলতা, স্ত্রী, মূর্ব্বালতা।
দিব্যসার, পু, শালবৃক্ষ।
দিব্যা, স্ত্রী, ধাত্রী, বন্ধ্যা কর্কোটকী, মহামেদা, ব্রাহ্মী, স্থূলজীরক, শ্বেতদূর্ব্বা, হরিতকী, পুরা, শতাবরী।
দিষ্ট, পু, দারুহরিদ্রা।
দীন, ন, তগর পুষ্প।
দীপক, ন, কুঙ্কুম। পু, যমানী, রুদ্রজটা।
দীপন, ন, তগরমূল, কুঙ্কুম। পু, ময়ূরশিখা, (Phosphorus) একপ্রকার মূল পদার্থ। শালিঞ্চ শাক, কাশমর্দ্দ

পলাণ্ডু; বৈদ্যকে—যাহাতে ক্ষুধা বৃদ্ধি হয় অথচ পরিপাক শক্তি বৃদ্ধি করে না।

দীপনী, স্ত্রী, মৈথিকা, পাঠা, যমানী।

দীপনীয়, পু, যবানী, ঔষধবর্গ বিশেষ; যথা—পিপ্পলী, পিপ্পলীমূল, চই, চিতামূল ও শুঠী।

দীপপুষ্প, পু, চম্পকবৃক্ষ।

দীপ্ত, ন, স্বর্ণ, হিঙ্গু। পু, নিম্বুক।

দীপ্তক, ন, স্বর্ণ।

দিপ্তরস, পু, কিঞ্চুলুক।

দীপ্তলেহ, ন, কাংস্য।

দীপ্তা, স্ত্রী, লাঙ্গলিক বৃক্ষ, জ্যোতিষ্মতী।

দীপ্তি, স্ত্রী, লাক্ষা, কাংস্য, সাতলা।

দীপ্তিক, পু, যমানী, জীরক, ময়ূর শিখা, রুদ্রজটা।

দীপ্যক, ন, অসেমোদা, যমানী। পু, যমানী, লোচমস্তক।

দীর্ঘ, লতাশাল বৃক্ষ, ওকড়া, রামশর।

দীর্ঘকর্ণা, স্ত্রী, গৌরীজীরক।

দীর্ঘকণ্টক, পু, বর্বুর।

দীর্ঘকন্দক, ন, মূলক।

দীর্ঘকন্দিকা, স্ত্রী, মুষলী।

দীর্ঘকাণ্ড, পু, গুণ্ড তৃণ।

দীর্ঘকাণ্ডা, স্ত্রী, পাতাল গরুড়ী-লতা।

দীর্ঘকীল, পু, অঙ্কোটবৃক্ষ।

দীর্ঘকোশিকা, দীর্ঘকোষিকা, স্ত্রী, ঝিনায়িকা, ঝিনুক।

দীর্ঘগ্রন্থি, পু, গজপিপ্পলী।

দীর্ঘতরু, পু, তাল।

দীর্ঘতিমিষা, স্ত্রী, কর্কটী।

দীর্ঘতৃণ, পু, পল্লিবাহ।

দীর্ঘদণ্ড, দীর্ঘদণ্ডক, পু, এরণ্ডবৃক্ষ।

দীর্ঘদণ্ডী, স্ত্রী, গোরক্ষী।

দীর্ঘদ্রু, পু, তালবৃক্ষ।

দীর্ঘদ্রুম, পু, শাল্মলী।

দীর্ঘনাদ, পু, শঙ্খ।

দীর্ঘনাল, ন, দীর্ঘ রোহিষ। পু, বৃত্তগুণ্ড, যাবনাল।

দীর্ঘ নিদ্রা, স্ত্রী, মৃত্যু।

দীর্ঘ পটোলিকা, স্ত্রী, লতা ফল বিশেষ, ধুন্দুল; (গুণ) স্নিগ্ধ, কটু, বিষ্টম্ভী, গুরু, বায়ু পিত্তশ্লেষ্মা রুচিভেদক, মধুর এবং শীতল।

দীর্ঘপত্র, পু, রাজ পলাণ্ডু, বিষ্ণুকন্দ, হরিদর্ভ, কুন্দর, তাল, কুপীলু।

দীর্ঘপত্রক, পু, রক্তলশুন, এরণ্ড, বেতস, হিজ্জল, জলজমধুক, লশুন, করীর বৃক্ষ।

দীর্ঘপত্রা, স্ত্রী, চিত্রপর্ণিকা, চাকুলিয়া ভেদ, ভুবজম্বু, গন্ধপত্রা, কেতকী, ডোড়িক্ষুপ।

দীর্ঘপত্রিকা, স্ত্রী, শ্বেতবচা, ঘৃতকুমারী, শালপর্ণী।

দীর্ঘপত্রী, স্ত্রী, পলাশী লতা, মহাচঞ্চু শাক।

দীর্ঘপর্ণী, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

দীর্ঘপল্লব, স্ত্রী, শনবৃক্ষ।

দীর্ঘ পাদপ, পু, তাল, পূগ।

দীর্ঘফল, পু, আরগ্বধ বৃক্ষ।

দীর্ঘফলা, স্ত্রী, জতুকা, কপিল দ্রাক্ষা।

দীর্ঘমূল, ন, লামজ্জক। পু, মোরট লতা, বিল্বান্তর বৃক্ষ।

দীর্ঘমূলক, ন, মূলক।

দীর্ঘমূলী, স্ত্রী, দুরালভা,

দীর্ঘরাগা, স্ত্রী, হরিদ্রা।

দীর্ঘরোহিষক, ন, কতৃণ ভেদ, সুগন্ধ তৃণ বিশেষ, বড় রোহিষ ; (গুণ) তিক্ত, উষ্ণ, কফবাত ভূতগ্রহ বিষ নাশী।

দীর্ঘলতা, স্ত্রী, শ্যামালতা, শালপর্ণী।

দীর্ঘবংশ, পু, নল।

দীর্ঘবল্লী, স্ত্রী, মহেন্দ্রবারুণী, পাতাল গরুড়ী, পলাশ।

দীর্ঘবালা, স্ত্রী, চমরী।

দীর্ঘবৃন্ত, দীর্ঘবৃন্তক, পু, শ্যোণাক বৃক্ষ।

দীর্ঘবৃন্তা, স্ত্রী, ইন্দ্রচির্ভিটা।

দীর্ঘবৃন্তিকা, স্ত্রী, এলাপর্ণী।

দীর্ঘশর, পু, যাবনাল।

দীর্ঘশাখ, পু, শণবৃক্ষ, শালবৃক্ষ।

দীর্ঘশিম্বিক, পু, ক্ষব, রাজিকা ভেদ।

দীর্ঘস্কন্ধ, পু, তালবৃক্ষ।

দীর্ঘা, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

দীর্ঘাস্থি, (Tibia) টিবিয়া দেখ।

দীর্ঘায়ু, পু, শাল্মলী বৃক্ষ, জীবক বৃক্ষ।

দীর্ঘালর্ক, পু, শ্বেতমন্দারক।

দীর্ঘিকা, স্ত্রী, হিঙ্গুপত্রী, ত্রিশত ধনু পরিমিত জলাশয়, বাপী ; (তাহার জলের গুণ) কটু, ক্ষার, পিত্তল, এবং কফবাতনাশী।

দীর্ঘোর্বারু, পু, ডঙ্গরী।

দুঃকূল, পু, চোর নামক গন্ধদ্রব্য।

দুঃসহা, স্ত্রী, নাগদমনী।

দুস্পর্শ, পু, দুরালভা।

দুস্পর্শা, স্ত্রী, কপিকচ্ছু, আকাশবল্লী, কণ্ঠকারী, দুরালভা।

দুগ্ধ, ন, স্বনামখ্যাত তরল দ্রব্য, দুধ ; (গুণ) স্বাদুরস, স্নিগ্ধ, ওজকারী, ধাতুবর্দ্ধক, বাতপিত্ত হর, বৃষ্য, শ্লেষ্মল, গুরু, শীতল, পিষ্টকাদষ্ট স্তণগুরু। (গো-দুগ্ধগুণ) প্রাণধারক, বলায়ু, পুরুষত্ব ও শুক্রকর, মেধ্য, রক্তপিত্ত রোগ ও বায়ু নাশী, রসায়ণ। (ছাগী-দুগ্ধ গুণ) মধুর, শীতল, মলবদ্ধাগ্নিকর,

রক্তপিত্ত বিকার শ্বাসকাস সর্ব্বদোষ নাশী। (মেষদুগ্ধ গুণ) গুরু, স্বাদু, স্নিগ্ধ, উষ্ণ, কফপিত্তনাশী। (মাহিষ-দুগ্ধগুণ) অতি স্নিগ্ধ নিদ্রাকর, অগ্নি-নাশী। (উষ্ট্র দুগ্ধগুণ) রুক্ষ, উষ্ণ শ্লেষ্ম বাত কফ নাশী। (অশ্বী-দুগ্ধগুণ) সলবণ, মধুরাম্লরস, লঘু। (হস্তী-দুগ্ধ গুণ) মধুর, শুক্রকর, কষায়ানু রস, এবং গুরু। (মানুষ্য-দুগ্ধগুণ) প্রাণ-ধারক, শরীর হিতকর, বৃংহণক, তৃপ্তিজনক। (প্রত্যুষে গোদুগ্ধ পানের গুণ) গুরু, বিষ্টম্ভী, দুর্জ্জর। (পর্য্য-ষিত দুগ্ধগুণ) গুরু, বিষ্টম্ভী, দুর্জ্জর। (অপসক দুগ্ধগুণ) প্রায়োভিস্যন্দী, এবং গুরু। (দুগ্ধান্নগুণ) চক্ষু হিতকর, বলকর, পিত্তনাশী, রসায়ণ।

দুগ্ধকূপিকা, স্ত্রী, পিষ্টকবিশেষ ; (গুণ) বল্য, পিত্তানিলাপহ, বৃষ্য, শীতল, গুরু, শুক্রকর, তর্পণক, রুচ্য, কায় পুষ্টিকর, দৃষ্টিকর, দূর প্রসারক এবং হৃদ্য।

দুগ্ধজ্বর, (Milk-fever) প্রসবান্তে স্তনে দুগ্ধ জন্মিলে যে জ্বর হয়।

দুগ্ধতালীয়, ন, দুগ্ধাগ্র ক্ষীরফেণ।

দুগ্ধপাচন, ন, দুগ্ধপাক পাত্র।

দুগ্ধপাষাণ, পু, বৃক্ষবিশেষ, শিরগোলা ; (গুণ) রুচ্য, ঈষদুষ্ণ, জ্বর পিত্ত হৃদ্রোগ শূল কাস আধ্মান বিনাশী।

দুগ্ধপীড়কা, (Milk crust) দুগ্ধকণ্ড।

দুগ্ধফেণ, পু, ক্ষীর হিণ্ডির, শাকর।

দুগ্ধফেণী, স্ত্রী, ক্ষুপবিশেষ ; (গুণ) কটু, তিক্ত, শিশির, বিষব্রণ নাশী, রুচ্য, যুক্তিদ্বারা রসায়ন।

দুগ্ধবীজা, স্ত্রী, যাবনালদ্যা কৃতা তপ্ত তণ্ডুল বিশিষ্ট ; (গুণ) সুমধুর, দুর্জর, বীর্য্য-পুষ্টিদাত্রী।

দুগ্ধশর্করা, (Sugar of milk) দুগ্ধ হইতে উৎপন্ন চিনি।

দুগ্ধাশ্মা, পু, দুগ্ধপাষাণ।

দুগ্ধিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ, দুধী, দুধাক্ষার ; (গুণ) গুরু, রুক্ষ, বাতল, গর্ভকারী, স্বাদুক্ষীর, কটু, স্বাদু, বিষ্টম্ভী, পটু, মলমূত্রোৎসর্গকারী, বৃষ্য, কফ কুষ্ঠ কৃমি নাশী। বৃক্ষবিশেষ, দুধগন্ধিকা নামক বৃক্ষ।

দুগ্ধিনিকা, স্ত্রী, রক্তাপমার্গ।

দুগ্ধী, স্ত্রী, ক্ষীরারি, দুগ্ধ পাষাণ।

দুচ্ছাক, পু, মুরা নামক গন্ধদ্রব্য।

দুদ্রুম, পু, হরিৎ পলাণ্ডু, হরিৎবর্ণ পেঁয়াজ।

দুরভিগ্রহ, পু, অপামার্গ।

দুরভিগ্রহা, স্ত্রী, কপিকচ্ছ, দুরালভা।

দুরাধর্ষ, পু, গৌরসর্ষপ।

দুরাধর্ষা, স্ত্রী, কুটুম্বিনী বৃক্ষ।

দুরারুহ, পু, বিল্ব, নারিকেল।

দুরারুহা, স্ত্রী, খর্জুরী।

দুরারোহা, স্ত্রী, শাল্মলী বৃক্ষ, শ্রীবল্লী।

দুরালভা, স্ত্রী, স্বনামখ্যাত কণ্টকযুক্ত বৃক্ষ বিশেষ; (গুণ) সারক, জ্বর ছর্দ্দি শ্লেষ্ম পিত্ত বিসর্প এবং বেদনা নাশী, কটু, তিক্ত, উষ্ণ, ক্ষার, অম্ল, মধুর, বাত গুল্ম প্রমেহ নাশী।

দুরালভা, স্ত্রী, স্বনামখ্যাত কণ্টকযুক্ত বৃক্ষ বিশেষ।

দুরিতদমনী, স্ত্রী, শমী।

দুর্গ, পু, গুগ্‌গুলু।

দুর্গকারক, ন, বৃক্ষবিশেষ।

দুর্গন্ধ, ন, সৌবর্চ্চল লবণ, আম্র বৃক্ষ, পলাণ্ডু।

দুর্গপুষ্পী, স্ত্রী, বৃক্ষ বিশেষ, কেশপুষ্টা।

দুর্গা, স্ত্রী, নীলী, অপরাজিতা।

দুর্গাহ্ব, পু, ভূমিজ গুগ্‌গুলু।

দুর্জরা, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা।

দুর্দ্রিতা, স্ত্রী, লতাবিশেষ।

দুর্দ্দ্রুম, পু, হরিৎ পলাণ্ডু।

দুর্ধর, পু, ঋষভৌষধি, পারদ, ভল্লাতক।

দুর্দ্ধর্ষা, স্ত্রী, নাগদমনী, কন্থারী বৃক্ষ।

দুর্নাম, দুর্নামক, ন, অর্শরোগ।

দুর্নামা, স্ত্রী, দীর্ঘকোষিকা, ঝিনুক।

দুর্নামারি, পু, শূরণ।

দুর্নাম্নী, স্ত্রী, দুনামা।

দুর্বলা, স্ত্রী, অপু শিরীষিকা।

দুর্মনা, স্ত্রী, শতমূলী।

দুর্ম্মরা, স্ত্রী, দুর্ব্বা, শ্বেতদুর্ব্বা।

দুর্ম্মোহ, পু, কাকতুণ্ডী।

দুর্লভ, পু, কচুর, কচ্চুর।

দুর্লভা, স্ত্রী, দুরালভা, শ্বেত কণ্টকারী।

দুর্বর্ণ, ন, রজত, এলবালুক।

দুর্বর্ণক, ন, রজত।

দুশ্ছেদ্য, (Vicid) যাহা সহজে তুলিয়া ফেলা যায় না, আঠাবৎ।

দুষ্কুলীন, পু, চোরা নামক গন্ধদ্রব্য।

দুষ্খদির, পু, খদির বৃক্ষভেদ; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, রক্ত ব্রণোথ দোষ কণ্ডূতি বিষ বিষর্প জ্বর কুষ্ঠ উন্মাদ এবং ভূত নাশী।

দুষ্ট, ন, কুড়, কুষ্ঠ।

দুষ্টক্ষুধা, (Malacia) বিকৃত ক্ষুধা; এই ক্ষুধা উপকারজনক নহে।

দুষ্পত্র, পু, চোরনামক গন্ধদ্রব্য।

দুষ্পশ, পু, দুরালভা।

দুষ্পধর্ষা, স্ত্রী, দুরালভা, খর্জুরী।

দুষ্প্রধর্ষণী, স্ত্রী, বার্ত্তাকী।

দূপ্রধর্ষিণী, স্ত্রী, বার্ত্তাকী, কণ্টকারী, বৃহতী।

দূপ্রবেশা, স্ত্রী, কন্থারী বৃক্ষ।

দূমণি, পু, অর্কবৃক্ষ।

দূতঘ্নী, স্ত্রী, কদম্ব পুষ্পী।

দূরদৃষ্টি, (Presbyopia) যে রোগে দূরের বস্তু স্পষ্ট ও নিকটের বস্তু অস্পষ্ট দেখায়।

দূরবীক্ষণ, (Telescope) যে যন্ত্র দ্বারা দূরের বস্তু দেখা যায়, দূরবীণ।

দূরমূল, পু, মুঞ্জতৃণ।

দূর্ধা, ন, শঠী।

দূর্ব্বা, স্ত্রী, স্বনামখ্যাত ঘাস; (গুণ) রক্ত-পিত্ত কণ্ডু ও ত্বকদোষ নাশক।

দূলিকা, দূলী, স্ত্রী, নীলী।

দূষীবিষ, ন, ঔষধাদি দ্বারা বীর্য্যহীন বিষ।

দ্যূতবীজ, ন, কপর্দ্দক।

দৃকপ্রসাদা, স্ত্রী, কুলথী, কুলথাঞ্জন।

দৃঢ়, ন, লৌহ।

দৃঢ়কণ্টক, পু, ক্ষুদ্র ফলবৃক্ষ, ধল আঁকড়া।

দৃঢ়কাণ্ড, ন, দীর্ঘ রোহিষক। পু, বংশ।

দৃঢ়কাণ্ডা, স্ত্রী, পাতাল গরুড়ী লতা।

দৃঢ়গাত্রিকা, স্ত্রী, মৎস্তণ্ডী।

দৃঢ়গ্রন্থি, পু, বংশ।

দৃঢ়চ্ছদ, ন, দীর্ঘ রোহিষক।

দৃঢ়তরু, পু, ধববৃক্ষ।

দৃঢ়তৃণ, পু, মুঞ্জতৃণ।

দৃঢ়তৃণা, স্ত্রী, বল্বজা।

দৃঢ়ত্বচ্, পু, যাবনাল, শর।

দৃঢ়মাতৃকা, (Dura mater) ডিউরা মেটার দেখ।

দৃঢ়নীর, পু, নারিকেল বৃক্ষ।

দৃঢ়পত্র, পু, বংশ।

দৃঢ়পত্রী, স্ত্রী, বল্বজা।

দৃঢ়পাদা, স্ত্রী, যবতিক্তা।

দৃঢ়পাদী, স্ত্রী, ভূম্যামলকী।

দৃঢ় প্ররোহ, পু, প্লক্ষবৃক্ষ।

দৃঢ়ফল, পু, নারিকেল বৃক্ষ।

দৃঢ়বন্ধিনী, স্ত্রী, শ্যামালতা।

দৃঢ়মূল, পু, মন্থানক তৃণ, নারিকেল, মঞ্জুতৃণ।

দৃঢ়রঙ্গা, স্ত্রী, পাতাল গরুড়ী।

দৃঢ়বল্কল, পু, লকুচ, পূগ।

দৃঢ়বল্কা, স্ত্রী, অম্বষ্ঠা।

দৃড়বীজ, স্ত্রী, চক্রমর্দ্দ, বদর, বর্ব্বুর।

দৃঢ়সূত্রিকা, স্ত্রী, মূর্ব্বা।

দৃঢ়স্কন্ধ, পু, ক্ষীরিকা বৃক্ষ।

দৃঢ়ক্ষুরা, স্ত্রী, বল্বজা।

দৃঢ়াঙ্গ, ন, হারক।

দৃতা, স্ত্রী, জীরক।

দৃতিধারক, পু, বৃক্ষবিশেষ, আকনপাতা।

দৃশাকাঙ্ক্ষ্য, ন, পদ্ম।

দৃশোপম, ন, শ্বেত পদ্ম।

দৃষৎসার, ন, মুণ্ডায়স।

দৃষ্টিকৃৎ, ন, স্থলপদ্ম।

দৃষ্টিকৃত, ন, স্থলপদ্ম।

দৃষ্টিবিকার, (Dysopia) ডিসোপিয়া দেখ।

দেব, পু, পারদ।

দেবমর্দ্দক, পু, সুগন্ধি দ্রব্য বিশেষ, অর্থাৎ একত্র মিশ্রিত শ্রীখণ্ড, অগুরু, কর্পূর ও কুমকুম।

দেবকাষ্ঠ, ন, দেবদারু; (গুণ) তিক্ত, উষ্ণ, রুক্ষ, শ্লেষ্মা ও বায়ু নাশক।

দেবকুরুম্বা, স্ত্রী, মহা দ্রোণা।

দেবকুসুম, ন, লবঙ্গ।

দেবগন্ধা, স্ত্রী, মহামেদা।

দেবজগ্ধ, ন, গন্ধতৃণ।

দেবজগ্ধক, ন, গন্ধতৃণ।

দেবতরু, পু, মন্দার, পারিজাত, কল্পবৃক্ষ, হরিচন্দন, চৈত্য বৃক্ষ।

দেবতাড়, পু, বৃক্ষবিশেষ, দেতাড়া, ঘোষক লতা।

দেবতাড়ক, পু, দেবতাড়।

দেবদণ্ডা, স্ত্রী, নাগবলা।

দেবদানী, স্ত্রী, ঘোষকাকৃতি, হস্তিঘোষা।

দেবদারু, ন, স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ; (গুণ) তিক্ত, রুক্ষ, শ্লেষ্মানিলভূত দোষ নাশক, লঘু, স্নিগ্ধ, কটু পাকী, উষ্ণ বিবন্ধ আধ্মান শোথ তন্দ্রা হিক্কা জ্বরাস্র প্রমেহ পীনস শ্লেষ্মা শ্বাস কণ্ডূ ও বায়ু নাশী। (লেপন-গুণ) কান্তিদ, আমদোষ বিবন্ধ অর্শ প্রমেহ জ্বর নাশক।

দেবদালিকা, স্ত্রী, মহাকাল।

দেবদালী, স্ত্রী, লতাবিশেষ; (গুণ) তিক্ত, উষ্ণ, কটু, পাণ্ডু কফ দুর্নাহ শ্বাসকাস কামলভূত নাশক। (ফলের গুণ) তিক্ত, কৃমি শ্লেষ্মা গুল্ম অর্শ বাত নাশক, সংস্রনক, পীতাগরা খর-স্পর্শা বিষঘ্নীসর নাশী।

দেবদাসী স্ত্রী, বনবীজ পূরক।

দেবদুন্দুভি, পু, গন্ধপর্ণাস, রক্ত তুলসী।

দেবদূতী, স্ত্রী, বীজপূরক।

দেবধান্য, ন, ধান্যবিশেষ, দেধান।

দেবধূপ, পু, গুগ্‌গুলু।

দেবন, ন, পদ্ম।

দেবনল, পু, নলভেদ।

দেবনাল, পু, নলভেদ; (গুণ) অতি মধুর, বৃষ্য, ঈষৎ কষায়, নলাদধিক বীর্য্যকর, রসকর্ম্মে প্রশস্ত।

দেবপত্নী, স্ত্রী, মধ্বালুক।

দেবপর্ণ, ন, সুরপর্ণ।

দেবপুত্রিকা, স্ত্রী, পৃক্কা।

দেবপুত্রী, স্ত্রী, পৃক্কা।

দেবপুষ্প, ন, লবঙ্গ।

দেবপ্রিয়, পু, পীত ভৃঙ্গরাজ, বকপুষ্প।

দেববলা, স্ত্রী, সহদেবী, ত্রায়মানা।

দেববল্লভ, পু, পুন্নাগ বৃক্ষ, পুনর্ণবা।

দেবভবন, ন, অশ্বত্থ।

দেবমণি, পু, মহামেদা।

দেবলতা, স্ত্রী, নবমল্লিকা।

দেবলাঙ্গুলিকা, স্ত্রী, বৃশ্চিকালী।

দেববৃক্ষ, পু, সপ্তপর্ণ বৃক্ষ, মন্দার বৃক্ষ, গুগ্গুলু।

দেবশেখর, ন, দমনক।

দেবশ্রেণী, স্ত্রী, মূর্ব্বা।

দেবসর্ষপ, পু, বৃক্ষ প্রভেদ; (গুণ) উষ্ণ, কটু, কফ জন্তুদোষ রক্তাময় নাশী এবং রুচ্য।

দেবসহা, স্ত্রী, দণ্ডোৎপলৌষধ।

দেবসৃষ্টা, স্ত্রী, মদ্য।

দেবা, স্ত্রী, পদ্মচারিণী, অশনপর্ণী।

দেবাত্মা, পু, অশ্বত্থ।

দেবাভীষ্টা, স্ত্রী, তাম্বূলী।

দেবার্হ, ন, সুরপর্ণ।

দেবার্হা, স্ত্রী, সহদেবী লতা।

দেবাবাস, পু, অশ্বত্থবৃক্ষ।

দেবাহ্ব, ন, দেবদারু।

দেবিকা, স্ত্রী, ধুস্তূর।

দেবী, স্ত্রী, মূর্ব্বা, পৃক্কা, পিড়িং শাক, চোরহুলী, গেরীমাটী, আদিত্য ভক্তা, সৌরাষ্ট্র মৃত্তিকা, লিঙ্গিনী, শালিপর্ণী, বন্ধ্যাকর্কোটকী, মহাদ্রোণী, পাঠা, নাগর মুথা, মৃগের্ব্বারু, হরিতকী, গন্ধক।

দেবীবীজ, ন, গন্ধক।

দেবেষ্ট, পু, মহামেদা, গুগ্গুলু।

দেবেষ্টা, ন, বনবীজপূরক।

দেহদ, পু, পারদ।

দেহকাণ্ড, (Trunk of the body) হস্তপদাদিহীন শরীরাংশ, ধড়।

দেহপ্রকৃতি, দেহস্বভাব, (Constitution) বিশেষ বিশেষ ব্যক্তির বিশেষ বিশেষ শারীর প্রকৃতি; ধাতু।

দেহলা, স্ত্রী, মদ্য।

দৈত্য, পু, লৌহ।

দৈত্যমেদজ, পু, ভূমিজ গুগ্গুলু।

দৈত্যা, স্ত্রী, মুরনামক গন্ধদ্রব্য, মদ্য, চণ্ডৌষধি।

দৈত্যেন্দ্র, পু, গন্ধক।

দৈশিক, (Endemic) বিশেষ স্থানব্যাপক, স্থানবিশেষে প্রাদুর্ভূত; বহুব্যাপী নহে।

দোলা, স্ত্রী, নীলিনী।

দোষ, পু, বায়ু পিত্ত কফ।

দোষাক্লেশী, স্ত্রী, বনবর্ব্বরিকা।

দোহজ, ন, দুগ্ধ।

দোহদ, পু, ন, গর্ভলক্ষণ, গর্ভিনীর অভি-লাষ।

দোহলী, স্ত্রী, অশোক বৃক্ষ।

দ্রুক্ষণ, ন, তোলক পরিমাণ।

দ্রব, পু, রস (Liquid) তরল।

দ্রব উপদেহ, (Embrocation) এম্ব্রো-কেশন দেখ।

দ্রবজ, পু, গুড়।

দ্রবৎ পত্রা, পু, শিমূড়ী বৃক্ষ।

দ্রবন্তী, স্ত্রী, মূষিকপর্ণী ;(গুণ) মধুর, শীতল, রসবন্ধকর, জ্বর ও কৃমি নাশক, শূল-শমনক এবং রসায়ন ; থুলকুঁড়ি।

দ্রবরসা, স্ত্রী, লাক্ষা।

দ্রবস্বেদ, (Moist fomentation) আর্দ্র স্বেদ।

দ্রবিণ, ন, কাঞ্চন।

দ্রবিণনাশন, পু, শোভাঞ্জন বৃক্ষ।

দ্রব্য, ন, ঔষধ, পিত্তল।

দ্রাবক, ন, সিক্থক, ঔষধ বিশেষ।

দ্রাবককন্দ, পু, তৈলকন্দ।

দ্রাবকর, ন, শ্বেত টঙ্কণ।

দ্রাবণ, ন, কতকফল, নির্ম্মলী।

দ্রাবিড়, পু, কর্ব্বুর, বেধমুখ্য।

দ্রাবিড়ক, ন, বিটলবণ। পু, তিন্তিড়ীবৃক্ষ।

দ্রাবিড়ী, স্ত্রী, এলা।

দ্রাক্ষা, স্ত্রী, ফলবিশেষ, আঙ্গুর ; (গুণ) অতি মধুর, অম্ল, পিত্তার্ত্তি দাহ মূত্র দোষ নাশক, রুচ্য, বৃষ্য, সন্তর্পক, স্নিগ্ধ, শিতবলকর, হৃদ্য, তৃষ্ণা বায়ু রক্তপিত্ত ক্ষীণতা নাশক।

দ্রুকিলিম, ন, দেবদারু।

দ্রুঘণ, পু, ভূমিচম্পক।

দ্রুম, পু, বৃক্ষ, পারিজাত।

দ্রুমনখ, পু, কণ্টক।

দ্রুমশ্রেষ্ঠ, পু, তাল বৃক্ষ।

দ্রুমব্যাধি, পু, লাক্ষা।

দ্রুমর, পু, কণ্টক।

দ্রুমাময়, পু, লাক্ষা।

দ্রুমেশ্বর, পু, তালবৃক্ষ।

দ্রুমোৎপল, পু, কর্ণিকার বৃক্ষ, স্থল পদ্ম।

দ্রুসল্লক, পু, পিয়াল বৃক্ষ।

দ্রু, পু, স্বর্ণ।

দ্রুঘন, পু, ভূমিচম্পক।

দ্রেকা, পু, মহানিম্ব।

দ্রোণ, পু, ন, বত্রিশ সের পরিমাণ

দ্রোণ, পু, শ্বেতবর্ণ ক্ষুদ্র পুষ্পবৃক্ষ বিশেষ, বলঘসিয়া গাছ।

দ্রোণগন্ধিকা, স্ত্রী, রাস্না।

দ্রোণপুষ্পী, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ, গুমা

(গুণ) কটু, উষ্ণ, রুচ্য, বাত কফ অগ্নিমান্দ্য পক্ষঘাত নাশী, গুরু, স্বাদু, রুক্ষ, বাতপিত্তকর, স্বক্ষার লবণ, স্বাদুপাকী, ভেদক, আম কামলা শোথ তমকশ্বাস জন্তু নাশী। গোশীর্ষক বৃক্ষ, ঘলঘসিয়া।

দ্রোণা, স্ত্রী, দ্রোণ পুষ্পী।

দ্রোণিকা, স্ত্রী, নীলী বৃক্ষ।

দ্রোণী, স্ত্রী, গবাদনী, নীলীবৃক্ষ, ইন্দ্রচির্ভিটী, দ্রোণী লবণ, ১২৮ সের পরিমাণ।

দ্রোণীদল, পু, কেতকী পুষ্প।

দ্রোণীলবণ, ন, উপকর্ণাট দেশে প্রসিদ্ধ লবণ বিশেষ; (গুণ) পাকে অত্যুষ্ণ, অবিদাহী, ভেদক, স্নিগ্ধ, শূলনাশক, অল্পপিত্তল।

দ্বন্দ্ব, পু, রোগবিশেষ।

দ্বন্দ্বজ, পু, দ্বিদোষজ রোগ।

দ্ব্যগ্নি, পু, রাংচিতা।

দ্বাদশাঙ্গুলান্ত্র, (Duodenum) ক্ষুদ্রান্ত্রের প্রথমাংশ; দ্বাদশ অঙ্গুল পরিমিত বলিয়া ইহাকে দ্বাদশাঙ্গুলান্ত্র কহে।

দ্বাদশাত্মা, পু, অর্কবৃক্ষ।

দ্বারদাতু, পু, ভূমিসহ বৃক্ষ।

দ্বিকটুক, ন, শুণ্ঠী ও পিপ্পলী।

দ্বিজ, প, তুম্বুরু বৃক্ষ।

দ্বিজকুৎসিত, পু, শ্লেষ্মান্তক বৃক্ষ।

দ্বিজপ্রিয়া, স্ত্রী, সোমলতা।

দ্বিজরাজ, পু, কর্পূর।

দ্বিজব্রণ, পু, দন্তার্ব্বুদ।

দ্বিজসপ্ত, পু, রাজমাস, বরবটী।

দ্বিজা, স্ত্রী, রেণুকনামক গন্ধদ্রব্য, ভার্গী, পালঙ্কী।

দ্বিজাঙ্গী, স্ত্রী, কটুকা।

দ্বিদর্শনি, (Diplopia) একটী বস্তুকে দুইটী দেখা।

দ্বিদৃষ্টি, (Double vision) দ্বিদর্শনি।

দ্বিতীয়াভা, স্ত্রী, দারুহরিদ্রা।

দ্বিধাত্মক, ন, জাতিকোষ।

দ্বিধালেখ্য, পু, হিন্তাল বৃক্ষ।

দ্বিপ, পু, নাগকেশর।

দ্বিপর্ণী, স্ত্রী, বনকোলী।

দ্বিলবণ, ন, সৈন্ধব ও সচল।

দ্বিষ্ট, ন, তাম্র।

দ্বিপট্ট, (Double tape) বক্ষ পরিমাপার্থ এক প্রকার ফিতা।

দ্বিমুণ্ড, (Biceps) দুই মস্তকযুক্ত দুইটী পৃথক মূলবিশিষ্ট।

দ্বিহরিদ্রা, স্ত্রী, হরিদ্রা ও দারুহরিদ্রা।

দ্বিক্ষার, ন, যবক্ষার ও সাচিক্ষার।

দ্বীপকর্পূরজ, পু, চীনকর্পূর।

দ্বীপখর্জ্জুর, ন, মহা পারেবত।

দ্বীপজ, ন, মহা পাবেরত।

দ্বীপশত্রু, পু, শতাবরী।

দ্বীপিকা, স্ত্রী, শতাবরী।

দ্বীপী, ন, পু, চিত্রক বৃক্ষ।

দ্বৈধনিয়া, স্ত্রী, নাগবল্লী ভেদ।

দ্ব্যগ্র কশেরুকা, (Spina Bifidia) স্পাইনা বাইফিডা দেখ।

দ্ব্যষ্ট, ন, তাম্র।

দ্বৌকালীন জ্বর, (Double fever) যে জ্বর ২৪ ঘণ্টার মধ্যে দুইবার আইসে।

ধ

ধতুর, পু, ধুস্তুর।

ধনঞ্জয়, পু, চিত্রক বৃক্ষ।

ধনদ, পু, হিজ্জল বৃক্ষ।

ধনদাক্ষী, স্ত্রী, লতাকরঞ্জ।

ধনপ্রিয়া, স্ত্রী, কাকজম্বু।

ধনস্যাক, পু, গোক্ষুর।

ধনহরী, স্ত্রী, চোরনামক গন্ধদ্রব্য।

ধনিক, পু, ধন্যাক, ধববৃক্ষ।

ধনিকা, স্ত্রী, প্রিয়ঙ্গু বৃক্ষ।

ধনিয়ক, পু, ধন্যাক।

ধনু, পু, পিয়াল বৃক্ষ।

ধনুজঙ্ঘা, (Bowleg) ধনুকের ন্যায় বক্র জঙ্ঘা।

ধনুপট, পু, পিয়ালবৃক্ষ।

ধনুশাখা, স্ত্রী, মূর্ব্বা।

ধনুশ্রেণী, স্ত্রী, মূর্ব্বা, মহেন্দ্রবারুণী।

ধনুর্গুণা, স্ত্রী, মূর্ব্বা।

ধনুর্দ্রুম, পু, বংশ।

ধনুর্মালা, স্ত্রী, মূর্ব্বা।

ধনুর্যাস, পু, ধন্বযাস, দুরালভা।

ধনুর্লতা, স্ত্রী, সোমবল্লী।

ধনুর্বৃক্ষ, পু, ধন্বন বৃক্ষ, বংশ, অশ্বত্থ।

ধনুস্তম্ভ, (Tetanus) ধনুষ্টঙ্কার।

ধনুষ্পট, পু, পিয়াল গাছ।

ধনেয়ক, ন, ধন্যাক।

ধন্ব, পু, অশ্বকর্ণ বৃক্ষ।

ধন্যা, স্ত্রী, আমলকী, ধন্যাক, ধনিয়া; (গুণ) মধুর, শীতল, কষায়, পিত্ত-

জ্বর কাস তৃষ্ণা ছর্দ্দি কফ নাশী, দীপক, স্নিগ্ধ, বৃষ্য, মূত্রল, লঘু, তিক্ত, কটু, বীর্য্যকর, পাচক, রোচক, গ্রাহী, স্বাদুপাকী, ত্রিদোষ দাহ শ্বাস অর্শ কৃমিনাশক।

ধন্বক, পু, ধন্বন বৃক্ষ।

ধন্বঙ্গ, পু, ধন্বন বৃক্ষ।

ধন্বন, পু, বৃক্ষবিশেষ, ধামনি; (গুণ) কটু, উষ্ণ, কষায়, কফনাশী, দাহ-শোষক, গ্রাহী, কণ্ঠাময় প্রশমক।

ধন্বন্তরী গ্রস্তা, স্ত্রী, কটুকী।

ধন্বযবাস, পু, দুরালভা।

ধন্বী, পু, দুরালভা, অর্জ্জুন বৃক্ষ, বকুল।

ধবল, (Leucoderma) শ্বেতকুষ্ঠ।

ধমন ক্রিয়া, (Peristaltic motion) অন্ত্রাদির নিয়মিত ক্রিয়া।

ধমনী, স্ত্রী, ধমনি (Artery), যে সকল নাড়ী হৃৎপিণ্ড হইতে সর্ব্বশরীরে বিশুদ্ধ ও লালবর্ণ রক্ত বহন করে। (বৈদ্যকে) রক্তবহা নাড়ী, হরিদ্রা, পৃশ্নিপর্ণী,নলিকা, হট্টবিলাসিনী।

ধমন্যর্ব্বুদ, (Aneurism) এনিউরিজম দেখ।

ধরণ, ন, পল দশমাংশ, ২৪ রতি পরিমাণ। পু, ধান্য।

ধরণী, স্ত্রী, শাল্মলী বৃক্ষ, কন্দবিশেষ; (গুণ) মধুর, কফ পিত্তরোগ রক্তদোষ কুষ্ঠ কণ্ডূতি নাশক। নাড়ী।

ধরণীকন্দ, পু, ধরণী নামক মূলবিশেষ।

ধরাকদম্ব, পু, ধারাকদম্ব বৃক্ষ।

ধর্ম্মণ, পু, বৃক্ষভেদ, ধামিনিয়া।

ধর্ম্মপত্তন, ন, মরিচ।

ধর্ম্মপত্র, ন, যজ্ঞডুম্বুর।

ধর্ম্মিণী, স্ত্রী, রেণুকা।

ধর্ম্মোন্মাদ, (Theomania) ধর্ম্মবিষয়ক উন্মত্ততা, রোগবিশেষ; যে বায়ু রোগে রোগী সর্ব্বদা ধর্ম্মকর্ম্মাদির অনুষ্ঠানে উন্মত্ত হয়।

ধলত্ত, পু, দৃঢ় কণ্টক বৃক্ষ, ধল আঁকড়া।

ধব, পু, স্বনামখ্যাত বৃক্ষ, ধাওয়া; (গুণ) কষায়, কটু, কফবায়ু নাশক, পিত্তকোপনক, রুচ্য, দীপক, শীতল, প্রমেহ অর্শ পাণ্ডু পিত্ত কফাপহ, মধুর, তুবর, তিক্ত।

ধবল, পু, ধব বৃক্ষ, চীনকর্পূর।

ধবল পাটুলী, স্ত্রী, সিত পাটলিকা।

ধবল মৃত্তিকা, স্ত্রী, খড়ী।

ধবলযাবনাল, পু, যাবনাল বিশেষ; (গুণ) গৌল্য, বল্য, বৃষ্য, রুচিপ্রদ, পথ্য, ত্রিদোষ অর্শ গুল্ম ব্রণ নাশী।

ধবলোৎপল, ন, কুমুদ।

ধাতব, (Metalic) ধাতু পদার্থের মত।

ধাতকী, স্ত্রী, পুষ্পবিশেষ, ধাইফুল ; (গুণ) কটু, উষ্ণ, মদকারী, বিষ প্রবাহিকাতিসার, বিষর্প ব্রণ নাশী, শীতল, রক্তপিত্তনাশক।

ধাতু, পুং, শরীর ধারক বস্তু ; যথা—রস, রক্ত, মাংস, অস্থি, মজ্জা ও শুক্র, বায়ু, পিত্ত ও কফ। স্বর্ণরৌপ্যাদি ; (Constitution)।

ধাতুকাসীস, ন, কাসীস।

ধাতুঘ্ন, ন, কাঞ্জিক।

ধাতুনাশন, ন, কাঞ্জিক।

ধাতুপ, পুং, শরীরস্থ প্রধান ধাতু, রস।

ধাতুপল, পু, খড়ি।

ধাতুপুষ্পিকা, স্ত্রী, ধাইফুল।

ধাতুপুষ্পী, স্ত্রী, ধাইফুল।

ধাতুমাক্ষিক, ন, মাক্ষিক।

ধাতুমারিণী, স্ত্রী, সার্জিকা, সোহাগা।

ধাতুবল্লভ, ন, সোহাগা।

ধাতুবিকৃতি, (Cachexia) দূষিত শারীর প্রকৃতি।

ধাতুঠেরী, পুং, গন্ধক।

ধাতুশেখর, ন, কাসীস।

ধাতৃপুষ্পিকা, স্ত্রী, ধাতকী।

ধাতৃপুষ্পী, স্ত্রী, ধাতকী।

ধাত্রিকা, স্ত্রী, আমলকী।

ধাত্রী, স্ত্রী, আমলকী ; (Midwife, nurse) যে স্ত্রী প্রসব করায়।

ধাত্রীপত্র, ন, তালীশ পত্র, আমলকীপত্র

ধাত্রীফল, পুং, আমলকী।

ধাত্রীবিদ্যা, (Midwifery) প্রসবতত্ত্ব।

ধানক, ন, ধন্যাক।

ধানা, স্ত্রী, ধন্যাক, ভৃষ্ট যব, সক্তু।

ধানী, স্ত্রী, পীলুবৃক্ষ।

ধানুষ্কা, স্ত্রী, অপামার্গ বৃক্ষ।

ধানুষ্য, পুং, বংশ।

ধানেয়, ন, ধন্যাক।

ধানেয়ক, ন, ধন্যাক।

ধাঙ্কা, স্ত্রী, পৃথিকা, এলাইচ।

ধান্য, ন, ধন্যা, কৈবর্ত্ত মুস্তক, সতুঁষ তণ্ডুলাদি, ধান। ধান্য, নানা প্রকার, জাতিভেদে গুণ যথা,—(শূক ধান্য) ত্রিদোষ প্রশমক, তেজ বেল অতিশয় বীর্য্য বৃদ্ধিকর। (শমী ধান্য) গুরু, হিম, বিবন্ধদাত্রী। (তৃণধান্য গুণ) বাতাত্মক, শিশির। (বাপিত ধান্য গুণ) গুরু। (অবাপিত ধান্য গুণ) বাপিত অপেক্ষা কিছু হীন গুণ। (রোপ্যাতিরোপ্য ধান্য গুণ) লঘু, শীঘ্র পাকী, গুণোত্তর, অদাহী, দোষহর, বল্য, মূত্রবর্দ্ধক। (নূতন ধান্য) অভিষ্যন্দী। (সম্বৎসরবয়োষিত ধান্য) লঘু। (সম্বৎসর দ্বয় হইতে

অধিক পুরাতন ধান্য গুণ) বাত-প্রকোপণক, লঘুতর। (অকালজাত ধান্য) বিরস ও সর্ব্বধাতু প্রদূষক।

ধান্যাক, ন, ধন্যাক।

ধান্যতুবোদক, ন, কাঞ্জিক।

ধান্যযূষ, পু, কাঞ্জিক।

ধান্যরাজ, পু, যব।

ধান্যবীর, পু, মাষ।

ধান্যাক, ন, ধন্যাক।

ধান্যাম্ল, ন, কাঞ্জিক; (গুণ) লঘু, দীপক, অরুচি বাতরোগে উপকারক।

ধান্যোত্তম, পু, শালি ধান্য।

ধাবন, (Lotion) বাহ্যপ্রয়োগার্থ জলীয় ঔষধ, ধৌত, দোড়ান।

ধামনী, স্ত্রী, ধমনী।

ধামনিক, (Arterial) ধমনীসম্বন্ধীয়।

ধামার্গব, পু, অপামার্গ, ঘোষক, পীত ঘোষা।

ধারণীয়া, স্ত্রী, ধরণীকন্দ।

ধারাকদম্ব, পু, কদম্ব বৃক্ষ প্রভেদ, কেলি-কদম্ব।

ধারাকদম্বক, পু কেলিকদম্ব।

ধারাফল, পু, মদনবৃক্ষ।

ধারাস্নুহী, স্ত্রী, ত্রিধারস্নুহী, তেকাটা সিজ।

ধারিণী স্ত্রী, শাল্মলী বৃক্ষ।

ধারী, পু, পীলুবৃক্ষ।

ধারোষ্ণ, ন, দোহনকালে উষ্ণ ধারায় পতিত দুগ্ধ; (গুণ) শ্রমহর, নিদ্রাকর, কান্তিদ, বৃষ্য, বৃংহণক, অগ্নিবর্দ্ধক, অতি স্বাদু, ত্রিদোষ নাশক।

ধার্ত্তরাষ্ট্রপদী, স্ত্রী, হংসপদী।

ধারণি, স্ত্রী, পৃশ্নিপর্ণী, চাকুল্যা।

ধাবনিকা, স্ত্রী, কণ্টকারিকা, চাকুল্যা।

ধাবনী, স্ত্রী, পৃশ্নিপর্ণী, কণ্টকারী, ধাতকী।

ধীর, ন, কুঙ্কুম। পু, ঋষভোষধি।

ধীরপত্রী, স্ত্রী, ধরণী কন্দ।

ধীরা, স্ত্রী, কাকোলী, মহাজ্যোতিষ্মতী লতা।

ধূম্রমারা পু, গৃহধূম।

ধুরন্ধর, পু, ধববৃক্ষ।

ধুর্য, পু, ঋষভোষধি।

ধুস্তূর, পু, ধুতুরা গাছ; (গুণ) মদবর্ণাগ্নিবাতকর, জ্বর কুষ্ঠ যূকালিক্ষা ব্রণ শ্লেষ্ম কণ্ডু কৃমি বিষ নাশক, কষায়, মধুর, তিক্ত, উষ্ণ, গুরু, কটু, কান্তিকর, ত্বগ্দোষ খর্জ্জু ভ্রম নাশক, মূর্চ্ছাকর, বহ্নি পিত্ত নাশক।

ধূনক, পু, বহ্নিবল্লভ, ধুনা।

ধূপন, প, বহ্নিবল্লভ, ধুনা। (Femigation) ধূপের ন্যায় অগ্নিতে নিক্ষেপ করিয়া গন্ধ ও ধূম নির্গত করা।

ধূপবৃক্ষ, ধূপবৃক্ষক, পু, সরল বৃক্ষ।
ধূপাগুরু, ন, দাহাগুরু।
ধূপাঙ্গ, পু, শ্রীবেষ্ট।
ধূপার্হ, ন, কৃষ্ণাগুরু।
ধূমগন্ধিক, ন, রোহিষ তৃণ।
ধূমজাঙ্গজ, ন, বজ্রক্ষার।
ধূমযোনি, ন, মুস্তক।
ধূমরজ, ন, গৃহধূম।
ধূমপান, (Inhalation) মুখদ্বারা কোন ঔষধের বাষ্পাদি গ্রহণ করা।
ধূমসার, পু, গৃহধূম।
ধূমোত্থ, ন, বজ্রক্ষার।
ধূম্র, পু, তুরস্ক।
ধূম্রপত্রা, স্ত্রী, ক্ষুপ বিশেষ; (গুণ) রসে তিক্ত, শোক কৃমি কাস নাশী, উষ্ণ, রুচ্য, অগ্নিদীপক।
ধূম্রমূলিকা, স্ত্রী, শূলীতৃণ।
ধূম্রবর্ণ, পু, তুরস্ক।
ধূম্রা, স্ত্রী, শশাণ্ডুলী।
ধূম্রিকা, স্ত্রী, শিংশপা বৃক্ষ।
ধূর্ত্ত, ন, বিট্‌লবণ, লৌহকিট্ট। পু, ধুস্তূর-বৃক্ষ, চোরক।
ধূর্ত্তকৃৎ, পু, ধুতুরা।
ধূর্ত্তমানুষা, স্ত্রী, রাস্না।
ধূলক, ন, বিষ।
ধূলিপুষ্পিকা, স্ত্রী, কেতকী।

ধূলিকদম্ব, পু, নীপ, তিনিশ, বরুণ বৃক্ষ।
ধূসরচ্ছদা, স্ত্রী, শ্বেতবুহ্না।
ধূসরপত্রিকা, স্ত্রী, হস্তীপত্রী ক্ষুপ;
ধূসরমন্থ, (Glaucoma) গ্লকোমা দেখ।
ধূসরা, স্ত্রী, পাণ্ডুর ফলী ক্ষুপ।
ধূস্তুর, পু, ধুতুরা।
ধেনিকা, স্ত্রী, ধন্যাক।
ধেনুদুগ্ধ, ন, চির্ভিট।
ধেনুদুগ্ধকর, পু, গর্জ্জর, কাঁটানটিয়া।
ধৌত, ন, রৌপ্য।
ধৌতশিল, ন, স্ফটিক।
ধৌর, পু, ধববৃক্ষ।
ধ্মাঙ্ক্ষজঙ্ঘা, স্ত্রী, কাকজঙ্ঘা।
ধ্মাঙ্ক্ষজম্বু, স্ত্রী, কাকজম্বু।
ধ্মাঙ্ক্ষতুণ্ডী, স্ত্রী, কাকনাসা লতা।
ধ্মাঙ্ক্ষদন্তী, স্ত্রী, কাকতুণ্ডী।
ধ্মাঙ্ক্ষনামী স্ত্রী, কাকতুণ্ডী।
ধ্মাঙ্ক্ষনুম্বী, স্ত্রী, কাকোডুম্বরিকা।
ধ্মাঙ্ক্ষনাশিনী, স্ত্রী, হপুষা।
ধ্মাঙ্ক্ষনামা, ধাঙ্ক্ষনাশিকা, স্ত্রী, কাকনাস লতা।
ধ্মাঙ্ক্ষমাচী, স্ত্রী, কাকমাচী।
ধ্মাঙ্ক্ষবল্লী, স্ত্রী, কাকনাসা।
ধ্মাঙ্ক্ষাদনী, স্ত্রী, কাকতুণ্ডী।
ধ্মাঙ্ক্ষী, স্ত্রী, কঙ্কোলিকা।
ধ্যামক, ন, রোহিষ তৃণ।

ধ্রুবা, স্ত্রী, মূর্ব্বা, শালপর্ণী।

ধ্বংসী, স্ত্রী, এসরেণু পরিমাণ।

ধ্বজ, পু, ন, মেঢ্র।

ধ্বজদ্রুম, পু, তালবৃক্ষ, ঝাড় বৃক্ষ।

ধ্বজভঙ্গ, পু, ক্লীবত্বজনক রোগ বিশেষ; (Impotance) পুরুষের ইন্দ্রিয়শক্তি লোপ; ক্লীবত্বজনক রোগ।

ন

নক্টারন্যাল্, (Nocternal) রাত্রিকালীন, নৈশ।

নক্টাম্বুলেশন, (Noctambulation) স্বপ্ন-সঞ্চরণ, নিশি-পাওয়া।

নক্সভমিকা, (Nuxvomica) কুচিলা; ভারতবর্ষ ও ভারতসমুদ্র জাত কুচিলা নামক বৃক্ষের বীজ। চূর্ণের মাত্রা সিকি গ্রেণ হইতে ৩—৫ গ্রেণ। (গুণ) টীং নক্সভমিকায় দেখ।

নক্স মস্কেটা, (Nux Moschata) জায়-ফল। অন্যান্য বিষয় (Nutmeg) নাটমেগ দেখ।

নক্তান্ধতা, (Hemeralopia) রাতকাণা রোগ।

নকুল, পু, নেউল, বেঁজী; (মাংসগুণ) পিচ্ছিল, বাতনাশক, শ্লেষ্মাপিত্তকর।

নকুলাঢ্যা, স্ত্রী, গন্ধনাকুলী।

নকুলা, স্ত্রী, মাংসী, শঙ্খিনী, কুম্‌কুম্।

নকুলেষ্টা, স্ত্রী, রাস্না।

নক্তক্কর, পু, গুগ্‌গুলু।

নক্তমাল, পু, করঞ্জবৃক্ষ, হাপরমালি।

নক্তা, স্ত্রী, করিকালী, ঈশলাঙ্গুলা।

নক্তাহ, পু, ডহরকরঞ্জ।

নখ, ন, স্ত্রী, নখী; (গুণ) দুর্গন্ধহর, গ্রহ শ্লেষ্ম বাতাস্র জ্বর কুষ্ঠ নাশী, লঘু, উষ্ণ, শুক্রল, বর্ণ্য, স্বাদু, ব্রণ বিষালক্ষ্মী মুখদৌর্গন্ধ্যহর, পাকরসে কটু, কণ্ডু-ভূত বিনাশী, রক্ষোঘ্ন।

নখপর্ণী, স্ত্রী, বৃশ্চিকা ক্ষুপ।

নখপুষ্পী, স্ত্রী, পৃক্কা।

নখম্পচ, (Whitlow) আঙ্গুলহাড়া।

নখরাহ্ব, পু, করবীর বৃক্ষ।

নখরী, স্ত্রী, নখী, ক্ষুদ্র নখী।

নখবৃক্ষ, পু, নীলবৃক্ষ।

নখশঙ্খ, পু, ক্ষুদ্রশঙ্খ।

নখাক্ক, ন, ব্যাঘ্রনখী।

নখাঙ্গ, ন, নলী।

নখাল, পু, ক্ষুদ্র শঙ্খ।

নখালু, পু, নীলবৃক্ষ।

নখী, স্ত্রী, স্বনামখ্যাত গন্ধদ্রব্য।

নগজা, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদা।

নগনা, স্ত্রী, লতাবিশেষ, নয়াকট্‌কী।

নগভিৎ, পু, পাষাণভেদন।

নগভূ, ক্ষুদ্র পাষাণভেদা।

নগরোথা, স্ত্রী, নগরস্তা।

নগরৌষধি, স্ত্রী, কদলী।

নগাশ্রয়, পু, হস্তীকন্দ।

নগ্নহূ, পু, ন, নানাদ্রব্যকৃত সুরাবীজ, বাখর।

নচ (Notch) খাঁজ, শরীরস্থ যন্ত্রাদির প্রান্তদেশে অবনতি। ইহার বহুবচন (Notches) নচেজ।

নট, পু, শ্যোনাক বৃক্ষ, অশোকবৃক্ষ, কিস্কুপর্ব্বা, নল।

নটভূষণ, ন, হরিতাল।

নটমণ্ডন, ন, হরিতাল।

নটসংজ্ঞক, পু, গোদন্ত্যাখ্য হরিতাল, অর্থাৎ যাহার নাম গোদন্তী।

নটী, স্ত্রী, নলী নামক গন্ধদ্রব্য।

নড়, পু, নলতৃণ।

নত, ন, তগরপাদী, তগরমূল।

নতদ্রুম, পু, লতাশাল।

নদীকদম্ব, পু, মহাশ্রাবণিকা, বড় থুলকুঁড়ি।

নদীকান্ত, পু, ইজ্জলবৃক্ষ, সিন্ধুবারক।

নদীকান্তা, স্ত্রী, জম্বুবৃক্ষ, কাকজঙ্ঘা।

নদীকূল প্রিয়, পু, জলবেতস।

নদীজ, ন, স্রোতোঞ্জন। পু, অর্জ্জুন বৃক্ষ, হিজ্জল বৃক্ষ, যবনাল শর।

নদীজা, স্ত্রী, অগ্নিমন্থ বৃক্ষ।

নদীনিষ্পাব, পু, ধান্যভেদ; (গুণ) তিক্ত, কটু, অস্রপ্রদ, গুরু, বাতল, কফদ, রুক্ষ, কষায়, বিষদোষ নাশী।

নদীবট, পু, বটীবৃক্ষ।

নদীসর্জ, পু, অর্জ্জুনবৃক্ষ।

নদেয়ী, স্ত্রী, ভূমিজম্বু।

নদ্যাম্র, পু, সমষ্ঠিলা বৃক্ষ।

নন, (Non) "না" উপসর্গবাচী উপপদ।

ননকণ্ডাক্টর (Nonconductor) অপরিচালক।

নন-ম্যালিগ্নাণ্ট (Non malignant) অশংঘাতিক।

নন্দক, পু, নন্দীবৃক্ষ।

নন্দকি, স্ত্রী, পিপ্পলী।

নন্দগোপিতা, স্ত্রী, রাস্না।

নন্দনজ, স্ত্রী, হরিচন্দন।

নন্দিতরু, পু, ধববৃক্ষ।

নন্দিনী, স্ত্রী, রেণুকা, জটামাংসী।

নন্দী, পু, বটবৃক্ষ, গর্দ্দভাণ্ড বৃক্ষ।

নন্দীবৃক্ষ, পু, কোকণ দেশ প্রসিদ্ধ সুগন্ধি বৃক্ষ বিশেষ, অশ্বত্থ সদৃশ, ক্ষীরী নামক বৃক্ষ, তুঁদবৃক্ষ, মেষশৃঙ্গী বৃক্ষ, স্থালীবৃক্ষ।

নন্দ্যাবর্ত্ত, পু, তগর দ্রুম, মৎস্য ভেদ; (গুণ) সংগ্রাহী ও কফপিত্ত বিনাশী।

নমস্কার, পু, বিষভেদ।

নমস্কারী, স্ত্রী, খিদিরিকা শাক, লজ্জালু, বরাহক্রান্তা।

নমেরু, পু, রুদ্রাক্ষ, সুর পুন্নাগ।

নম্রক, পু, বেতস।

নয়নৌষধ, ন, পুষ্পকাসীস।

নর, ন, রাম কর্পূর তৃণ।

নরঙ্গ, পু, নারাঙা, নারাঙ্গী।

নরপ্রিয়, পু, নীলবৃক্ষ।

নরসার, পু, নিশাদল।

নরেন্দ্রদ্রুম, পু, সোঁদালু।

নর্ত্তক, পু, পোটগল, নল।

নর্ত্তকী, স্ত্রী, নলিকা নামক সুগন্ধি দ্রব্য।

নর্ম্মদা, স্ত্রী, পৃক্কা।

নর্ম্মাল, (Normal) স্বাভাবিক।

নল, ন, পথ। পু, স্বনামখ্যাত তৃণ; (গুণ) শীতল, কষায়, মধুর, রুচিকর, রক্তপিত্ত প্রশমক, বীর্য্যবৃদ্ধিকর।

নলক, ন, শাখাস্থি।

নলকাস্থি, (Fibula) জঙ্ঘার বহির্দ্দিকস্থ দীর্ঘাস্থি।

নলকিনী, স্ত্রী, জঙ্ঘা।

নলকীল, পু, জানু।

নলদ, ন, উশীর, মাংসী, পুষ্পরস।

নলদম্ব, পু, নিম্ববৃক্ষ।

নলদা, স্ত্রী, জটামাংসী।

নলিকা, স্ত্রী, প্রবালাকৃতি সুগন্ধিদ্রব্য; (গুণ) তিক্ত, কটু, তীক্ষ্ণ, মধুর, কৃমি বাত উদরার্ত্তি শূল নাশক, মলশোধক।

নলিত, পু, শাকবিশেষ, নলিতা; (গুণ) মধুর, পিত্তনাশক, শুক্রবর্দ্ধক।

নলিন, ন, নিলীকা, পদ্ম, জল।

নলিনীরুহ, ন, মৃণাল।

নলী, স্ত্রী, মনঃশীলা, নলিকা।

নলোত্তম, পু, দেবনল।

নলৌষ, (Bronchitis) বায়ুনলীভুজ প্রদাহ।

নল্বণ, পু, ৩২ শের পরিমাণ।

নবদল, ন, পদ্মের কেশর সমীপস্থ দল।

নবনী, স্ত্রী, নবনীত।

নবনীতক, ন, ঘৃত।

নবমল্লিকা, স্ত্রী, নবমালিকা।

নবমালিকা, স্ত্রী, নবমল্লিকা পুষ্প, কাষ্ঠ মল্লিকা, নেওয়ার; (গুণ) অতি শীতল, সুরভি, সর্ব্বরোগহর।

নবরত্ন, ন, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, হীরক, বিদ্রুম, পদ্মরাগ, মরকত ও নীলকান্ত এই নয় বহুমূল্য প্রস্তরের নাম নবরত্ন।

নববল্লভ, ন, দাহাগুরু।

নবাঙ্গা, স্ত্রী, কর্কট শৃঙ্গী।

নবোদ্ধৃত, ন, নবনীত।

নব্য, পু, রক্ত পুনর্নবা।

নশিয়া (Nausia) বমনপ্রবৃত্তি, বিবমিষা।

নষ্টরক্ত, (Amenorrhœa) রজঃলোপ।

নষ্টালজিয়া, (Nostalgia) স্বদেশ গমনে প্রবল ইচ্ছা, গৃহরোগ।

নষ্ট্রম, (Nostrum) হাতুড়ে ঔষধ, গুপ্ত ঔষধ, যে ঔষধের উপাদন অপ্রকাশিত থাকে।

নষ্ট্রিল, (Nostril) নাসারন্ধ্র।

নস্তকর্ম্ম, ন, প্রতিমর্ষ, অবপীড়, নস্য, প্রধমন ও শিরোবিরেচন।

নস্য, ন, নাসিকায় দেয় চূর্ণাদি। (Medicine applied by alfaction) নাসা দ্বারা গ্রহণীয় ঔষধাদি। আঘ্রাণ করা।

নহুষাখ্য, ন, তরগ পুষ্প।

নক্ষত্র, ন, মুক্তা।

নক্ষত্রকান্তিবিস্তার, পু, ধবল যাবনাল।

নক্ষত্রেশ, পু, কর্পূর।

নাইট ওয়াকিং, (Night walking) স্বপ্নে বিচরণ, ঘুমাইতে ঘুমাইতে উঠিয়া বেড়ান। নিশিপাওয়া ইতি ভাষা।

নাইটমেয়ার, (Nightmare) নিদ্রাবস্থায় বুকে বা পিঠে চাপানুভব বশতঃ সঞ্চরণে শ্বাসগ্রহণে বা বাক্যকথনে অসমর্থতা ও অতিশয় উৎকণ্ঠা; মুখচাপা, বোবায় ধরা।

নাইট সেড, (Night-shade) বেলেডোনা।

নাইটার, (Nitre) সোরা।

নাইট্রিক য়্যাশিড, (Nitric acid) যবক্ষারাম্ল দ্রাবক। ৫ ভাগ অক্সিজেন ও এক ভাগ নাইট্রোজেন সংযোগে ইহা প্রস্তুত হইয়া থাকে। ইহার উগ্রাবস্থায় ব্যবহৃত হয় না। ছয় আউন্সের সহিত ২৪ আং জল মিশ্রিত করিতে হইবে। পরে এ পরিমাণ জল দিবে, যেন ৬০ তাপাংশে ৩১ আং হয়। মাত্রা ৫—৩০ মিং।

নাইট্রেট অফ সিল্‌ভার, (Nitrate of silver) কাষ্টকী।

নাইট্রোজিনাস,(Nitrogenous) যবক্ষার-

যান, বর্ণ ও গন্ধহীন একপ্রকার বায়বীয় পদার্থ। বায়ুমণ্ডলের পাঁচভাগের চারি ভাগ এই পদার্থ।

নাকু, পু, বল্মীক, উইমাটী।

নাকুলী, স্ত্রী, কুক্কুটীকন্দ, রাস্না ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, ত্রিদোষ ও অনেক বিষ নাশক।

নাকুলীদ্বয়, ন, রাস্না ও গন্ধরাস্না।

নাগ, পু, ন, নাগকেশর, পুন্নাগ, মুস্তক, তাম্বূলী।

নাগকন্দ, পু, হস্তীকন্দ।

নাগকর্ণ, পু, রক্ত এরণ্ড।

নাগকিঞ্জল্ক, ন, নাগকেশর পুষ্প।

নাগকুমারিকা, স্ত্রী, গুড়চী, মঞ্জিষ্ঠা।

নাগকেশর, পু, নাগেশ্বর।

নাগকেসর, পু, পুষ্পবৃক্ষ বিশেষ, নাগেশ্বর চাঁপা ; (গুণ) অল্পোষ্ণ, লঘু, তিক্ত, কফ বস্তি বাতাময় কণ্ঠ ও শিরোরোগ নাশক।

নাগগন্ধা, স্ত্রী, নাকুলী কন্দ।

নাগগর্ভ, ন, মেটে সিন্দুর।

নাগচ্ছত্রা, স্ত্রী, নাগদন্তী।

নাগজ্য, ন, সিন্দুর, রঙ্গ।

নাগজিহ্বা, স্ত্রী, শারিবা, অনন্তমূল।

নাগজিহ্বিকা, স্ত্রী, মনঃশীলা।

নাগজীবন, ন, বঙ্গ।

নাগদন্তিকা, স্ত্রী, বৃশ্চিকালী, বিছাটী, হাতিশুঁড়া।

নাগদন্তী, স্ত্রী, হাতিশুঁড়া, বিশল্যা, পর্ব্বপুষ্পী ; (গুণ) কটু, তিক্ত, রুক্ষ, বাতকফগুল্ম শূল উদরব্যাধি ও কণ্ঠদোষ নাশক।

নাগদমনী, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপ বিশেষ ; (গুণ) তিক্ত, উষ্ণ, কটু, ত্রিদোষ ও উদরাধ্মান দোষ নাশক, কোষ্ঠ শোধনকারক।

নাগদলোপম, ন, পরূষ ফল।

নাগদ্রু, পু, সিজবৃক্ষ।

নাগপত্রা, স্ত্রী, নাগদমনী।

নাগপত্রী, স্ত্রী, লক্ষণা।

নাগপর্ণী, স্ত্রী, পান।

নাগপুষ্প, পু, পুন্নাগবৃক্ষ, নাগকেশর, চম্পক।

নাগপুষ্পফলা, স্ত্রী, স্বর্ণযূথী।

নাগপুষ্পী, স্ত্রী, নাগদমনী।

নাগফল, পু, পটোল।

নাগফেণ, ন, অহিফেণ।

নাগবন্ধু, পু, অশ্বত্থবৃক্ষ।

নাগবলা, স্ত্রী, বলাভেদ, গোরক্ষ চাকুল্যা ; (গুণ) মধুরাম্ল, কষায়, উষ্ণ, গুরু, কণ্ডূতি কুষ্ঠ বাত ব্রণ পিত্ত নাশী, স্নিগ্ধ, আয়ুস্য, বৃষ্য, গ্রাহী, কৃচ্ছ্র ক্ষীণ ক্ষয়-

রোগে হিতকর।

নাগমাতা, স্ত্রী, মনঃশীলা।

নাগমার, পু, কেশরাজ।

নাগর, ন, শুণ্ঠী, মুস্তা। পু, নাগরঙ্গ।

নাগরক্ত, ন, সিন্দুর।

নাগরঘন, পু, নাগরমুথা।

নাগরঙ্গ, প, বৃক্ষবিশেষ, নারঙ্গী নেবুর গাছ; (গুণ) সুরভি, বিপাকে গুরু, দুর্জ্জর, অত্যম্ল, ঈষন্মধুর, বৃষ্য, বাতবিনাশী; (কেশর গুণ) রুচ্য, বাতহর।

নাগরমুস্তা, স্ত্রী, মুস্তাপ্রভেদ, নাগরমুথা; (গুণ) তিক্ত, কটু, কষায়, শীতল, কফপিত্ত জ্বরাতিসার রুচি তৃষ্ণা দাহ ও ভ্রম নাশক।

নাগরাহ্ব, ন, শুণ্ঠী।

নাগরী, স্ত্রী, স্নুহা।

নাগরুক, পু, নাগরঙ্গ।

নাগরেণু, পু, সিন্দুর।

নাগবল্লরী, স্ত্রী, নাগবল্লী।

নাগবল্লিকা, স্ত্রী, নাগবল্লী।

নাগবল্লী, স্ত্রী, তাম্বূলী, পান লতা; (গুণ) তাম্বূল শব্দ দেখ।

নাগশুণ্ডী, স্ত্রী, ডঙ্গরী ফল।

নাগসম্ভব, ন, সিন্দুর।

নাগসুগন্ধ, স্ত্রী, ভুজঙ্গাক্ষী, সর্পসুগন্ধা।

নাগস্তোকক, পু, বৎসনাভ।

নাগস্ফোক্ত, স্ত্রী, দন্তী, নাগদন্তী।

নাগহনু, পু, নখনামক গন্ধদ্রব্য।

নাগহন্ত্রী, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী।

নাগাখ্য, পু, নাগকেশর।

নাগারাতি, পু, বন্ধ্যাকর্কোটকী।

নাগালাবু, স্ত্রী, কুম্ভতুম্বী।

নাগাহ্বা, স্ত্রী, লক্ষণাকন্দ।

নাটমেগ, (Nutmeg) জায়ফল; মলক্কা উপদ্বীপে জন্মে। জায়ফল বীজের অভ্যন্তরস্থ শস্য, উহার আবরণকে জয়ত্রী বলে। ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক ও আক্ষেপ নিবারক, অধিক মাত্রায় মাদক, শিরোঘূর্ণন ও প্রলাপাদি জনক। জায়ফল ও জয়ত্রীর মাত্রা ৫—২০ গ্রেণ।

নাটাম্র, পু, তরমুজ।

নাড়িক, ন, কালমাল, নালিতা শাক।

নাড়িকেল, পু, নারিকেল।

নাড়িপত্র, ন, নাড়িচ।

নাড়ী, স্ত্রী, ধমনী, শিরা, গণ্ডদুর্ব্বা, বংশপত্রী, (Pulse) মণিবন্ধস্থ ধমনী ও উহার স্পন্দন।

নাড়ীক, পু, শাকবিশেষ, পাটশাক, নালিতাশাক; (গুণ) রক্তপিত্ত নাশী, বিষ্টম্ভী, বাত কোপনক।

নাড়ীকলাপক, পু, সর্পাক্ষী।

নাড়ীচ, পু, শাকবিশেষ, নালিতা ; (গুণ) রক্তপিত্তহর, কৃমি কুষ্ঠ বিনাশক। (মিষ্ট শাকের গুণ) পিচ্ছিল, শীতল, বিষ্টম্ভী, কফবাতকর।

নাড়ীতরঙ্গ, পু, কাকোল, হিণ্ডক, রক্ত-হিণ্ডক।

নাড়ীতিক্ত, পু, নেপালনিম্ব।

নাড়ীব্রণ, পু, ক্ষতবিশেষ, নালী ঘা। (Sinus)।

নাড়ীময়, (Vascular) রক্তবহা নাড়ী বিশিষ্ট।

নাড়ীশাক, পু, নাড়ীক, পাটশাক।

নাড়ীহিঙ্গু, ন, হিঙ্গুভেদ, কলপতি হিঙ্গু, জন্তুকা, বংশপত্রী ; (গুণ) কটু, উষ্ণ, কফ বাতার্ত্তি শান্তিকর, বিষ্ঠা বিবন্ধ দোষাময় নাশী।

নাতিপ্রবল, (Sub acute) অতিশয় প্রবল নহে।

নাতিশীতোষ্ণ, (Tepid) অধিক শীতল বা অধিক উষ্ণ নহে।

নাদেয়, ন, সৈন্ধবলবণ, সৌবীরাঞ্জন ; (গুণ) রুক্ষ, বাতল, লঘু, দীপক, অভিষ্যন্দী, কটু, কফপিত্তহর। পু, কাশ তৃণ, বানীর বৃক্ষ।

নাদেয়ী, স্ত্রী, অম্বুবেতস, ভূমিজম্বুকা, বৈজয়ন্তিকা, নাগরঙ্গ, জবা, অগ্নিমন্থ বৃক্ষ, কাকজম্বু।

নানাকন্দ, পু, পিণ্ডালু।

নাভি, পু, স্ত্রী, প্রাণ্যঙ্গ, নাম্নি। স্ত্রী, মৃগনাভি।

নাভিকুণ্ড, (Navel) নাভিগহ্বর, আবর্ত্ত।

নাভিরজ্জু, (Navel string) নাভিনাড়ী।

নাভিকণ্টক, পু, আবর্ত্ত, গোঁড়।

নাভিকা, স্ত্রী, কটভী বৃক্ষ।

নাভিগুড়ক, নাভিগোলক। পু, স্ফীত নাভি, গোঁড়।

নাভিনালা, স্ত্রী, নাভিসম্বন্ধীয় নাড়ী।

নারকটিক, (Narcotic) মাদক, যে ঔষধে বেদনা নিবারিত ও নিদ্রা উৎপাদিত হয়।

নারকটিকো ইরিট্যাণ্ট, (Narcotico rritants) মাদকোত্তেজক।

নারকটিন, (Narcotine) আফিঙ্গের এক প্রকার বীর্য্য।

নারকোসিস, (Narcosis) নেশা, মাদক দ্রব্য জনিত মত্ততা।

নারঙ্গ, ন, গর্জ্জর। পু, বিট, ফল বৃক্ষ বিশেষ ; (গুণ) মধুর, অম্ল, গুরু, উষ্ণ, রোচক, বাত আম কৃমি শূল শ্রম নাশী, বল্য এবং রুচ্য। (তাহার কেশরের গুণ) অত্যম্ল, ঈষৎ মধুর,

বৃষ্য, বাতবিনাশক, রুচ্য, বাতহর।

নারাটী, স্ত্রী, এষণী, নিক্তি।

নারায়ণী, স্ত্রী, শতমূলী।

নারিকের, পু, নারিকেল।

নারিকেল, পু, স্বনামখ্যাত ফলবৃক্ষ। (নারিকেলের গুণ) গুরু, স্নিগ্ধ, শীতল, পিত্তনাশী। (ছুমালী নারিকেলের গুণ) তৃষা শোষ শমনক, দুর্জ্জর। (ডাবের জলের গুণ) লঘু, শীতল, রস পাকে মধুর, পিত্ত পীনসাস্রবিদাহ ভ্রান্তি শোথ প্রশমনক, সুখদায়ী। (পাকা নারিকেল জলের গুণ) কিঞ্চিৎ পিত্তকর, রুচিপ্রদ, মধুর ও দীপক। নারিকেল ফল,—শীতল, দুর্জ্জর, বস্তি শোধক, বিষ্টম্ভী, বৃংহণক, বল্য, বাতপিত্তাস্র দাহ নাশী। (কচি-নারিকেলের গুণ) পিত্তজ্বর ও মূত্র-দোষ নাশী, গুরু, পিত্তকারী বিদাহী, বিষ্টম্ভী। (কচি নারিকেল জল) শীতল, হৃদ্য, দীপক, শুক্রল এবং লঘু, পিপাসা ও পিত্ত হর, স্বাদু, বস্তি-শুদ্ধিকর। (ডাবের জল) প্রায় বিরেচক। নারীকেল, নারিকেলী শব্দও নারিকেল বাচী।

নারীচ, ন, শাকবিশেষ, নালিতা; ইহা দুই প্রকার—তিক্ত ও মধুর। (তিক্তের-গুণ) রক্তপিত্তহর, এবং কৃমিকুষ্ঠ বিনাশক। (মধুরের গুণ) পিচ্ছিল, শীতল, বিষ্টম্ভী, কফবাতকর।

নারীষ্টা, স্ত্রী, মল্লিকা।

নার্ভ, (Nerve) সর্ব্বশরীর ব্যাপী সূত্রের ন্যায় সরু সরু সাদা নাড়ী; ইহাদ্বারা পেশী সকল সঙ্কুচিত এবং শরীরের সঞ্চালন ক্রিয়া ও ইন্দ্রিয়জ্ঞান সাধিত হয়। স্নায়ু, মস্তিষ্ক ও পৃষ্ঠবংশের মজ্জা হইতে সমস্ত স্নায়ু উৎপন্ন হইয়াছে। মাস্তিষ্ক স্নায়ু বা সেরিব্রাল নার্ভস্ সাধারণতঃ নয় ভাগে বিভক্ত, পৃষ্ঠবংশীয় স্নায়ু বা স্পাইনাল নার্ভস্ ত্রিশ যুগ্মে বিভক্ত হইয়া আছে।

নার্ভ করপসেল্স্, (Nerve corpuscles) নার্ভসেল্স্।

নার্ভফাইবার, (Nerve Fibre) স্নায়ুর সূক্ষ্ম সূক্ষ্ম নির্ম্মাণ তন্তু।

নার্ভসেল্স, (Nerve cells) ধূসর বর্ণ স্নায়ু পদার্থের মূল উপাদান।

নার্ভাইন, (Nervine) স্নায়ুমণ্ডলে কার্য্য-কর।

নার্ভাস, (Nervous) স্নায়ুসম্বন্ধীয়।

নার্ভাস টেম্পারেমেন্ট, (Nervus Temperament) স্নায়ুপ্রধান ধাতু, বায়ু-প্রধান ধাতু; এই ধাতুর প্রধান লক্ষণ

এই যে, মস্তিষ্ক ও সমস্ত স্নায়ুমণ্ডলের অতিশয় ক্রিয়াশীলতা।

নার্ভাস্‌নেশ, (Nervousness) স্নায়ু-মণ্ডলের অস্বাভাবিক ক্রিয়াধিক্য; স্নায়বীর্য্যতা।

নার্ভাস্ পাওয়ার, (Nervous Power) স্নায়ুর শক্তি।

নার্ভাস প্রিন্সিপেল্স, (Nervous Principles) নার্ভাস ফ্লুইড।

নার্ভাস ফ্লুইড, (Nervous fluid) এক প্রকার কল্পিত তরল পদার্থ, যাহা স্নায়ুর অভ্যন্তর দিয়া চলাচল করে ও স্নায়ুর ক্রিয়া জন্মায় বলিয়া অনুভব করা যায়।

নার্ভাস সিষ্টেম, (Nervous system) সমগ্র স্নায়ু ও স্নায়ুমূলের সমষ্টি, স্নায়ুমণ্ডল।

নার্ভাস সেণ্টার্স, (Nervous centres) যে সকল যন্ত্র হইতে স্নায়ু উৎপন্ন হইয়াছে; স্নায়ুমূল, স্নায়ুকেন্দ্র।

নার্ভো, (Nervo) স্নায়ুবাচক পূর্ব্বপদ।

নার্য্যঙ্গ, পু, নাগরঙ্গ।

নার্য্যতিক্ত, পু, চিরতা।

নাল, ন, উৎপলাদির দণ্ড, হরিতাল। পু, নল।

নালবংশ, পু, নল।

নালিক, ন, পদ্ম।

নালিকা, স্ত্রী, নালিতা শাক, চর্ম্মকষা।

নালিকের, পু, নারিকেল।

নালিতা, স্ত্রী, স্বনামখ্যাত শাক।

নালী, স্ত্রী, পদ্ম। (Fistula) নাড়ী ব্রণ।

নাসা, স্ত্রী, নাসিকা, বাসক বৃক্ষ।

নাসাদূষিকা, (Glanders) গ্লাণ্ডার্স শব্দ দেখ।

নাসাফলকাস্থি, (Vomer) নাসারন্ধ্র-দ্বয় বিভিন্নকারক লাঙ্গলের ফলকের ন্যায় অস্থি বিশেষ।

নাসার্ব্বুদ, (Polypus nasi) নাসিকার অভ্যন্তরে শ্লেষ্মসম্ভূত অর্ব্বুদ, নাসিকার বহুপাদ।

নাসারন্ধ্র, (Nostrils) নাকের ছিদ্র।

নাসারোগ, পু, নাসিকা সম্বন্ধীয় নানা রোগ।

নাসাস্থি, (Vormer) নাসাফলকাস্থি।

নাসালু, পু, কটফল বৃক্ষ।

নাসা সম্বেদন, পু, কাণ্ডীর লতা।

নাস্তিদ, পু, আম্রবৃক্ষ।

নিঃশল্যা, স্ত্রী, দন্তীবৃক্ষ।

নিঃশূক, পু, মুণ্ডশালি।

নিঃশ্রেণি, স্ত্রী, খর্জ্জূরী বৃক্ষ।

নিঃশ্রেণিকা, স্ত্রী, কোকন দেশজ নিঃশ্রেণী

তৃণ বিশেষ ; (গুণ) নীরস, উষ্ণ, পশুদিগের বলপ্রদ।

নিঃসার, পু, শাখোট বৃক্ষ, শ্যোনাক প্রভেদ।

নিঃসারা, স্ত্রী, কদলী বৃক্ষ।

নিঃস্নেহা, স্ত্রী, আতসী।

নিউক্লিওলাই, (Neuceoli) নিউক্লিওলিউল শব্দের বহুবচন।

নিউক্লিউলিউল, (Neucleolule) নিউক্লিয়সের অভ্যন্তরস্থ রেণু।

নিউক্লিয়স, (Neucleus) সেল অর্থাৎ জীব ও উদ্ভিদ দেহের নির্ম্মানোপাদান ক্ষুদ্র ক্ষুদ্র কোষের নির্ম্মাণ বিন্দু; অর্ব্বুদাদির বিন্দু শাঁস।

নিউক্লিঅয়েড, (Neucleod) নিউক্লিয়শের মত।

নিউক্লিয়াই, (Neuclei) নিউক্লিয়স শব্দের বহুবচন।

নিউক্লিএটেড, (Neucleated) নিউক্লিয়স বিশিষ্ট।

নিউট্রিমেণ্ট, (Neutriment) পুষ্টিকর আহার।

নিউট্রিমেণ্টাল, (Neutrimental) পরিপোষক, পুষ্টিকর।

নিউট্রিশন, (Neutrition) "পরিপোষণ ক্রিয়া" দেখ।

নিউট্রাল, (Neutral) না ক্ষার না অম্ল, সমান ক্ষারাম্ল।

নিউট্রালাইজ, (Neutralise) এক বস্তুকে অন্য বস্তুর সহিত মিশাইয়া তাহার গুণ নষ্ট করিয়া দেওয়া।

নিউমন, (Pneumon) ফুস্‌ফুস্।

নিউমা, (Pneuma) বায়ু।

নিউমেটিক্স, (Pneumatics) বায়ুতত্ত্ব, বাতবিজ্ঞান।

নিউমো, (Pneumo) ফুস্‌ফুস্ বাচক পূর্ব্বপদ।

নিউমোগ্যাষ্ট্রিক, (Pneumogastric) ফুস্‌ফুস্ ও পাকাশয় সম্বন্ধীয়।

নিউমোগ্যাষ্ট্রিক নার্ভস, (Pneumogastric nurves) ফুস্‌ফুস ও পাকাশয়িক স্নায়ু; অষ্টম স্নায়ুযুগ্ম; ইহা ফুস্‌ফুস্ ও পাকাশয়ে বিশেষরূপে প্রশারিত বলিয়া এরূপ নাম হইয়াছে।

নিউমো থোরাক্স, (Pneumo thorax) প্লুরা অর্থাৎ ফুস্‌ফুস্ বেষ্ট গহ্বরে বায়ুসঞ্চয়।

নিউমোনাইটিস্, (Pneumonitis) ফুস্‌ফুস্ প্রদাহ।

নিউমোনিয়া, নিমোনিয়া, (Pneumonia) ফুস্‌ফুস্ প্রদাহ।

নিউমোনিক, (Pneumonic) ফুস্‌ফুসীয়, ফুস্‌ফুস্‌ সংক্রান্ত।

নিউমোনিকা, (Pneumonica) ফুস্‌-ফুসের ঝিল্লী বা গতিশক্তি আক্রমক রোগ।

নিউমো হিমরেজিয়া, (Pneumo Hæmorrhagia) ফুস্‌ফুসের সংন্যাস।

নিউরণ, (Neuron) স্নায়ু।

নিউর, নিউরো, (Neur, Neuro) স্নায়ু-বাচক পূর্ব্বপদ।

নিউরটিক, (Neurotic) নার্ভাইন।

নিউরয়েড, (Neuroid) স্নায়ুবৎ।

নিউরাইটিস্‌, (Neuritis) স্নায়ুর প্রদাহ।

নিউরিক, (Neuric) স্নায়ু সম্বন্ধীয়।

নিউরিণ, (Neurin) স্নায়ুর নির্ম্মাণ উপাদান।

নিউরিমিয়া, (Neuræmia) কেবল মাত্র স্নায়ুর ক্রিয়া বিকার জন্য রোগ

নিউরিলেমা, (Neurilema) স্নায়ুর আবরক ঝিল্লী।

নিউরিয়েসিস, (Neuriasis) হিষ্টিরিয়া প্রভৃতি রোগে অর্দ্ধ স্নায়বিক অর্দ্ধ মানসিক বিশৃঙ্খলা।

নিউরেশন, (Neuration) স্নায়ুবিন্যাস।

নিউরোটমী, (Neurotomy) বায়ুচ্ছেদ।

নিউরোটিক, (Neurotic) স্নায়ু সম্বন্ধীয়।

নিউরোমা, (Neuroma) স্নায়ুর অর্ব্বুদ, স্নায়ুর বিকৃত বিবর্দ্ধন, স্নায়ুবৎ অর্ব্বুদ।

নিউরোমেটা, (Neuromata) নিউ-রোমার বহুবচন।

নিউরোলাইটিক, (Neurolytic) স্নায়ু-কেন্দ্রের সামান্য দুর্ব্বলতা জনিত।

নিউরোসিস, (Neurosis) স্নায়ুমণ্ডল সম্ভূত রোগ বিশেষ।

নিউর‍্যাল, (Neural) স্নায়ু বা স্নায়ুকেন্দ্র সম্বন্ধীয়।

নিউর‍্যাল আর্চ, (Neural arch) স্নায়ুর মধ্যদণ্ড রক্ষক, কশেরুকার তোরণবৎ অংশ।

নিউর‍্যাল এক্সিস, (Neural axis) মস্তিষ্ক ও পৃষ্ঠবংশস্থ স্নায়ুগুচ্ছ।

নিউর‍্যালজিয়া, (Neuralgia) স্নায়ুশূল দেখ।

নিউরালজিক, (Neuralgic) স্নায়ুশূল সংক্রান্ত।

নিকর, পু, খাটাশী।

নিকুঞ্চক, পু, বানীর বৃক্ষ, ১ পল পরি-মাণ।

নিকুঞ্চিকাম্বা, স্ত্রী, নিকুঞ্চিকা প্রভেদ।

নিকুম্ভ, পু, দন্তিকা বৃক্ষ, তেউড়ী।

নিকুম্ভাখ্য বীজ, ন, জয়পাল।

নিকুম্ভী, স্ত্রী, দন্তীবৃক্ষ।

নিকসিয়া, (Necusia) শবচ্ছেদ জন্য সদ্য ব্রণ, আঘাত জন্য রক্তের বিষাক্ততা।

নিকোটিন, (Nicotine) তামাকের বীর্য্য।

নিকোলাই সল্ফাস, সলফেট অফ নিকেল।

নিকেতন, পু, পলাণ্ডু।

নিকোচক, পু, অঙ্কোঠ বৃক্ষ।

নিক্টিটেশিও, (Nictitatio) চক্ষুস্পন্দন, চোখনাচা।

নিক্টোলাপিয়া, (Nictulopia) দিবান্ধতা।

নিক্টেশন, নিক্টিটেশন, (Nictation, Nictitation) চক্ষু মিট্ মিট্ করা।

নিক্রোষ্ট, (Nicrosed) অস্থিনাশ রোগাক্রান্ত।

নিক্রোসিস, (Necrosis) অস্থিনাশ, যে রোগে অস্থির অংশ নষ্ট হইয়া যায়।

নিকোঠক, পু, অঙ্কোঠ বৃক্ষ।

নিগূঢ়, পু, বনমুদ্গ।

নিগেটিভ, নেগেটিভ, (Negative) স্বাভাবিক অপেক্ষা অল্প পরিমাণে তাড়িত বিশিষ্ট।

নিগেটিভ পোল, (Negative pole) গ্যাল্ভ্যানিক ব্যাটারী বা তাড়িত যন্ত্রের তাম্রময় প্রান্ত।

নিগ্রহ, পু, চিকিৎসা।

নিঘণ্টিকা, স্ত্রী, গুলঞ্চকন্দ।

নিচুল, পু, হিজ্জল্ বৃক্ষ, বেতস বৃক্ষ।

নিণ্ডিকা, স্ত্রী, কলাই বিশেষ, তেওড়া।

নিতম্ব, পু, কটির পশ্চাৎভাগ, পাছা (Nates)।

নিদ, ন, বিষ।

নিদান, ন, রোগকারণ। (Pathology)।

নিদিগ্ধা, স্ত্রী, এলা।

নিদিগ্ধিকা, স্ত্রী, কণ্টকারিকা, এলা।

নিদ্রালু, স্ত্রী, বার্ত্তাকী, বন বর্ব্বরিকা, নলীনামক গন্ধদ্রব্য।

নিদ্রানাশ, (Sleeplessness) অনিদ্রা, নিদ্রা না হওয়া।

নিদ্রাবল্য, (Dozing) নিদ্রাবল্য।

নিদ্রালুতা, (Sleepiness) নিদ্রাশীলতা।

নিদ্রাসংজনন, ন, শ্লেষ্মা।

নিধি, পু, নলিকা নামক গন্ধদ্রব্য, জীবকৌষধি।

নিপ, পু, কদম্ব বৃক্ষ।

নিপেল, (Nipple) স্তনবৃন্ত, চুচুক।

নিফলা, স্ত্রী, জ্যোতিষ্মতী।

নিফেন, ন, অহিফেন।

নিফ্রয়েড, (Nephroid) বৃক্কের ন্যায় আকৃতি বিশিষ্ট।

নিফ্রাইটিকা, (Nephritica) বৃক্কক রোগের ঔষধ।

নিফ্রাইটিস, (Nephritis) বৃক্ককের প্রদাহ।

নিফ্রো, (Nephro) বৃক্কক বাচক পূর্ব্বপদ।

নিফ্রোলিথিয়েসিস্, (Nephrolithiasis) বৃক্ককে অশ্মরীর উৎপত্তি।

নিফ্রোলিথেটমি, (Nephrolithatomy) বৃক্কক হইতে অশ্মরি বা পাথর বাহির করা; বৃক্ককচ্ছেদ।

নিফ্রোস, (Nephros) মূত্রগ্রন্থি, বৃক্কক।

নিফ্র্যালজিয়া, (Nephralgia) বৃক্ককশূল, বৃক্ককের বেদনা।

নিভাস, (Nævus) শিশুর গাত্রে জলকাকে হইতে দাগ, যতুক।

নিমেটয়েড, (Nematoid) সূত্রবৎ।

নিম্নক্রম, (Lower Dilution) হোমিওপ্যাথিক ঔষধের মূল হইতে ষষ্ঠক্রম।

নিম্নবটিকা, (Impetigo) ইম্পেটাইগো।

নিম্ফি, (Nymphee) ভগাঙ্কুরের মস্তক হইতে যোনির মুখের উভয় পার্শ্বে যে শ্লৈষ্মিক ঝিল্লীর ভাঁজদ্বয় নীচের দিকে আসিয়াছে।

নিম্ফাইটিস্, (Nymphitis) ভগাঙ্কুরের প্রদাহ।

নিম্ফিয়া ওডোয়েটা, (White pond-lily) পদ্ম বিশেষ।

নিম্ফোমেনিয়া, (Nymphomania) স্ত্রীলোকের কামোন্মাদ।

নিবন্ধ, পুং, নিম্ববৃক্ষ; আনাহ রোগ।

নিম্ব, পুং, স্বথামখ্যাত বৃক্ষ, নিম; (গুণ) শীতল, তিক্ত, কফ ব্রণ কৃমি শোথ শান্তিকর, বলাস বহুবিধ পিত্তদোষ হৃদয় বিদাহ নাশী, লঘু, গ্রাহী, কটুপাকী, অগ্নি ও বাতকর, অহৃদ্য, ভ্রমতৃট কাস জ্বর অরুচি ছর্দ্দি কুষ্ঠ হৃল্লাস ও মেহ নাশক; (পাতার গুণ) চক্ষুর হিতকর, কৃমি পিত্ত বিষ সর্ব্বারোচক ও কুষ্ঠনাশী, বাতল ও কটুপাকী; (ফলের গুণ) রসে তিক্ত, পাকে কটু, ভেদক, স্নিগ্ধ, লঘু, উষ্ণ, কুষ্ঠ গুল্ম অর্শ কৃমি প্রমেহনাশী; (তৈলের গুণ) নাতি উষ্ণ, কৃমি কুষ্ঠ ত্বগ্দোষ ব্রণ কণ্ডূতি শোকহর, পিত্তল, পিত্ত কফ ছর্দ্দি ব্রণ হৃল্লাস ও কুষ্ঠ বিনাশী।

নিম্বক, পুং, স্বনামখ্যাত বৃক্ষ, নিম।

নিম্বতরু, পুং, মন্দার তরু।

নিম্বূক, পুং, বৃক্ষ বিশেষ, কাগজী লেবুর গাছ; (ফলের গুণ) অম্লরস, কটু, উষ্ণ, গুল্ম বাত কফ কাস কণ্ঠ বিছর্দ্দি

হর, অগ্নি বৃদ্ধিকর, চক্ষুষ্য, পরিপাকে অতীব রুচ্য, পাচক, লঘু, কৃমিসমূহ ও উদরগ্রহ নাশী, তীক্ষ্ণ, বাত পিত্ত ও কফ শূলের হিতকর, কষ্টনষ্ট রুচি, রোচনক, ত্রিদোষ বহ্নিক্ষয় বাতরোগ নিপীড়িতদিগের, বিষ-বিহ্বলীদিগের মলগ্রহে বঙ্কশুদে এবং বিষূচীকা রোগে দেওয়া যায়।

নিরসা, স্ত্রী, নিঃশ্রেণিকা তৃণ।

নিরামালু, পু, কপিথ।

নিরালম্বা, স্ত্রী, আকাশমাংসী, অলক-লতা।

নিরুদ্ধ প্রকাশ, পু, মেঢ্রজাত ক্ষুদ্র রোগ বিশেষ।

নির্গন্ধ পুষ্পী, স্ত্রী, শাল্মলী বৃক্ষ।

নির্গুণ্ঠী, স্ত্রী, নির্গুণ্ডী।

নির্গুণ্ডী, স্ত্রী, নিসিন্দা, ইনস্থর, নীল শেফা-লিকা।

নির্গুণ্ডীযুগ, ন, নিসিন্দা ও শেফালিকা।

নির্জরসর্ষপ, পু, দেব সর্ষপ বৃক্ষ।

নির্জরা, স্ত্রী, গুড়চী, তালপর্ণী।

নির্দহন, পু, ভল্লাতক।

নির্দহনী, স্ত্রী, মূর্ব্বা লতা।

নির্মধ্যা, স্ত্রী, নলিকা।

নির্মল, ন, অভ্র।

নির্মলোপল, পু, স্ফটিক।

নির্মাল্যা, স্ত্রী, পৃক্কা।

নির্মোক, পু, আকনাদী, সাপের খোলস।

নির্য্যাস, পু, কষায়, কাথ, বৃক্ষাদির ক্ষীর, আঠা। (Gum.)

নির্যূহ, পু, নির্য্যাস, ক্কাথরস। পু, ক্কাথ।

নির্বিষা, স্ত্রী, তৃণবিশেষ, নির্বিষী; (গুণ) কটু, শীতল, কফ বাতাস্রদোষ নাশী, বহুবিষ নাশক, ব্রণ নির্ম্মূলকর।

নির্বীজা, স্ত্রী, কাকলী দ্রাক্ষা।

নিরুদ্ধ প্রকাশ, (Stricture) মূত্রমার্গের সঙ্কোচন, ইহাতে প্রস্রাবপথ ক্ষুদ্র বা অবরুদ্ধ হয়।

নিরোধ, (Retention) অবরোধ, নিঃস-রণ না হওয়া।

নির্ম্মাণ, (Structure) বিধান, শরীরের রচনা।

নির্ম্মাণবিকার, (Disorganisation) শারীরিক বিকৃতি, বিধানবিকার।

নির্ব্বাচন, (Definition) সংজ্ঞা, অর্থ-ব্যাখ্যা।

নিশা, স্ত্রী, হরিদ্রা, দারুহরিদ্রা।

নিশাচর, পু, বাদুড় প্রভৃতি।

নিশাচরী, স্ত্রী, কেশিনী নামক গন্ধদ্রব্য।

নিশাজল, ন, হিম।

নিশাটক, পু, গুগ্‌গুলু।

নিশাহ্বা, স্ত্রী, জতুকা লতা।
নিশাপতি, পু, কর্পূর।
নিশাপুষ্প, ন, উৎপল।
নিশাদ্রুম, পু, কুমুদ।
নিশাহ্বা, স্ত্রী, হরিদ্রা।
নিশিত, ন, লৌহ।
নিশিপুষ্পা, স্ত্রী, শেফালিকা।
নিশিপুষ্পিকা, স্ত্রী, শেফালিকা।
নিশিপুষ্পী, স্ত্রী, শেফালিকা।
নিশ্চলা, স্ত্রী, শালপর্ণী।
নিশ্চায়ক, পু, পুরীষ বৃক্ষ, প্রবাহিকা রোগ।
নিশ্চেষ্টতা, (Torpidity) গতিশক্তির অভাব।
নিষণ্ণক, ন, সুষুণি শাক।
নিষ্ক, ন, পু, অর্দ্ধ তোলা পরিমাণ।
নিষ্কণ্ঠ, পু, বরুণ বৃক্ষ।
নিষ্কাশন, (Extirpation) ছুরিকা বা ক্ষার ক্রিয়া দ্বারা কোন স্থান সম্যক্ বিদূরিত করা।
নিষ্কুটি, নিষ্কুটী, স্ত্রী, এলাইচ।
নিষ্কুম্ভ, পু, দন্তীবৃক্ষ।
নিষ্ক্রামক, (Excretory) এক্সক্রিশন সম্বন্ধীয়।
নিষ্ক্রিয়, (Inactive) যে কার্য্য না করে।
নিষ্ঠীবন, ন, মুখ দ্বারা শ্লেষ্মাদি বমন। (Expectoration) থুথু, কাস।
নিষ্পত্রিকা, স্ত্রী, করীর বৃক্ষ।
নিষ্পাব, পু, রাজশিম্বী, বীজ; (গুণ) মধুর, রুক্ষ, বিপাকে অম্ল, গুরু, কষায়, গুরু, পিত্তাস্র মূত্র বাত বিবন্ধ কর। রাজমাষ, শিম্বিকা, শ্বেত শিম্বী।
নিষ্পাবী, স্ত্রী, শিম্বী বিশেষ, বোড়া। ইহা দুই প্রকার; যথা—হরিদ্বর্ণ ও শুভ্র। (গুণ) কষায়, মধুর, কণ্ঠশুদ্ধিকর, মেধ্য, দীপক, রুচিকর।
নিসিন্ধু, পু, বৃক্ষবিশেষ, নিসিন্দা।
নিস্থতা, স্ত্রী, ত্রিবৃতা, তেউড়ি।
নিস্তুষ ক্ষীর, পু, গোধূম।
নিস্তুষ রত্ন, ন, স্ফটিক।
নিস্ত্রিংশ পত্রিকা, স্ত্রী, সুহী বৃক্ষ।
নিস্ত্রৈগুণ পুষ্পিক, স্ত্রী, রাজ ধতুরক।
নিস্নেহফলা, স্ত্রী, শ্বেত কণ্টকারী।
নিস্পৃহা, স্ত্রী, অগ্নিশিখা বৃক্ষ।
নিস্পন্দ বায়ু, (Catalepsy) এক প্রকার আকস্মিক মূর্চ্ছা রোগ; ইহাতে অঙ্গ প্রত্যঙ্গাদি যে প্রকারে রাখা যায় সেই প্রকারেই থাকে।
নিঃস্রব, (Secretion) ভিন্ন ভিন্ন শারীরিক যন্ত্র হইতে স্বভাবতঃ যে রস বা পদার্থ নির্গত হয়; যথা, পিত্তশ্লেষ্মাদি।

নিঃসঙ্গগ্রন্থি, (Solitary glands) আমাশয় ও অন্ত্রের দানাকার চেপ্টা গ্রন্থি।

নীক, পু, বৃক্ষবিশেষ।

নীচ, পু, চোরক নামক গন্ধদ্রব্য।

নীচভোজ্য, পু, পলাণ্ডু।

নীচবজ্র, ন, বৈক্রান্ত মণি।

নীপ, পু, কদম্ব বৃক্ষ, ধারাকদম্ব, বন্ধূক বৃক্ষ, নীল অশোক।

নীর, ন, বালা।

নীরজ, ন, কুষ্ঠৌষধি, পদ্ম, মুক্তা। পু, উশীরী।

নীরদ, পু, মুস্তক।

নীরন্ধ্র, (Imperforate) গুহ্যাদি স্বাভাবিক দ্বারের রুদ্ধতা।

নীরস, পু, দাড়িম।

নীরিন্দু, পু, অশ্বশাখোট বৃক্ষ, আম্বেওড়া।

নীরুজ, ন, কুষ্ঠৌষধি।

নীল, ন, নীলী, কাচলবণ, তালীশপত্র, বিষ, সৌবীরাঞ্জন, তুথ। পু, ইন্দ্রনীলমণি, নীলৌষধি, বটবৃক্ষ।

নীলক, ন, কাচলবণ, বর্ত্তলোহ। পু, অসনবৃক্ষ।

নীলকণ্ঠ, ন, মূলক।

নীলকণ্ঠাক্ষ, ন, রুদ্রাক্ষ।

নীলকন্দ, পু, মহিষকন্দভেদ; (গুণ) কটু, উষ্ণ, কফ বাতরোগ ও মুখজাড্যনাশী, রুচ্য।

নীলকমল, ন, নীলবর্ণ পদ্ম; (গুণ) শীতল, স্বাদু, সুগন্ধি, পিত্তনাশী, রুচ্য, রসায়নে শ্রেষ্ঠ, দেহ দার্ঢ্য, কৈশ্যদ।

নীলকুরুণ্টক, পু, নীল ঝিণ্টী।

নীলক্রান্তা, স্ত্রী, বিষ্ণুক্রান্তা।

নীলচর্ম্ম, ন, পরুষক।

নীলজ, ন, বর্ত্তলৌহ।

নীলঝিণ্টী, স্ত্রী, নীলবর্ণ ঝিণ্টী (ঝাঁটি) পুষ্প বৃক্ষ; (গুণ) কটু, তিক্ত, দন্তাময় শূল বাত কফ শোথ কাস ও ত্বগ্‌দোষ নাশী।

নীলতরু, পু, নারিকেল।

নীলতাল, পু, হিন্তাল, তমাল।

নীলদূর্ব্বা, স্ত্রী, হরিত দূর্ব্বা; (গুণ) হিম, তিক্ত, মধুর, তুবর, লঘু, রক্তপিত্ত অতিসার কফ বাত ও জ্বর নাশী; (গ্রন্থান্তরে) রোচক ও বাতাপহ।

নীলধ্বজ, পু, তমালবৃক্ষ।

নীলনির্গুণ্ডী, স্ত্রী, নীল সিন্ধুবার।

নীলনির্য্যাসক, পু, নীলাসন বৃক্ষ।

নীলপত্র, ন, ইন্দিবর। পু, গুণ্ডতৃণ, অশ্মন্তক বৃক্ষ, নীলাসন বৃক্ষ, দাড়িম।

নীলপত্রিকা, স্ত্রী, নীলীবৃক্ষ।

নীলপদ্ম, নীলকমল।

নীলপাণ্ডু, (Chlorosis) ক্লোরোসিস্ দেখ।

নীল পুনর্নবা, স্ত্রী, কৃষ্ণবর্ণ পুনর্ণবা শাক ; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, রসায়ণ, হৃদ্রোগ শ্বাস বাত কফ নাশী।

নীলপুষ্প, ন, গ্রন্থিপর্ণ। পু, নীলবর্ণ ভৃঙ্গরাজ, নীলাম্লান।

নীলপুষ্পা, স্ত্রী, বিষ্ণুক্রান্তা।

নীলপুষ্পিকা, স্ত্রী, অতসী, নীলী।

নীলপুষ্পী, স্ত্রী, নীলবুহ্নী, নীলাপরাজিতা।

নীলফলা, স্ত্রী, জম্বু।

নীলভৃঙ্গরাজ, পু, নীলবর্ণ ভৃঙ্গরাজ, নীলকেশুরিয়া ; (গুণ) তিক্ত, উষ্ণ, চক্ষুস্য, কেশরঞ্জক, কফ আম শোথ শ্বিত্র নাশী ও রসায়ন।

নীলমণি, পু, স্বনামখ্যাত মণি।

নীলমাস, পু, রাজমাস।

নীলমৃত্তিকা, স্ত্রী, পুষ্পকাসীস, কৃষ্ণবর্ণমৃত্তিকা।

নীললোহ, ন, বর্ত্তলোহ।

নীললোহিতা, স্ত্রী, ভূমিজম্বু।

নীলবর্ণ, ন, রসাঞ্জন।

নীলবল্লী, স্ত্রী, বন্দা।

নীলবর্ষাভূ, স্ত্রী, নীলপুনর্ণবা।

নীলবুহ্না, স্ত্রী, নীলবৃধ্না, নীলবর্ণ দ্রোনা, অজান্ত্রী, নীলপুষ্পা, অতিলোমশা।

নীলবৃন্তক, ন, তুল।

নীলবৃষা, স্ত্রী, বার্ত্তাকী।

নীলবৃক্ষ, পু, বৃক্ষভেদ ; (গুণ) কটু, কষায়, উষ্ণ, লঘু, বাতাময় নানাশ্বয়থুনাসী।

নীলরোগ, (Cyanosis) ফুস্‌ফুস্ ও হৃৎপিণ্ডের পীড়া বশতঃ রক্ত সম্পূর্ণরূপ অম্লযান সংযোগে লোহিত না হইতে পারায় শরীরের নীলবর্ণতা।

নীলশিগ্রু, পু, শোভাঞ্জন।

নীলসার, পু, তিন্দুক বৃক্ষ।

নীলসিন্দুবার, পু, কৃষ্ণবর্ণ সিন্দুবার বৃক্ষ ; (গুণ) কটু, উষ্ণ, তিক্ত, রুক্ষ, কাশ শ্লেষ্মা শোক সমীরণার্ত্তি প্রদর ও আগ্মান নাশক।

নীলা, স্ত্রী, নীল পুনর্নবা, নীলী, নীলবর্ণ ঝিণ্টী। (Eccymosis) কালশিরা ; আঘাতাদি জন্য রক্তসঞ্চয় ও তদ্বারা কাল দাগ।

নীলাঞ্জন, ন, সৌবীরাঞ্জন, উপধাতু বিশেষ ; (গুণ) কটু, শ্লেষ্ম মুখরোগ নেত্ররোগ ব্রণ ও দাহনাশী, উষ্ণ, এবং রসায়ন, তুত্থ।

নীলাঞ্জনী, স্ত্রী, কালাঞ্জনী ক্ষুপ।

নীলাপরাজিতা, স্ত্রী, নীলবর্ণ অপরাজিতা লতা ; (গুণ) শিশির, তিক্ত, রক্তাতি-

সার জ্বর দাহ উন্মাদ মদশ্রমার্ত্তি শ্বাস ও অতি কাসাময়নাশী।

নীলাব্জ, ন, নীলোৎপল।

নীলাম্বর, ন, তালীশপত্র।

নীলাম্বুজন্ম, ন, নীলোৎপল।

নীলাম্লান, পু, পুষ্পক বৃক্ষভেদ, (হিন্দী) কালা কোঠীরা ; (গুণ) কটু, তিক্ত, কফ বায়ু শূল কণ্ডু কুষ্ঠ ব্রণ শোথ ও তগ্দোষ নাশী।

নীলাম্লী, স্ত্রী, ক্ষুপভেদ ; (গুণ) মধুর, রুক্ষ ও কফবাতহর।

নীলালু, পু, কন্দবিশেষ, অসিতালু ; (গুণ) মধুর, শীতল, দাহপিত্ত ও শ্রমনাশক।

নীলাসন, পু, আসন বৃক্ষ, পিয়াশাল প্রভেদ ; (গুণ) কটু, শীতল, কষায়, কুষ্ঠ কণ্ডু দদ্রু নাশক, সারক ; সাদা আসনের গুণ শ্রেষ্ঠ।

নীলিকা, স্ত্রী, নীল সিন্দুবার, নীলিনী, সেফালিকা, নেত্ররোগ বিশেষ, ক্ষুদ্র-রোগ বিশেষ।

নীলিনী, স্ত্রী, নীলীবৃক্ষ।

নীলিমা, (Eccymosis) কালশিরা।

নীলী, স্ত্রী, বৃক্ষভেদ, নীলের গাছ ; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কেশ্য, কাস কফ বায়ু বিষ উদররোগ গুল্ম জন্তু এবং ব্রণ নাশী।

নীলোৎপল, নীলবর্ণ উৎপল, নীল শাঁপলা ; (গুণ) অতি স্বাদু, শীতল, সুরভি, সুখকর, পাকে তিক্ত এবং রক্তপিত্তহর।

নীবার, পু, তৃণধান্য ভেদ, উড়িধান্য ; (গুণ) মধুর, স্নিগ্ধ, পবিত্র, পথ্য, লঘু, শীতল, পিত্তঘ্ন, কফবাতকর।

নীহার, পু, তুষার, বরফ, ঘণীভূত শিশির ; (গুণ) কফ ও বায়ুবর্দ্ধক। (Snow.)

নীহারস্ফোট, (Frots bite) বরফ বা অতি শীতে শরীরের কোন অংশের অবশতা।

নুকা, (Nucha) গ্রীবা পৃষ্ঠ।

নুদ, পু, তুষার, বরফ, ঘনীভূত শিশির ; (গুণ) বায়ু এবং কফ বর্দ্ধক। পু, ব্রহ্মদারু বৃক্ষ।

নুফার, (Nuphar) জলপদ্মবিশেষ।

নুফারলুটিয়া, (Small flowered pond-lily) পীত কুমুদ বিশেষ।

নৃপকন্দ, পু, রাজপলাণ্ডু।

নৃপদ্রুম, পু, আরগ্বধ, রাজাদনী বৃক্ষ।

নৃপপ্রিয়, পু, বেষ্টবংশ, বেড়বাঁশ, রাজ-পলাণ্ডু, রামশর, শালিধান্য, আম্র।

নৃপপ্রিয়ফলা, স্ত্রী, বার্ত্তাকী।

নৃপপ্রিয়া, স্ত্রী, কেতকী, রাজখর্জ্জুরী।

নৃপবদর, পু, রাজবদর বৃক্ষ।

নৃপমাঙ্গল্যক, ন, আহুল্যবৃক্ষ।
নৃপবল্লভ, পু, রাজাম্র।
নৃপবল্লভা, স্ত্রী, কোবকাপুষ্প।
নৃপাত্মজা, স্ত্রী, কটুতুম্বী।
নৃপান্ন, ন, রাজান্ন নামক ধান্য।
নৃপাময়, পু, রাজ যক্ষ্মা।
নৃপাহ্বয়, পু, রাজ পলাণ্ডু।
নৃপোচিত, পু, রাজমাষ।
নৃমসূর্য্যাধান, (Inoculation) বাঙ্গালা-টীকা।
নেত্তা, ন, বস্তিশলাকা।
নেত্রপুষ্করা, স্ত্রী, রুদ্রজটা।
নেত্রমীনা, স্ত্রী, যবতিক্তা লতা।
নেত্ররোগ, পু, নেত্রোৎপন্ন বহুবিধ পীড়া।
নেত্ররোগহা, পু, বৃশ্চিকালী লতা।
নেত্রারি, পু, সেহুণ্ড বৃক্ষ।
নেত্রোপম ফল, পু, বাতাদ, বাদাম।
নেত্রৌষধী, স্ত্রী, অজশৃঙ্গী, কেঁাগা।
নেদিষ্ঠ, পু, অঙ্কোঠবৃক্ষ।
নেপাল নিম্ব, পু, নেপাল দেশোদ্ভব নিম; (গুণ) শীতল, উষ্ণ, যোগবাহী, লঘু, তিক্ত, অতি কফপিত্তাস্রশোক তৃষ্ণা জ্বরাপহ।
নেপালিকা, স্ত্রী, মনঃশীলা।
নে মি. নেমী, স্ত্রী, তিনিশ বৃক্ষ।
নেল, (Nail) নখ।
নেল ফলিকেল, (Nail Folicle) চর্ম্মের দ্বিভাঁজ, যাহাতে নখমূল নিবদ্ধ থাকে।
নেক, (Neck) ঘাড়, গ্রীবা, পৃষ্ঠ।
নেক্রোবিয়োসিস, (Necrobiosis) জীবিত শরীরের অংশের বা উপাদানের স্বভাবিক ক্ষয় ও বিনাশ।
নেচার, (Nature) স্বভাব, প্রকৃতি।
নেজাল, (Nasal) অনুনাসিক, নাসিকা-সম্বন্ধীয়।
নেটস, (Nates) নিতম্ব, পাছা, দর্শন-স্নায়ু মধ্যবর্ত্তী মস্তিষ্কের উন্নত স্থান-দ্বয়।
নেত্রনাড়ী, (Lachrymal fistula) অশ্রু-স্রাবী গ্রন্থির নালী ঘা।
নেপ অফ দি নেক, (Nape of the neck) গ্রীবার পশ্চাদ্ভাগ, গ্রীবা, পৃষ্ঠ।
নেবা, (Jaundice) পাণ্ডু রোগ।
নেবিউলা, (Nebula) অল্প সাদা মেঘ-বিন্দুর ন্যায় কণিনিকার এক প্রকার অসচ্ছতা, নীহারিকা, মূত্রে মেঘবৎ সর।
নেবিউলার, (Nebular) নেবিউলা সম্বন্ধীয়।
নেবিউলি, (Nebulæ) নেবিউলা শব্দের বহুবচন।

নেভিকিউলার, (Nevicular) নৌকার আকার।

নেভেল, (Naval) নাভি।

নেভেল ষ্ট্রিং, (Naval string) নাভি-নাড়ী।

নেয়ার্শ, (Nares) নাসারন্ধ্র।

নেবিউলম সার্পেন্টেরিয়া, লায়ান্সফুট, মার্কিন ক্ষুপ বিশেষ।

নৈপাল, পু, নেলাপ নিম্ব।

নৈপালিক, ন, তাম্র।

নৈপালী, স্ত্রী, নবমল্লিকা, মনঃশীলা, শেফালিকা, নালী।

নৈয়গ্রোধ, ন, ন্যগ্রোধ ফল, বট ফল।

নৈশ, (Nocternal) রাত্রিকালীন।

নোড, (Node) অস্থিবেষ্ট অথবা অস্থিবেষ্ট ও অস্থির মধ্যে উৎপন্ন কঠিন অণ্ডাকার অর্ব্বুদ।

নোডোসিটি, (Nodosity) বাতরোগে সন্ধিস্থানে চূর্ণময় পদার্থের সঞ্চয়।

নোমা, (Noma) ভগের ওষ্ঠের এক প্রকার বিগলিত ক্ষত রোগ।

ন্যগ্রোধা, স্ত্রী, ন্যগ্রোধী।

ন্যাগ্রোধাদিগণ, পু, ন্যগ্রোধ, উড়ুম্বর, অশ্বত্থ, পিয়াল, প্লক্ষ, বেতস, আম্র, জম্বু, কোল, মধুক, তিন্দুক, অর্জ্জুন, তিন্দুক, কটুক, নীপী, গন্ধভাণ্ড ও কিংশুক।

ন্যগ্রোধী, স্ত্রী, উপচিত্রা, ইন্দুরকাণী, থুলকুড়ি।

ন্যঙ্কুভূরুহ, পু, শোনক বৃক্ষ।

ন্যচ্ছ, ন, ক্ষুদ্র রোগ বিশেষ, মেছেতা, ছুলি (Lintigo), চর্ম্মরোগ বিশেষ।

ন্যস্তি, (Deposit) অধঃপতিত বৃক্ষ।

ন্যাজা, (Naja) গোক্ষুর সাপের বিষ।

ন্যাজাই, (Nasi) নাসিকা।

ন্যাজি-ফরম, (Nasiform) নাসিকার আকার।

ন্যাফ্‌তা, (Naphtha) আল্‌কাতরা ও পাথুরিয়া কয়লা চোয়ান এক প্রকার তৈল, মেটে তৈল।

ন্যুব্জ, ন, কর্ম্মরঙ্গ ফল ; (Convex) কন্‌ভেক্স দেখ।

ন্যুব্জতন্ত্রতা, (Hypinosis) রক্তের সূত্রবৎ পদার্থ কমিয়া যাওয়া।

ন্যাজাট্রিপিউডিয়ান্স, ভিরস অফ কোব্রা, গোক্ষুর সাপের বিষ।

ন্যাট্রম কার্বনিকম, (Carbonate of soda) ইহাকে লাটিন ভাষায় সোডি কার্বনাসও বলে। ভারতবর্ষ মিসর হাঙ্গেরী বোহেমিয়া প্রভৃতি স্থানে এই লবণ পাওয়া যায়। (গুণ) কার্ব-

নেট অফ পটাশের ন্যায়, কিন্তু কিছু মৃদু। মাত্রা ১০ হইতে ৩০ গ্রেণ।

ন্যাট্রম মিউরিয়েটিকম, (Chloride of sodium) সমুদ্রজলে শতকরা প্রায় আড়াই অংশ এই লবণ আছে। ক্রিয়া—অল্প মাত্রায় আগ্নেয়, বলকারক, এবং পরিবর্ত্তক, অধিক মাত্রায় বমনকারক, বিরেচক, এবং কৃমিনাশক ; অত্যন্ত অধিক মাত্রায় পাকাশয় এবং অন্ত্রমধ্যে প্রদাহ জন্মায়, বাহ্য প্রয়োগে স্থানিক উগ্রতা সাধক ; এতদ্ভিন্ন ইহার পচন নিবারক গুণও আছে।

ন্যাট্রম সল্ফিউরিকম, (Sulphate of soda) ইহাতে সোডা ১ ভাগ, দ্রাবক ১ ভাগ এবং জল ১০ ভাগ থাকে। ক্রিয়া—বিরেচক, শৈত্যকারক, অল্প মাত্রায় মূত্রকারক, জ্বর ও প্রদাহাদি রোগে ব্যবহার্য্য। মাত্রা—অর্দ্ধ হইতে ১আং পর্য্যন্ত। শুষ্কাবস্থায় অর্দ্ধ মাত্রা ব্যবহার্য্য।

প

পক, (Pock) বসন্তের গুটী।

পক্তপৌড়, পু, বৃক্ষবিশেষ। (হিন্দী) পঘোড়া ; (গুণ) দৃষ্ট্যঞ্জন বিধৌশস্ত, কটু, জীর্ণজ্বর নাশক।

পক্তিশূল, ন, পরিণাম শূল।

পক্তকৃৎ, ন, নিম্ব বৃক্ষ।

পক্করস, পু, মদ্য।

পক্কবারি, ন, কাঞ্জিক।

পক্কাশয়, ন, নাভির অধস্থ অর্দ্ধভাগ। (Small Intestne) ক্ষুদ্রান্ত্র।

পক্কাশয়িক রস, (Chyle) কাইল দেখ।

পক্ষবধ, (Hemiplegia) অর্দ্ধাঙ্গের পক্ষাঘাত।

পক্ষাঘাত, পু, স্বনামখ্যাত বাতরোগ বিশেষ (Paralysis)। পক্ষ = দিক। শরীরের এক দিক নাশ, হস্তপদাদি অবয়ব অবশ হওয়া।

পক্ষসুন্দর, পু, লোধ্র, লোধ।

পক্ষ্ম, ন, অক্ষিলোম (Eye lashes), চক্ষুর পাতার প্রান্তস্থ লোম।

পক্ষ্মশোত, (Tarsal opthalmia) চক্ষুর পাতার অভ্যন্তর দিকে পামা রোগ।

পঙ্কজ, পঙ্কজন্ম, ন, পদ্ম।

পঙ্কেরুহ, ন, পদ্ম।

পঙ্কচার, (Puncture) সূক্ষ্ম মুখ অস্ত্র দ্বারা কৃত ক্ষত।

পঙ্কটম, (Punctum) বিন্দু, ক্ষুদ্র বস্তু।

পঙ্কটা, (Puncta) পঙ্কটমক শব্দের বহুবচন।

পংক্তিবীজ, পু, বর্ব্বুর বৃক্ষ।

পঙ্গুলাহারিণী, স্ত্রী, শিমূড়ী ক্ষুপ।

পচৎপুট, ন, সূর্য্যমণি বৃক্ষ।

পচনী, স্ত্রী, বনবীজ পূরক।

পচম্পচা, স্ত্রী, দারুহরিদ্রা।

পচ্যমান, (Pustular) যাহাতে পূয উৎপন্ন হয়।

পজ, (Pause) বিরাম।

পজিটিভ, (Positive) স্বাভাবিক অপেক্ষা অধিক তাড়িত বিশিষ্ট।

পঞ্চ, (Punch) দাঁতের গোড়া তুলিবার অস্ত্র বিশেষ।

পঞ্চকর্ম্ম, ন, পঞ্চবিধ শারীরিক চিকিৎসা ;—বমন, বিরেচক, নস্য, নিরুহ ও অনুবাসন।

পঞ্চকৃতা, পু, পক্তপোড় বৃক্ষ।

পঞ্চকোল, ন, পিপুল, পিপুল মূল, চক্রি, চিতা মূল ও শুণ্ঠী। পাচন বিশেষ ; (গুণ) পিত্তকোপনক, শূল গুল্মোদর নাশক, ক্ষীক্ষোক্ষ, পাচক, দীপক, কটু এবং রুচিকর।

পঞ্চগণযোগ, পু, মিলিত শালপর্ণী, বৃহতী, পৃশ্নিপর্ণী, কণ্টকারী ও গোক্ষুর।

পঞ্চগব্য, ন, দধি, দুগ্ধ, ঘৃত, গোমূত্র ও গোময় এই পাঁচ প্রকার গব্য দ্রব্য।

পঞ্চগুপ্তিরসা, স্ত্রী, পৃক্কা।

পঞ্চতিক্ত, ন, নিম, গুলঞ্চ, বাসক, পলতা ও কণ্টকারী।

পঞ্চতৃণ, ন, কুশ, কাশ, শর, কৃষ্ণেক্ষু ও উলু।

পঞ্চনিম্ব, নিম্ব বৃক্ষের পত্র, ত্বক্, পুষ্প, ফল ও মূল।

পঞ্চপর্ণিকা, স্ত্রী, গোক্ষুরী ক্ষুপ।

পঞ্চপল্লব, ন, আম্রাদি পত্র পঞ্চক ও বিম্ব এই পঞ্চ বৃক্ষের পত্র।

পঞ্চপিত্ত, ন, বরাহ, ছাগ, মহিষ, মৎস্য ও ময়ূর এই পঞ্চ জীবের পিত্ত।

পঞ্চম স্নায়ুযুগ্ম, (Fifth pair of nerves) মুখমণ্ডল ও মস্তকস্থিত জ্ঞানসাধক প্রধান স্নায়ু যুগল।

পঞ্চমুখী, স্ত্রী, বাসক, জবাপুষ্পবিশেষ।

পঞ্চমূত্র, ন, গো, ছাগী, মেষী, মহিষী ও গর্দ্দভী ইহাদিগের মূত্র।

পঞ্চমূলী, ন, বিল্ব, শোনা, গাম্ভারী, পারুল ও গণিয়ারী ইহাদিগের পঞ্চমূলকে বৃহৎপঞ্চমূল কহে। শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর ইহাদিগের মূলকে স্বল্পপঞ্চমূল কহে। কুশ, কাস, শর, উলু ও কৃষ্ণেক্ষু ইহাদের মূল তৃণপঞ্চমূল। কুশমূল স্থানে নলমূল, ও উলুমূলের স্থানে বেণার মূলও ব্যবহার করা যায়।

পঞ্চমূলী, স্ত্রী, স্বল্প পঞ্চমূল।

পঞ্চরত্ন, ন, স্বর্ণ, হীরক, নিলকান্তমণি, পদ্মরাগ ও মুক্তা।

পঞ্চরসা, স্ত্রী, আমলকী।

পঞ্চরক্ষক, স্ত্রী, পক্তপৌড় বৃক্ষ।

পঞ্চলবণ, ন, কাচ, সৈন্ধব, সামুদ্র, বিট ও সৌবর্চ্চল।

পঞ্চলোহ, ন, সৌরাষ্ট্র লৌহ।

পঞ্চলোহক, ন, সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ ও সীসক।

পঞ্চবল্কল, ন, বট, যজ্ঞডুম্বুর, অশ্বথ, প্লক্ষ ও বেতস; (গুণ) হিম, গ্রাহী, ব্রণ শোথ বিসর্পজিৎ।

পঞ্চশূরণ, পু, অত্যম্লপর্ণী, কাণ্ডীর, মালাকন্দ, শূরণ ও শ্বেতশূরণ।

পঞ্চশৈরীষক, ন, শিরীশবৃক্ষের পুষ্প, মূল, ফল, পত্র ও ছাল।

পঞ্চসিদ্ধৌষধি, পু, পঞ্চপ্রকার ওষধি বিশেষ; যথা—তৈলকন্দ, সুধাকন্দ, ক্রোড়কন্দ, রুদন্তিকা ও সর্পাক্ষী।

পঞ্চসুগন্ধক, ন, লবঙ্গপুষ্প, কক্কোল পুষ্প, কাস্তপুষ্প, জাতিফল ও কর্পুর; অথবা কর্পুর, কক্কোল, লবঙ্গ, গুবাক ও জাতিফল।

পঞ্চাঙ্গ, ন, কোন বৃক্ষের ত্বক, পত্র, পুষ্প, মূল ও ফল।

পঞ্চাঙ্গুল, পু, এরণ্ড বৃক্ষ।

পঞ্চাঙ্গুলী, স্ত্রী, তক্রাহ্বা ক্ষুপ।

পঞ্চামৃতযোগ, পু, মিলিত গুড়চী, গোক্ষুর, তালমূলী, মুণ্ডিরী ও শতাবরী।

পঞ্চাম্ল, ন, কুল, দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস ও মাতুলুঙ্গ।

পঞ্চোপবিষ, ন, সিজ, আকন্দ, করবীর, লাঙ্গলী ও বিষমুষ্টি।

পঞ্জর, ন, পু, দেহের অস্থিবৃন্দ, কঙ্কাল।

পঞ্জল, ন, কোলকন্দ।

পঞ্জেণ্ট, (Pungent) তীব্র, সূক্ষ্ম সূক্ষ্ম কাঁটা ফুটিতেছে এরূপ অনুভবজনক।

পট, পু, পিয়াল বৃক্ষ।

পটল, ন, নেত্ররোগ বিশেষ, চক্ষুর পর্দ্দা (Coats of the eye), চক্ষুর এক স্বতন্ত্র পর্দ্দা বা ঝিল্লী।

পটাশ্‌ কষ্টিকা, (Custic Potash) কষ্টিক

পটাশ, দাহক ক্ষার বিশেষ। ইহার অপর নাম পটাশা ফিউজা, পটাশি হাইড্রোস। ক্রিয়া—বিশুদ্ধ দাহক; আভ্যন্তরিক প্রয়োগ নাই।

পটাশা ফিউজা, (Caustic Potash) কষ্টিক পটাশ।

পটাশিয়ম, (Potash) ক্ষার।

পটাশি য়্যাশিটাস, (Acetate of Potash) য়্যাসিটেট অফ পটাশ; ক্রিয়া—অল্প মাত্রায় মূত্র ও বর্দ্ধকারক; চারি আনা মাত্রায় বিরেচক; প্রস্রাবের অম্লত্ব নাশক। মাত্রা—মূত্রকরণার্থ ২০ হইতে ৬ গ্রেণ।

পটাশি কার্বনাশ, (Corbonate of Potosh) কার্বনেট অফ পটাশ। ক্রিয়া,—অম্লনাশক, পরিবর্ত্তক ও মূত্রকারক। মাত্রা—১০ হইতে ৩০।৬০ গ্রেং পর্য্যন্ত।

পটাশি ক্লোরাস, (Chlorate of Potash) ক্লোরেট অফ পটাশ। ক্রিয়া—পরিবর্ত্তক, শৈত্য ও মূত্রকারক। মাত্রা—৫ হইতে ২০।৩০ গ্রেং পর্য্যন্ত।

পটাশি টার্ট্রাস, (Tartrate of Potash) টার্ট্রেট অফ পটাশ। ক্রিয়া—বিরেচক ও মূত্রকারক। মাত্রা—বিরেচনার্থ ২ হইতে ৪ ড্রাং; মূত্রকরণার্থ ৬০ হইতে ১২০ গ্রেং। অম্ল, অম্লাধিক লবণ, সীস শর্করা, চূণের জল, ম্যাগ্নেসিয়া, ক্লোরাইড অফ ক্যালসিয়ম সহযোগে বিকৃত, অর্থাৎ অসম্মিলিত হইয়া গুণান্তর প্রাপ্ত হয়।

পটাশি টার্ট্রাশ এশিডা, (Acid Tartrate of potash) য়্যাসিড টার্ট্রেট অফ পটাশ। ইহাকে ক্রিম অফ টার্টারও বলে। ক্রিয়া—অল্প মাত্রায় শৈত্য ও মূত্রকারক, কিছু অধিক মাত্রায় বিরেচক; অধিক দিন সেবনে পরিপাক শক্তির হানি করে এবং শরীর শীর্ণ হয়। মাত্রা—বিরেচনার্থ ৬০ হইতে ১৮০ গ্রেণ। শৈত্য ও মূত্রকরণার্থ ২০ হইতে ৬০ গ্রেং।

পটাশি পার্ম্মেঙ্গ্যানস, (Parmanganate of potash) পার্ম্মাঙ্গ্যানেট অফ পটাশ। ক্রিয়া—আভ্যন্তরিক প্রয়োগে পরিবর্ত্তক; বাহ্যপ্রয়োগে—দাহক, দুর্গন্ধহর।

পটাশি বাইকার্ব্বনাস, (Bicarbonate of potasn) বাইকার্ব্বনেট অফ পটাশ। ক্রিয়া—অম্লনাশক, পরিবর্ত্তক ও মূত্রকারক। মাত্রা—১০ হইতে ৩০।৬০ গ্রেং।

পটাশি সলফাস, (Sulphate of potash)

সলফেট অফ পটাশ। ক্রিয়া—বিরেচক ও শৈত্যকারক; ইহার কোন উগ্রত্ব নাই, কিন্তু অধিক মাত্রায় অতি বিরেচক ও বিষক্রিয়াজনক। মাত্রা,—২০ হইতে ৬০ গ্রেং।

পটাশি সাইট্রাস, (Citrate of potash) সাইট্রেট অফ পটাশ। ক্রিয়া—ঘর্ম্ম, মূত্র এবং শৈত্যকারক। মাত্রা—২০ হইতে ৬০ গ্রেং।

পটাশি সায়েনাইডম, সায়েনাইড অফ পটাশ।

পটাশিয়াই আইওডাইডম, (Iodide of Potassium) ক্রিয়া,—আইওডিনের ন্যায়, কিন্তু কিছু মৃদু। অম্ল এবং ধাতুঘটিত লবণের সহিত ইহার অসম্মিলন। মাত্রা—৩ হইতে ১০ গ্রেং।

পটাশিয়াই ব্রোমাইডম, (Bromide of Potassium) ব্রোমাইড অফ পটাশ। ক্রিয়া—পরিবর্ত্তক, উত্তেজক, স্নায়বীয় অবসাদক, শ্রবণক্রিয়া বর্দ্ধক, পোষক, জননেন্দ্রিয়ের অবসাদক এবং শ্লৈষ্মিক ঝিল্লীর, বিশেষতঃ স্বরযন্ত্রস্থ এবং গলমধ্যস্থ শ্লৈষ্মিক ঝিল্লীর স্পর্শহারক। মাত্রা—২ হইতে ২০ গ্রেং।

পটি, স্ত্রী, কুম্ভিকাদ্রুম।

পটীর, ন, মূলক, চন্দন, খদির।

পটু, ন, লবণ, পাংশুলবণ।

পটুক, পু, পটোল।

পটুতৃণক, ন, লবণ তৃণ।

পটুপত্রিকা, স্ত্রী, ক্ষুদ্রচঞ্চু ক্ষুপ।

পটুপর্ণিকা, স্ত্রী, ক্ষীরিণীবৃক্ষ।

পটুপর্ণী, স্ত্রী, স্বর্ণ ক্ষীরী।

পটোটজ, পু, ছত্রাক।

পটোল, পু, স্বনামখ্যাত প্রসিদ্ধ লতা ফল; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, সারক, পিত্তবলাশ কফকণ্ডূতি কণ্ঠাসৃগ্‌জ্বর দাহার্ত্তি নাশী, অধিকন্তু পাচক, হৃদ্য, বৃষ্য, লঘু, অগ্নিদীপক, স্নিগ্ধ এবং কাসদোষত্রয় ও কৃমিনাশী। (উহার মূলের গুণ) বিরেচক। (ডাঁটার গুণ) শ্লেষ্মাহারক; (পত্রের গুণ) পিত্তহারক।

পটোলিকা, স্ত্রী, ফলবিশেষ, ঝিঙ্গা।

পটোলী, স্ত্রী, জ্যোৎস্নী।

পট্ট, পু, ব্রণাদির বন্ধন, পটী।

পট্টরঙ্গ, ন, পত্তরঙ্গ, বকমকাষ্ঠ।

পট্টরঞ্জনক, ন, পত্তরঙ্গ, বকমকাঠ।

পট্টশাক, পু, নালিতা শাক।

পট্টিকা, স্ত্রী, পট্টিকাখ্য লোধ্র।

পট্টিকালোধ্র, পু, রক্তলোধ্র, পটিয়া লোধ; (গুণ) কষায়, শীতল, বাত

কফাস্রবিষনাশী, চক্ষুস্য, গ্রাহী, লঘু, পিত্তরক্ত পিত্তাতিসার শোথ নাশক।

পট্টিল, পু, পুতিকরঞ্জ।

পট্টিলোধ্র, পট্টিলোধ্রক, পু, পট্টিকালোধ্র।

পট্টী, স্ত্রী, পট্টিকালোধ। ন, পু, রক্তলোধ্র।

পডফিলম পল্টেটমম্যাণ্ড্রেক, মে এপেল, মার্কিন বৃক্ষ বিশেষ।

পডফিলাই রেজিনা, (Rasin of Podo phyllum) রেজিন অফ পডোফিলম;

পডেগ্রা, (Podegra) পদের বাত রোগ বিশেষ।

পডেগ্রা র‍্যাডিক্স, (Podophyllum root পডোফিলম রুট। ক্রিয়া—বিরেচক ও পিত্তনিঃসারক। অল্প মাত্রায় পরিবর্ত্তক ও শোষক। মাত্রা—বিরেচনার্থ অর্দ্ধ হইতে ১ গ্রেণ। পরিবর্ত্তনার্থ ষোল ভাগের এক ভাগ হইতে সিকি-গ্রেণ।

পপিউলস ট্রেমিউলয়ডিস্, আমেরিকান। য়্যাস্পেন, মার্কিন বৃক্ষ বিশেষ।

পলসেটিলা নাইগ্রিকান্স, মেডো য়্যানিমোন, ক্ষুপ বিশেষ।

পলসেটিলা নট্যালিয়েনা, আমেরিকান-পল্সেটিলা; ক্ষুপ বিশেষ।

পলিগোনম পঙ্কটেটম, স্মার্ট উইড) মার্কিন ক্ষুপ বিশেষ।

পলিপোরস অফিসিয়েনেলিস, লার্চ এগেরিক, মার্কিন ছত্রক বিশেষ।

পলিপোরস পিন্সাইকোলা, পাইন এগেরিক; মার্কিন ছত্রক বিশেষ।

পড়াশী, স্ত্রী, পলাশ।

পণাস্থি, পণাস্থিস, ন, কপর্দ্দক, কড়ি।

পণ্ডিত, পু, সিহ্লক।

পণ্যা, স্ত্রী, লঙ্কাকটকী, পিণ্যা।

পণ্যান্ধা, স্ত্রী, তৃণবিশেষ; (গুণ) সমবীর্য্য, তিক্ত, ক্ষার, সারক, তৎকাল শস্ত্রঘাত ব্রণ সংরোপক।

পতঙ্গ, ন, রক্তচন্দন, বৃক্ষবিশেষ, বকম; (গুণ) কটু, রুক্ষ, অম্ল, শীত, গৌল্য, বাতপিত্ত জ্বর বিস্ফোট উন্মাদ এবং ভূতনাশী।

পতনাবস্থা, (collaps stage) রোগীর যে অবস্থায় নাড়ী লুপ্ত ও সর্ব্বশরীর শীতল হইয়া যায়; হিমাঙ্গ।

পত্তুর, ন, রক্তচন্দন, বৃক্ষবিশেষ, বকম। পু, শালিঞ্চ শাক।

পত্র, ন, তেজপত্র; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কফ বাত বিষ বস্তি কণ্ডূতি দোষ নাশক, মুখ মস্তক শোধনক।

পত্রক, ন, তেজপত্র। পু, শালিঞ্চ শাক।

পত্রগুপ্ত, পু, ত্রিকন্টক, তেকাঁটা সিজ।

পত্রঙ্গ, ন, পত্রাঙ্গ, রক্তচন্দন।

পত্রতণ্ডুলী, স্ত্রী, যবতিক্তা।

পত্রতরু, পু, দুষখদির।

পত্রপুষ্প, পু, রক্ততুলসী।

পত্রপুষ্পক, পু, ভূর্জপত্র।

পত্রপুষ্পা, স্ত্রী, তুলসী, ক্ষুদ্রপত্র তুলসী।

পত্রবল্লী, স্ত্রী, রুদ্রজটা, পলাসী লতা।

পত্রশাক, পু, ষড়বিধ শাকান্তর্গত পত্রাত্মক শাক।

পত্রশ্রেণী, স্ত্রী, দ্রবন্তী।

পত্রশ্রেষ্ঠ, পু, বিল্ব।

পত্রসুন্দর, পু, গিমেশাক।

পত্রাখ্য, ন, তেজপত্র, তালীশ পত্র।

পত্রাঙ্গ, ন, রক্তচন্দন, বকম কাষ্ঠ, ভূর্জ্জ, পদ্মকাষ্ঠ।

পত্রাঢ্য, ন, পিপ্পলী মূল, পর্ব্বত তৃণ।

পত্রাস্ত্র, ন, পতঙ্গ।

পত্রালু, পু, কামালু, ইক্ষুদর্ভা।

পত্রাবলি, স্ত্রী, গৈরিক।

পত্রিকাখ্য, পু, কর্পূর বিশেষ।

পত্রী, পু, তালবৃক্ষ, শ্বেতকিণিহী, গঙ্গাপত্রী, পাচী।

পত্রোপস্কর, পু, কাসমর্দ্দ।

পত্রোর্ণ, পু, শ্যোণাক বৃক্ষ।

পথিকা, স্ত্রী, কপিল দ্রাক্ষা।

পথিদ্রুম, পু, খদির বৃক্ষ, শ্বেত খদির।

পথ্য, ন, সৈন্ধব। স্ত্রী, চিকিৎসাদিতে হিতকর দ্রব্য। পু, হরিতকী বৃক্ষ। Diet.

পথ্যশাক, পু, তণ্ডুলীয় শাক।

পথ্যা, স্ত্রী, হরিতকী, মৃগের্ব্বারু, চির্ভিটা, বন্ধ্যা কর্কোটকী।

পদন্যাস, পু, গোক্ষুর।

পদাঙ্গী, স্ত্রী, হংসপদী।

পদাস্থি, (Metatarsas) পায়ের হাড়।

পদ্ম, ন, পু, স্বনামখ্যাত পুষ্প বিশেষ, পুষ্কর মূল, সীসক, পদ্মকাষ্ঠ।

পদ্মক, ন, পদ্মকাষ্ঠ, কুড়।

পদ্মকন্দ, পু, কমলকন্দ; (গুণ) কটু, বিষ্টম্ভী, রুক্ষ, রুচ্য, কষায়, কফপিত্ত কাশ তৃষ্ণা দাহ বিনাশী।

পদ্মকাষ্ঠ, ন, স্বনামপ্রসিদ্ধ কাষ্ঠ, ওষধি বিশেষ; (গুণ) শীতল, তিক্ত, রক্তপিত্তবিনাশী, মোহ দাহ জ্বর ভ্রান্তি কুষ্ঠ ও বিস্ফোট শান্তিকর।

পদ্মকী, পু, ভূর্জ্জ বৃক্ষ।

পদ্মকেশর, পু, ন, কিঞ্জল্ক।

পদ্মচারিণী, স্ত্রী, উত্তরাপথভব স্বনামখ্যাত বৃক্ষবিশেষ।

পদ্মদর্শনি, পু, শ্রীবাস, লোবান।

পদ্মতন্তু, পু, মৃণাল।

পদ্মনাল, ন, মৃণাল।

পদ্মপত্র, ন, পুষ্করমূল।

পদ্মপর্ণ, ন, পুষ্করমূল।

পদ্মপুষ্প, পু, কর্ণিকার বৃক্ষ।

পদ্মমুখী, স্ত্রী, দুরালভা।

পদ্মরাগ, পু, রক্তবর্ণ মণিবিশেষ; মাণিক।

পদ্মবর্ণক, ন, পুষ্কর মূল।

পদ্মবীজ, ন, কমলবীজ, পদ্মের বীজ; (গুণ) কটু, স্বাদু, পিত্ত ছর্দ্দি দাহাস্র ও শোষ নাশী, পাচক এবং রুচিকর, (বীজের গুণ) হিম, স্বাদু, কষায়, তিক্ত, গুরু।

পদ্মবীজাভ, ন, মখান্ন, মাখান।

পদ্মা, স্ত্রী, লবঙ্গ, পদ্মচারিণী, কঞ্জিকা। কুসুম্ভপুষ্প।

পদ্মাট, পু, চক্রমর্দ্দ।

পদ্মালয়া, স্ত্রী, লবঙ্গ।

পদ্মাবতী, স্ত্রী, পদ্মচারিণী।

পদ্মাহ্বী, স্ত্রী, পদ্মচারিণী।

পদ্মাক্ষ, ন, পদ্মবীজ।

পদ্মিনী, স্ত্রী, পদ্মলতা, পদ্ম, মৃণাল।

পদ্মিনীকণ্টক, পু, পদ্মকাঁটা, ক্ষুদ্ররোগ বিশেষ। (Lichen) লিকেন দেখ।

পদ্মোত্তর, পু, কুসুম্ভ।

পনস, পু, ফলবৃক্ষ বিশেষ, কাঁটাল; (ফলের গুণ) মধুর, সুপিচ্ছিল, গুরু, হৃদ্য, বলবীর্য্যবর্দ্ধক, শ্রমদাহ নাশক, রুচিকর, গ্রাহী, পরম দুর্জ্জর। (বীজের গুণ) ঈষৎ কষায়, মধুর, বাতল, গুরু, রুচ্য, ত্বগ্দোষ নাশক।

পনসিকা, স্ত্রী, কর্ণাভ্যন্তর জাত ব্রণবিশেষ।

পনসতালিকা, স্ত্রী, কণ্টকী ফল।

পন্নগ, পু, পদ্মকাষ্ঠ, ওষধিবিশেষ।

পন্নগকেশর, পু, নাগকেশর পুষ্প।

পন্নগী, স্ত্রী, সর্পিণী ক্ষুপ।

পন্‌স, (Pons) অংশদ্বয়ের মধ্যবর্ত্তী-পথ।

পন্‌স ভেরোলাই, (Pons varoli) এক ক্রসসেরিবেলী হইতে অপর ক্রসসেরি-বলি পর্য্যন্ত প্রসারিত চক্রাকার তন্তু-গুচ্ছ।

পনিশমেণ্ট, (Punishment) দণ্ড।

পপ্‌লিটিয়েল, (Popliteal) জানুর পশ্চাভাগ সম্বন্ধীয়।

পপ্‌লিটিয়স, (Popliteus) জানুপশ্চাৎ পেশী।

পম্‌গ্র্যানেট, (Pome-granate) দাড়িম্ব, ডালিম।

পমফোলিক্স, (Pompholix) বিম্বিকা, জল-বিম্বের ন্যায় একপ্রকার চর্ম্মরোগ।

পমরা, স্ত্রী, গন্ধদ্রব্যবিশেষ, সল্লকী।

পয়ঃ, ন, জল, দুগ্ধ।

পয়ঃকন্দা, স্ত্রী, ক্ষীরবিদারী।

পয়ঃপেটী, স্ত্রী, নারিকেল ফল।

পয়ঃফেণী, স্ত্রী, দুগ্ধফেণী ক্ষুপ।

পয়জন, (Poison) যে পদার্থ শরীরস্থ হইলে প্রাণ নষ্ট করিতে পারে; বিষ।

পয়জন নট, (Poison nut) কুচিলা।

পয়জনাস্, (Poisonous) বিষাক্ত।

পয়স্যা, স্ত্রী, দুগ্ধিকা, ক্ষীরকাকোলী, স্বর্ণক্ষীরী, অর্কপুষ্পিকা, কুটুম্বিনী ক্ষুপ, আমিক্ষা, ছানা।

পয়স্বিনী, স্ত্রী, কাকোলী, ক্ষীরকাকোলী, দুগ্ধফেণী, ক্ষীরবিদারী, জীবন্তী।

পয়েন্টীং, (Pointing) স্ফোটকাদির সূক্ষ্মাগ্র বা মাথা হওয়া।

পয়োগড়, পয়োঘ্ন, পু, ঘনোপল, মেঘসম্ভূত শিলা।

পয়োধর, পু, নারিকেল, কশেরু, স্ত্রীস্তন।

পয়োধিক, ন, সমুদ্রফেণ।

পয়োর, পু, খদির।

পয়োরস, (Chyle) ভুক্তান্ন জীর্ণ হইয়া যে দুগ্ধবৎ শুভ্রবর্ণ রসের ন্যায় পদার্থ উৎপন্ন হয়।

পয়োলতা, স্ত্রী, ক্ষীরবিদারী।

পরপুষ্ট মহোৎসব, পু, আম্র।

পরপুষ্টা, স্ত্রী, বৃক্ষোপরি জাত লতাবিশেষ। পরসাড়া, পরগাছা।

পরদা, (Membrane) ঝিল্লী, আবরণ।

পরবর্ত্তীপীড়া, (Lequilue) তরুণ রোগের ফলস্বরূপ গৌণ রোগ।

পরমা, স্ত্রী, চ'ই।

পরমায়ু, ন, আয়ু, জীবিতকাল (Life)

পরমায়ুস, পু, অসনবৃক্ষ।

পরমেষ্ঠিনী, স্ত্রী, ব্রাহ্মী, বামুনহাটী।

পররু, পু, কেশরাজ।

পরশু, পু, কুড়লিয়া, কুড়ুল।

পরশুধর, ন, কোদালিয়া।

পরা, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী।

পরাক্পুষ্পী, স্ত্রী, অপামার্গ।

পরাগ, পু, পুষ্পরেণু, চন্দন।

পরাঙ্গপুষ্ট, (Parasites) কৃমি, উৎকুনাদি শরীরস্থ কীট।

পরাঙ্গপুষ্টীয় পীড়া, (Parasites Disease) কৃমিকীটাদিজনিত রোগ।

পরাৎপ্রিয়, পু, তৃণবিশেষ।

পরাপর, ন, পরুষক।

পরারু, পু, কারবেল্ল।

পরাবত, ন, পরুষক।

পরাবেদী, স্ত্রী, বৃহতী।

পরাশ্রয়া, স্ত্রী, বৃক্ষোপরি জাত লতাবিশেষ, পরসাড়া, পরগাছা।

পরিংট্রিমর, (Purring Tremor) হৃদ্রোগে হৃৎপিণ্ডের উপরিভাগে বক্ষঃস্থলে হস্তার্পণ করিলে বিড়ালের শব্দের ন্যায় যে এক প্রকার বিশেষ কম্পন অনুভব হয়; রণৎকার।

পরিচারক, (Attendant) রোগীর শুশ্রূষাকারক।

পরিচারিকা, (Nurse) রোগীর সেবা শুশ্রূষা কারিণী স্ত্রীলোক।

পরিচালক, (Conductor) যে সকল পদার্থ এক প্রান্তে তাড়িৎ বা তাপ-গ্রহণ করিয়া অন্যাংশে পরিচালিত করে।

পরিণাম, (Sequel) নূতন রোগের শেষ ফলস্বরূপ পুরাতন রোগ।

পরিণাম শূল, পু, শূলরোগ বিশেষ।

পরিপাকিনী, স্ত্রী, ত্রিবৃতা।

পরিপোষণ, (Nutrition) অন্ন পানীয় প্রভৃতি রক্তাদিতে পরিণত হইয়া দেহের পুষ্টি সাধন।

পরিবর্ত্তক, (Alterative) ধাতু পরি-বর্ত্তক, যে সকল ঔষধ বিরেচণ ব্যতীত শরীরের আময়িক ভাব দূর করে।

পরিবর্ত্তিকা, (Phymosis) মুদা, যে লিঙ্গমুণ্ডাবরক চর্ম্ম বিকসিত হয় না। (বৈদ্যকে) মেঢ্রজাত রোগ বিশেষ।

পরিপিষ্টকা, ন, সীসক।

পরিপুষ্করা, স্ত্রী, গোডুম্বা, রাজ গোমক।

পরিপেল, ন, কৈবর্ত্তী মুস্তক।

পরিপ্লুতা, স্ত্রী, মদিরা, যোণিরোগ বিশেষ, মৈথুনকালে বেদনাবতী যোনী।

পরিব্যাধ, পু, অম্বুবেতস, দ্রুমোৎপল।

পরিব্রাজি, স্ত্রী, শ্রাবণী, থুলকুঁড়ি।

পরিস্রুৎ, পরিশ্রুতা, স্ত্রী, মদিরা।

পরিষেক, (To water) জলসেচন।

পরিস্রব, গর্ভপরিস্রব, ফুল।

পরিস্রুত, (Distilled) চোয়ন, ক্ষরিত।

পরুষ, ন, নীল ঝিণ্টী, পুরুষফল।

পুরূষ, ন, ফলবৃক্ষভেদ, পুরুষফল, ফলশা; (গুণ) অম্ল, কটু, কফার্ত্তিবাত নাশী; (তদান ফল গুণ) পিত্তদ ও উষ্ণ; (পাকা ফলের গুণ) মধুর, রুচিপ্রদ, পিত্তশোকহর, তর্পণক।

পরূষক, ন, ফলবৃক্ষভেদ, পরূষফল, ফল্সা।

পর্কটি, পর্কটী, স্ত্রী, প্লক্ষবৃক্ষ, পাকুড়; (গুণ) কষায়, শিশির, ব্রণ যোনিরোগ নাশক, দাহপিত্ত কফাস্রঘ্ন, শোথ-বিনাশী এবং রক্তপিত্তঘ্ন।

পর্জনী, স্ত্রী, দারুহরিদ্রা।

পর্জন্যা, স্ত্রী, দারুহরিদ্রা।

পর্ণ, ন, তাম্বুল, পান। পু, পলাশ গাছ।

পর্ণচোরক, পু, চোরকনামক গন্ধদ্রব্য।
পর্ণভেদিনী, স্ত্রী, প্রিয়ঙ্গু।
পর্ণমাচাল, পু, কর্ম্মরঙ্গ বৃক্ষ।
পর্ণলতা, স্ত্রী, নাগবল্লী।
পর্ণবল্লী, স্ত্রী, পলাশী লতা।
পর্ণসি, পু, পদ্ম, শাক।
পর্ণাস, পু, তুলসী।
পর্ণিনী, স্ত্রী, মাসপর্ণী।
পর্ণিনীদ্বয়, ন, মুদ্গপর্ণী ও মাসপর্ণী।
পর্ণীচতুষ্টয়, ন, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, মুদ্গ-পর্ণী ও মাসপর্ণী।
পর্ণীর, ন, বালা।
পর্পট, পু, ক্ষুপবিশেষ, ক্ষেতপাপড়া; (গুণ) শীতল, তিক্ত, পিত্ত শ্লেষ্ম জ্বর রক্ত দাহ অরুচি গ্লানি মদ ভ্রম নাশী।
পর্পটিক্রম, পু, কুম্ভীবৃক্ষ।
পর্পটী, স্ত্রী, সৌরাষ্ট্রমৃত্তিকা, পিষ্টকভেদ, উত্তর দেশীয় সুগন্ধি দ্রব্য বিশেষ; (গুণ) তুবর, তিক্ত, শিশির, বর্ণকর, লঘু, বিষ ব্রণ কণ্ডু কফ পিত্তাস্র ও কুষ্ঠ নাশী।
পর্যঙ্কপাদিকা, স্ত্রী, কোলশিম্বী।
পর্ব্ব, ন, দৈহিক গ্রন্থি।
পর্ব্বক, ন, উরুপর্ব্ব, হাঁটু।
পর্ব্বতৃণ, ন, তৃণভেদ, (হিন্দী) সও; (গুণ) বল ও পুষ্টিকর, রুচ্য, পশু-দিগের সদা প্রিয়।
পর্ব্বতমোচা, স্ত্রী, গিরিকদলী।
পর্ব্বতবাসিনী, স্ত্রী, আকাশমাংসী।
পর্ব্বপুষ্পী, স্ত্রী, রামদূতী বৃক্ষ, নাগদন্তী।
পর্ব্বমূলী, স্ত্রী, শ্বেতা।
পর্ব্বযোনি, পু, ইক্ষু প্রভৃতি।
পর্ব্বরুট, পু, দাড়িম্ব।
পর্ব্ববল্লী, স্ত্রী, মালাদূর্ব্বা।
পর্য্যায়, (Alternately) পালামত, পর পর ক্রমাগত।
পর্য্যায়জ্বর, (Intermittent fever) পালাজ্বর।
পর্য্যায়নিবারক, (Anti periodic) পালানাশক।
পর্য্যায়শীল, (Periodic) যাহা নির্দ্ধারিত কালের পর নিয়মিতরূপে উপস্থিত হয়।
পর্য্যুৎপ্লাবন, (Extravasation) এক্স-ট্রাভেসেসন দেখ।
পর্শুকা, স্ত্রী, পার্শ্বাস্থি, (Rib) পাঁজরা।
পল, ন, আট তোলা পরিমাণ।
পলক্যা, স্ত্রী, পলঙ্কা শাক।
পলঙ্কর, পু, পিত্ত।
পলঙ্কষ, পু, কণ গুগ্গুলু।
পলঙ্কষা, স্ত্রী, গোক্ষুরক, রাস্না, গুগ্গুলু,

কিংশুক, মুণ্ডিরী, লাক্ষা, ক্ষুদ্র গোক্ষুরক, মহাশ্রাবণী।

পল্‌সী, (Palsy) পক্ষাঘাত।

পল্‌প, (Pulp) ফলের শাঁস, ফলের শাঁসের আকার বিশিষ্ট শরীরাংশ।

পল্‌ভ, (Pulv) পল্‌ভিস্ শব্দের সংক্ষেপ, চূর্ণ।

পল্‌ভারিজেশন, (Pulverisation) চূর্ণকরণ।

পল্‌ভারিস, (Pulveris) চূর্ণ।

পলভিস্ পেট্রম, (Pulvis Patrum) পেরুভিয়েন বার্ক। ইহা হইতে কুইনাইন উৎপন্ন হয়।

পল্‌মো, (Pulmo) লাটিন ভাষায় ফুস্‌ফুসের নাম ; ফুস্‌ফুসবাচক পূর্ব্বপদ।

পলমোনেরি, (Pulmonery) ফুস্‌ফুস্ সম্বন্ধীয়।

পল্‌স, (Pulse) নাড়ী, স্পর্শ দ্বারা অনুভূত ধমনীর স্পন্দন।

পল্‌সেশন, (Pulsation) হৃৎপিণ্ড ও ধমনীর স্পন্দন, প্রদাহিত স্থানে দপ্‌দপ্ অনুভূতি।

পলল, ন, মাংস। পঙ্ক, তিলচূর্ণ।

পললজ্বর, পু, পিত্ত।

পললাশয়, প, গণ্ডরোগ।

পলাগ্নি, পু, পিত্ত।

পলাঙ্গ, পু, শিশুমার।

পলাণ্ডু, পু, কন্দবিশেষ, পেঁয়াজ ; (গুণ) কটু, বল্য, কফপিত্ত বস্তিদোষনাশী, গুরু, বৃষ্য, রোচক।

পলান্ন, ন, মাংসাদিযুক্ত সিদ্ধান্ন।

পলালদোহদ, পু, আম্রবৃক্ষ।

পলাশ, পু, স্বনামখ্যাত বৃক্ষ ; (গুণ) কষায়, উষ্ণ, কৃমিদোষনাশী ; (বীজের গুণ) পামকণ্ডূতি দদ্রু ও তগ্‌দোষনাশী। (ফুলের গুণ) উষ্ণ, কণ্ডূকুষ্ঠনাশী। ফুল চারি প্রকার ; যথা—রক্তপীত সিতোনিল।

পলাশক, পু, শঠী, পলাশ বৃক্ষ।

পলাশপর্ণী, স্ত্রী, অশ্বগন্ধা।

পলাশাখ্য, পু, নাড়ীহিঙ্গু।

পলাশান্তা, স্ত্রী, গন্ধপত্রা।

পলাশিক, স্ত্রী, ভূমিকুষ্মাণ্ড।

পলাশী, পু, ক্ষীরী বৃক্ষ। স্ত্রী, লাক্ষা, লতাবিশেষ ; (গুণ) মধুর, অম্ল, মুখদোষ ও অরোচক নাশী, পথ্য ও পিত্তকোপকর।

পলি, (Poly) বহু বা অধিকবাচক পূর্ব্বপদ।

পলি ইউরিয়া, (Paly-uria) অতিরিক্ত মূত্রস্রাব।

পলি ইড্রোসিস্ (Polyidrosis) অতিরিক্ত ঘর্ম্মস্রাব।

পলিইমিয়া, (Polyaemia) রক্তাধিক্য।

পলিউশন, (Pollution) স্ত্রীপুরুষে সঙ্গম ব্যতীত কৃত্রিম উপায়ে কামোদ্দীপনা ও শুক্রস্রাব।

পলিওসিস, (Poliosis) কেশের অকাল পক্বতা।

পলিওরেক্সিয়া, (Palyorexia) অতিরিক্ত ক্ষুধা।

পলিকাইলিয়া, (Polychilia) কাইলের আধিক্য ; কাইল দেখ।

পলিকোপরিয়া,(Polycopria)মলাধিক্য।

পলিক্রেষ্ট, (Palychrest) বহু রোগ আরোগ্যকর ঔষধ।

পলিডিপ্সিয়া, (Polydipsia) অতিরিক্ত পানেচ্ছা।

পলিডেক্রিয়া, (Polydacria) অতিরিক্ত অশ্রুস্রাব।

পলিত, ন, জরাহেতু কেশাদির শুক্লতা, শৈলজ, (Grey hairs) অকালে চুল পাকা।

পলিপ্টোম, (Polyptome) পলিপস ছেদনার্থ অস্ত্র।

পলিপ্ট্রাইট, (Polyptrite) জরায়ুর পলিপস নিষ্পেষণার্থ অস্ত্রবিশেষ।

পলিপস, (Polypus) জরায়ু, নাসিকা, স্বরযন্ত্রাদির শ্লৈষ্মিক ঝিল্লীতে উৎপন্ন এক প্রকার অর্ব্বুদ। বহুপাদ।

পলিপাই, (Polypi) পলিপস শব্দের বহুবচন।

পলিপয়েড, (Polypoid) পলিপস সদৃশ।

পলিফার্মেসী, (Polypharmacy) বহুসংখ্যক ঔষধের ব্যবস্থা।

পলিসাইথিমিয়া, (Polycythæmia) রক্তের লোহিত অণুর বর্দ্ধিত অবস্থা।

পলিসার্সিয়া, (Polysarcia) মেদাধিক্য।

পলিহিড্রাল, (Polyhedral) বহুপার্শ্ব-বিশিষ্ট।

পল্লব, পু, নবপত্রযুক্ত শাখাগ্র পর্ব্ব।

পল্লবদ্রু, পু, অশোক বৃক্ষ।

পল্লিবাহ, পু, তৃণবিশেষ।

পব, ন, গোময়।

পবনাল, পু, ধান্যবিশেষ, দেধান ; (গুণ) হিত, স্বাদু, লোহিত, শ্লেষ্মপিত্তনাশী, অবৃষ্য, তুবর, রুক্ষ, ক্লেদকর এবং লঘু।

পবনোম্বুজ, ন, পরুষ।

পবিত, ন, মরিচ।

পবিত্র, ন, কুশ, তাম্র, ঘৃত, মধু। পু, তিলবৃক্ষ, পুত্রবীজ বৃক্ষ।

পবিত্রক, পু, কুশ, দমনক, অশ্বথ, উদম্বর।

পবিত্রধান্য, ন, যব।

পবিত্রা, স্ত্রী, তুলসী, হরিদ্রা, অশ্বথবৃক্ষ।

পশুপল্বল, ন, কৈবর্ত্তীমুস্তক।

পশুমোহনিকা, স্ত্রী, কটুীলতা।

পশুহরিতকী, স্ত্রী, আম্রাতক ফল।

পষ্টিউল, (Postule) পূযপূর্ণ পীড়কা, পূযবটী।

পষ্টিউলার, পশ্চিউলার, (Postular) পূয-বিশিষ্ট পচ্যমান।

পষ্টিরিয়ার, (Posterior) পশ্চাদ্বর্ত্তী।

পশ্চাৎগ্রীবা, (Back of the neck) গ্রীবাপৃষ্ঠ।

পশ্চাদাবর্ত্তন, (Retroversion) পশ্চা-দ্দিকে ঘুরিয়া থাকা।

পসোলজি, (Posology) ঔষধের মাত্রা-তত্ত্ব।

পস্থুঃমস, (Posthumus) পিতার মৃত্যুর পর জন্ম, অথবা মাতার মৃত্যুর পর গর্ভ হইতে নিঃসারিত।

পস্থিকা, স্ত্রী, বারপ্রশ্নী।

পাংশু, পু, পর্পট, কর্পূর বিশেষ।

পাংশুকাসীস, ন, কাসীস।

পাংশুচত্বর, পু, ঘনোপল।

পাংশুজ, ন, পাংশুলবণ, পাঙ্গালোন; (গুণ) ভেদক, পাচক, পিত্তকর; যবক্ষার।

পাংশুপত্র, ন, বাস্তুক।

পাংশুরাগিনী, স্ত্রী, মহামেদা।

পাংশুল, পু, পূতিক, কাঁটাকরঞ্জ।

পাংশুলা, স্ত্রী, কেতকী।

পাইইউরিয়া, (Pyuria) সপূঁয মূত্র, মূত্রে পূঁযের বিদ্যমানতা।

পাইইমিয়া, (Pyæmia) রক্তে পূযের অবস্থিতি বশতঃ রক্তদুষ্টতা, পূঁযাত্মক রক্ত, ক্ষতোৎপন্ন বিগলিত পদার্থ রক্তের সহিত মিলিত হইয়া এই রোগ উৎপন্ন হয়।

পাইএমিসিস্, (Pyemisis) পূঁয বমন।

পাইও, (Pyo) পূঁযসূচক পূর্ব্বপদ।

পাইওজিনিয়া, (Pyogenia) পূঁযোৎপাদন।

পাইওরিয়া, (Pyorrhœa) পূঁযস্রাব।

পাইণ্ট, (Pint) দ্রব দ্রব্যের পরিমাণ বিশেষ; দশছটাক।

পাইনিয়েল, পিনিয়েল (Pineal) জ্ঞানা-রসের আকর।

পাইনিয়েল গ্ল্যাণ্ড, (Pineal gland) ক্ষুদ্র মস্তিষ্কের মুখস্থ গ্রন্থি বিশেষ।

পাইপার নাইগ্রাম, (Black pepper) গোল মরিচ; ক্রিয়া,—অল্পমাত্রায়

আগ্নেয়, বায়ুনিশাক ও উত্তেজক। মাত্রা,—চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেঃ।

পাইপার মেথিষ্টিকম, কাভা কাভা; মার্কিন ক্ষুপ বিশেষ।

পাইপিং, (Piping) বেণুবৎ।

পাইমেণ্টা, (Pimento) পাইমেণ্টো। স্বনামখ্যাত বৃক্ষের অপক্ব ফল, জামেকদ্বীপে জন্মে। ক্রিয়া.—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক। চূর্ণের মাত্রা, ১০—৩০ গ্রেঃ।

পাইরয়াইলিন, গন কটন।

পাইরিথ্রাই র‍্যাডিক্স, পেলিটরি রুট, আকরকরা।

পাইরিফরম, (Pyriform) পেয়ারা ফলের আকার।

পাইরেটিক, (Pyretic) জ্বরঘ্ন ঔষধ।

পাইরেক্সিয়া, (Pyrexia) জ্বর।

পাইরো (Pyro) অগ্নি বা উত্তাপ প্রয়োগ দ্বারা প্রাপ্তি সূচক পূর্ব্বপদ।

পাইরোজেনিকা, (Pyrogenic) অগ্নি বা জ্বর রোগের উৎপাদক।

পাইরোমেনিয়া, (Pyromania) গৃহ-দাহোন্মাদ।

পাইরোসিস্, (Pyrosis) মুখ দিয়া জল উঠা, জলের ন্যায় পাতলা পদার্থ বমন। মুখ প্রসেক।

পাইলস্, (Piles) অর্শ।

পাইলাইটিস্, (Pyelitis) বৃক্কবস্তি বা কিড্‌নির পেল্‌ভিমের প্রদাহ।

পাইলো কার্পাস পিশেটাস, জেবোরাণ্ডী।

পাইলো কার্পিন, জেবোরাণ্ডির বীর্য্য।

পাইলূলা, (Pilula) বটীকা।

পাইলোরাস, (Pylorus) আমাশয়ের নিম্নদিকের মুখ।

পাইসিফরম, (Pisiform) মটরের আকার।

পাউচ, (Pouch) থলী, নবজাত শিশুর মুখ ও মস্তকাবরক পরদা।

পাউডার, (Powder) চূর্ণ, গুঁড়া।

পাংশব, পু, লবণ বিশেষ, পাঙ্গালবণ; (গুণ) তীক্ষ্ণ, অত্যুষ্ণ, কটু, তিক্ত, দীপক, দাহশোষকর, গ্রাহী ও পিত্ত-কোপকর।

পাংশু, পু, পর্পট।

পাংশুকাসীস, ন, কাসীস।

পাংশুচত্তর, পু, ঘনোপল।

পাংশুজ, ন, পাংশুলবণ, পাঙ্গালোন; (গুণ) ভেদক, পাচক, পিত্তকর। যবক্ষার।

পাংশুপত্র, ন, বাস্তুক।

পাংশুরাগিনী, স্ত্রী, মহাভেদা।

পাংশুল, পু, পূতিক, কাঁটাকরঞ্জ।

পাংশুলা, স্ত্রী, কেতকী।

পাক, (Syrap) চিনিসহ পাচিত ঔষধের ফাণ্ট।

পাককৃষ্ণ, পু, কৃষ্ণফলপাক, পাণি-আমলা, পেনেলা।

পাককৃষ্ণ ফল, পু, কৃষ্ণফল পাক, পাণি-আমলা।

পাকজ, ন, কাচলবণ, পরিণাম শূল।

পাকফল, পু, ফলপাক, পাণিআমলা।

পাকরঞ্জন, ন, তেজপত্র।

পাকল, ন, কুষ্ঠৌষধি, কুড়।

পাকলি, স্ত্রী, বৃক্ষবিশেষ।

পাকলী, স্ত্রী, কর্কটী।

পাকযন্ত্র, (Digestive Organs) পরিপাকযন্ত্র। শরীরস্থ যে যন্ত্র দ্বারা ভুক্ত দ্রব্য পরিপাক পায়।

পাকশুক্লা, স্ত্রী, খড়ী।

পাকারি, পু, শ্বেতকাঞ্চন।

পাকাশয়, (Stomach) পাকস্থলী, আমাশয়।

পাকাশয়িক রস, (Gastric juice) আমাশয়িক রস। পাকস্থলী হইতে যে অম্লরস উৎপন্ন হইয়া ভুক্ত দ্রব্যকে পরিপাক করে।

পাক্য, ন, বিড়লবণ, পাংশুলবণ। পু, যবক্ষার, সোরা।

পাচক, ন, পঞ্চবিধ পিত্তান্তর্গত পিত্তবিশেষ।

পাচন, ন, দোষপাচক কাথৌষধ (Decoction), পরিপাককারক কিন্তু অগ্নিবর্দ্ধক নহে।

পাচনক, পু, টঙ্কন।

পাচনী, স্ত্রী, হরিতকী।

পাচী, স্ত্রী, লতাবিশেষ, পাচি; (গুণ) কটু, তিক্ত, উষ্ণ, কষায়, বাতদোষ গ্রহ ভূত বিকার নাশী, ত্বগ্‌দোষ প্রশমক এবং ব্রণরোগে উপকারক।

পাটদ, পু, কার্পাস।

পাটল, ন, পাটলী পুষ্প, গোলাপ ফুল। পু, আশু ধান্য; (গুণ) অতুষ্ণ, বদ্ধনিষ্যন্দী, ত্রিদোষকর। (Brown) পাটকিলে বর্ণ।

পাটলদ্রুম, পু, পুন্নাগ বৃক্ষ।

পাটলা, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, পারুল; (গুণ) তিক্ত, কটু, উষ্ণ, কফ বাত শোকাধ্মান বমি শ্বাস ও সান্নিপাতনাশী; (পুষ্পের গুণ) কষায়, মধুর হিম, ক্লেদ্য এবং কফাস্রনাশী; (ফলের গুণ) পিত্তাতিসার দাহনাশী, হিক্কাস্র ও পিত্তকর।

পাটলা পুষ্প সন্নিভ, ন, পদ্মকাষ্ঠ।

পাটলি, পু, স্ত্রী, পাটলা পুষ্প বৃক্ষ।

পাটলিকা, (Roseola) রোজিওলা দেখ।

পাটলী, স্ত্রী, কটভীবৃক্ষ, মুষ্কবৃক্ষ, পারুল।

পাটহিকা, স্ত্রী, গুঞ্জা।

পাটী, স্ত্রী, বলাক্ষুপ।

পাট্য, ন, পট্টশাক।

পাঠা, স্ত্রী, লতাবিশেষ, আকনাদি লতা; (গুণ) তিক্ত, গুরু, উষ্ণ, বাতপিত্ত-জ্বর, পিত্তদাহাতিসার ও শূল নাশী, ভগ্নসন্ধানকর।

পাঠিকা, স্ত্রী, লতা বিশেষ, আকনাদি লতা।

পাঠী, স্ত্রী, চিত্রক বৃক্ষ, চিতামূল।

পাঠীকুট, পু, চিত্রক।

পাঠীন, পু, গুগ্‌গুলুদ্রুম; (গুণ) শ্লেষ্মল, স্নিগ্ধ, মধুর, কষায়, বল্য, বৃষ্য, পাকে কটু, রোচক ও বাত পিত্তজিৎ।

পাণবসন্ত, (Chicken pox) জলবসন্ত।

পাণি, পু, কুলিক বৃক্ষ, কুলিয়াকাড়া।

পাণিতল, ন, কর্ষ পরিমাণ, ২ তোলা।

পাণিভুক্, পু, উড়ুম্বর বৃক্ষ।

পাণিমর্দ্দ, পু, করমর্দ্দ।

পাণীতল, ন, তোলকদ্বয়।

পাণ্ডর, ন, কুন্দপুষ্প, গৈরিক। ন, মরুবক বৃক্ষ।

পাণ্ডরপুষ্পিকা, স্ত্রী, শীতলা বৃক্ষ।

পাণ্ডু, পু, স্বনামখ্যাত রোগ, পাণ্ডুর ফলী ক্ষুপ, পটোল। স্ত্রী, মাষপর্ণী, মাষাণি। (Jaundice) কাঁওলা, কামল, নেবা।

পাণ্ডুকণ্টক, পু, অপামার্গ।

পাণ্ডুতরু, পু, ধব বৃক্ষ।

পাণ্ডুনাগ, পু, পুন্নাগ বৃক্ষ।

পাণ্ডুপত্রী, স্ত্রী, রেণুকা।

পাণ্ডুফল, পু, পটোল।

পাণ্ডুফলা, স্ত্রী, চির্ভিটা।

পাণ্ডুমৃৎ, স্ত্রী, খটী।

পাণ্ডুর, ন, শ্বিত্র রোগ। পু, কামলা রোগ।

পাণ্ডুরঙ্গ, পু, ফলশাক বিশেষ, পাটরাঙ্গা; (গুণ) কৃমি শ্লেষ্ম পিত্ত নাশক, তিক্ত, লঘু।

পাণ্ডুরদ্রুম, পু, কুটজ বৃক্ষ।

পাণ্ডুরফলী, স্ত্রী, ক্ষুপ বিশেষ; (গুণ) শিশির, গৌল্য, কৃচ্ছ্রাগ্রদোষ পিত্ত মূত্রাঘাত নাশী, বল্য এবং বৃষ্য।

পাণ্ডুরা, স্ত্রী, মাষপর্ণী।

পাণ্ডুরাগ, পু, মদনক বৃক্ষ।

পাণ্ডুরেক্ষু, পু, শ্বেতেক্ষু।

পাণ্ডুলোমশা, স্ত্রী, মাষপর্ণী।

পাণ্ডুশর্করা, স্ত্রী, রোগবিশেষ।

পাতাল, পু, ঔষধ পাকার্থ যন্ত্রবিশেষ।

পাতাল গরুড়ী, স্ত্রী, লতাবিশেষ। (হিন্দী) ছেউড়া ; (গুণ) মধুর, পিত্তদাহাস্র দোষ ও বিষদোষ নাশী, বৃষ্য, সন্তর্পক, রুচ্য।

পাতালনৃপতি, পু, সীসক, খর্পর।

পাত্র, ন, আঢ়ক, ৮ শের পরিমাণ।

পাথোজ, ন, পদ্ম।

পাদ, পু, চতুর্থ ভাগ (Quarter), চারিভাগের এক ভাগ।

পাদগণ্ডীর, পু, শ্লীপদ রোগ, গোদ (Gout) গাউট দেখ।

পাদদারী, পা কাটা।

পাদপরুহা, স্ত্রী, বন্দাক।

পাদরোহণ, পু, বট বৃক্ষ।

পাদবল্মীক, ন, শ্লীপদ রোগ, গোদ।

পাদস্ফোট, পু, একাদশ কুষ্ঠান্তর্গত তৃতীয় কুষ্ঠ, বিপাদিকা।

পাদস্বেদ, (Foot bath) ফুটবাথ দেখ।

পানস, ন, পনসম্ভব মদ্য।

পানাত্যয়, পু, মদাত্যয় রোগ। (Delirium Fremens) মদ্যপানজনিত অতি মত্ততা রোগ।

পানীয়, ন, পানার্হ দ্রব্যবিশেষ, পানা, সরবৎ।

পানীয় পৃষ্ঠজ, পু, কুম্ভী, পানা।

পানীয় ফল, পু, মখান্ন, মাখানা।

পানীয় মূলক, ন, সোমরাজি।

পানীয়ামলক, ন, প্রাচীনামলক. পানিআমলা ; (গুণ) দোষত্রয় ও জ্বরনাশী, মুখশুদ্ধি ও মলবন্ধকারী, অম্ল ও স্বাদু।

পানীয়ালু, পু, কন্দবিশেষ ; (গুণ) ত্রিদোষনাশী, সন্তর্পক।

পানীয়াম্লা, স্ত্রী, বল্বজা।

পাপঘ্ন, পু, তিল।

পাপচেলিকা, স্ত্রী, পাঠা, আকনাদী।

পাপরোগ, পু, মসূরিকা, বসন্ত রোগ।

পাপশমনী, স্ত্রী, শমী বৃক্ষ।

পাম, ন, বিচর্চ্চিকা রোগ।

পামঘ্ন, পু, গন্ধক।

পামঘ্নী, স্ত্রী, কটুকা।

পামরোদ্ধারা, স্ত্রী, গুড়ূচী।

পামা, পু, কচ্ছুরোগ, পাঁচড়া। (Excema) চুলকণা বিশেষ; ইহা দেখিতে পাঁচড়ার ন্যায় বটে কিন্তু তদ্রূপ ছোঁয়াটিয়া নহে, আর বিক্ষিপ্ত অর্থাৎ এখানে সেখানে না থাকিয়া অনেকগুলি একত্র থাকে। ইহা হইতে পূঁষ নির্গত হইয়া যদি কাপড়ে লাগে ও তাহা শুকায়, তাহা হইলে শক্ত হইয়া যায়।

পামারি, পু, গন্ধক।